হাতে পায় ধরেছে হাজার পাঁচ ছয়॥
বিকল হইয়া উঠে বাড় বাড় করে।
প্রাণপণে যত টানে তত যায় সরে॥
পিছলিয়া যায় পা ছিঁড়ে ছাড়ে নাই।
মরি মরি করি আইল মহেশের ঠাঁঞি॥
মুকুন্দে মগন ছিল মহেশের মন।
জানে নাই ছিনা জোঁক ধরেছে কখন॥
ভীমে দেখি বলে ভোলা ভয় নাই তোর।
আপনার দেহ দেখ প্রাণ রাখ মোর॥

---

(১) বৃদ্ধ=বৃদ্ধ শিবঠাকুর।

(২) দেড় প্রহরে।

(৩) দুর্গা শিবের অভিপ্রায় (অর্থাৎ কৃষিকার্য্য লইয়া থাকিবেন, গৃহে আসিবেন না) বুঝিয়া দুই প্রকারের জোঁক পাঠাইলেন।

(৪) চিনা জোঁক; ইহারা ডাঙ্গায় ঘাসবনে থাকে।

(৫) আইলের।

ডাক নিবারণ।

চেয়ে চন্দ্রচূড় চূণে লুণে দিল ঘসে।
রক্ত বান্তি করি মৈল সব গেল খসে॥
যুক্তি করি জল কাটে জল বয়ে যান।
অর্দ্ধ ভাদ্রপদ মাসে রৌদ্র পাইল ধান॥
পিছু পরিপূর্ণ করি বান্ধিলেন জল।
ডুবে রয় থাড় যেন দেখা যায় জল॥
আশ্বিন কার্ত্তিক মাসে নাহি করে হেলা।
পদাঘাতে যোগ মারে ঘারে দেই চেলা॥
ডাক সংক্রমণ দিনে ক্ষেতে পুতে নল।
কাত্তিকের কত দিনে কেটে দিল জল॥

ধান্য-বিকাশ।

ধরণী সুধন্যা হৈল ধান্য আইল ফুলে।
ভোলানাথ রহিলেন ভবানীকে ভুলে॥
চন্দ্রচূড় চরণ চিন্তিয়া নিরন্তর।
ভবভাব্য ভদ্র কাব্য (১) ভণে রামেশ্বর॥

শাখারীরূপে ছদ্ম-বেশী শিবের আত্ম-নিন্দা-চ্ছলে দুর্গার পরীক্ষা।

পরিহার মানি তোরে লো সুন্দরি পরিহার মানি তোরে।
যুবা বয়সে ছাড়িয়া মহেশে সতীত্ব জানাহ মোরে॥

শিব-নিন্দা।

নারীর কৌমারে পিতা রক্ষা করে
যৌবনে রক্ষক প্রভু।
বৃদ্ধে পুত্র পালে নারী তিন কালে
স্বতন্ত্রা নহে কভু॥ (২)
বৃদ্ধ বলি স্বামী শিবে ত্যজ তুমি
কেমন ধাড়য়া মেয়ে।
এ হেন রূপসী বাপ ঘরে বসি
বঞ্চ কার মুখ চেয়ে॥
সে বৃদ্ধ নির্দ্ধন তোমাগত প্রাণ
উভয়ে একাঙ্গ বট।

(১) 'ভদ্র কাব্য' কথায় তদ্রেতর সাধারণ্যে যে শিবের গান প্রচলিত ছিল, তৎপ্রতি সম্ভবতঃ ইঙ্গিত আছে।

(২) "পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে।
পুত্রস্তু স্থবিরে রক্ষেৎ স্ত্রিয়ো নাস্তি স্বতন্ত্রতা॥"

তারে করি ক্রোধ কিবা সাধ শোধ
 যৌবন করিলে নষ্ঠ॥

 এত যদি ছিল মনে।
তবে তপ করি পতি ত্রিপুরারি
 অঙ্গীকার কৈলে কেনে॥
কঠিন হৃদয় নাহি ধর্ম্ম-ভয়
 রাজকন্যা হৈলে বৃথা।
সতীর লক্ষণ বলি শুন শুন
 শাঁখারী মূর্খের কথা॥
বৃদ্ধ মূর্খ জড় রোগী দুঃখী বড়
 দুর্জ্জন দুভাগা পতি। (১)
দেব বুদ্ধে যেবা করে তার সেবা
 সে ধনী বলান সতী॥
কার্য্যে দাসীসমা পৃথ্বীসম ক্ষমা
 যুক্তে মন্ত্রী কথা মাধ্বী।
* * * ভোজনে জননী (২)
 সে ধনী বলায় সাধ্বী॥ (৩)
তোর সতীপণা সব গেল জানা
 শঙ্খ পরিবে ত পর।
রক্ষ রামেশ্বরে চল নিজ ঘরে
 স্বামীরে সন্তোষ কর॥

সতীর উত্তর।

শিবা বলে সয়া আমি শঙ্করের নারী।
তোর মত কত জনে শিখাইতে পারি॥
তবে আর কি তোমার বৃথা ডাকাডাকি।
ঘর করিতে হাণ্ডীয়ে হাণ্ডীয়ে হয় ঠেকাঠেকি॥ (৪)

---

(১) "বৃদ্ধো মূর্খশ্চ দরিদ্রো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভি র্ন হাতব্যো লোকেপ্সু ভিরপাতকী॥"
(২) "ক্রোধে দাস্যা * * * ভোজনে জননী-সমা।
বিপত্তৌ বুদ্ধি-দাত্রী চ সা নারী প্রাণ-দুর্লভা॥"
(৩) "আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা॥"
(৪) ঘর করিতে হইলে হাঁড়ীতে হাঁড়ীতে ঠেকাঠেকি হয়, অর্থাৎ মধ্যে মধ্যে কলহ হওয়া অপরিহার্য্য।

আছিল শখের সাধ চেয়েছিলাম শিবে।
তোমার কল্যাণে আশা পূর্ণ হৈল এবে॥
দশ দিন এসেছি দুদিন বৈ যাব।
তোমার মনে কি এথা চিরকাল রব॥
সূর্য্যের কিরণ যেন দেখ জগময়।
সূর্য্যের আশ্রিত কিন্তু সূর্য্য ছাড়া নয়॥
তেমতি জানিবে সখী গৌরী আর হর।
এক তিল দোঁহে ছাড়া নহে পরস্পর॥
শুনি ত্রিপুরার বাণী বলে ত্রিপুরারি।
সই তোর কথার বালাই লয়ে মরি॥

শিবের পুত্রগণ সহ আহার ও দুর্গার অন্নদান।

যোত্র করি পুত্র দুটী লয়ে দুই পাশে।
পাতিত পুরট পীঠে পুর হর বসে॥
তিন ব্যক্তি ভোক্তা এক অন্ন দেন সতী।
দুটী সুতে সপ্ত মুখ পঞ্চ মুখ পতি॥
তিন জনে একুনে বদন হৈল বার।
গুটি গুটি দুটী হাতে যত দিতে পার॥
তিন জনে বার মুখ পাঁচ হাতে খায়।
এই দিতে এই নাই হাঁড়ী পানে চায়॥
দেখি দেখি পদ্মাবতী (১) বসি এক পাশে।
বদনে বসন দিয়া মন্দ মন্দ হাসে॥
শুক্তা খেয়ে ভোক্তা চায় হস্ত দিয়া শাকে।
অন্ন আন অন্ন আন রুদ্রমূর্ত্তি ডাকে॥
কার্ত্তিক গণেশ ডাকে অন্ন আন মা।
হৈমবতী বলে বাছা ধৈর্য্য হয়ে খা॥
মুখগ মাএর বোলে মৌন হয়ে রয়।
শঙ্কর শিখায়ে দেন শিখিধ্বজ কয়॥
রাক্ষস ঔরসে জন্ম রাক্ষসীর পেটে।
যত পাব তত খাব ধৈর্য্য হব বটে॥
হাসিয়া অভয়া অন্ন বিতরণ করে।
ঈষদুষ্ণ সূপ দিল বেসারির পরে॥

(১) দুর্গার সহচরী।

লম্বোদর বলে শুন নগেন্দ্রের ঝি।
সুপ হৈল সাঙ্গ আন আর আছে কি॥
দড়বড় দেবী এনে দিল ভাজা দশ।
খেতে খেতে গিরিশ পাকের গান যশ॥
সিদ্ধি দল কোমল ধুতুরা ফল ভাজা।
মুখে ফেলে মাথা নাড়ে দেবতার রাজা।
উষণ চর্ব্বণে ফের কুয়াল ব্যঞ্জন।
এককালে শূন্য থালে ডাকে তিন জন॥
চটপট পিশিত মিশ্রিত করি যুষে।
বায়ুবেগে বিধুমুখী বাস্ত হয়ে আইসে॥
চঞ্চল চরণেতে নূপুর বাজে আর।
রণ রণ কিঙ্কিণী কঙ্কণ ঝণৎকার॥
দিতে নিতে গতায়াতে নাহি অবসর।
শ্রমে হৈল সজল কোমল কলেবর॥
ইন্দু-মুখে মন্দ মন্দ ঘর্ম্মবিন্দু সাজে।
মৌক্তিকের পংক্তি যেন বিদ্যুতের মাঝে॥
থরবাদ্যে সুপদ্যে নর্ত্তকী যেন ফিরে।
সুরস পায়স দিল পিষ্টকের পরে॥
হর-বধূ অম্লমধু দিতে আর বার।
খসিল কাঁচলি হৈল পয়োধর ভার॥
নাটা পাটা হাতে বাটা আলাইল কেশ।
গব্য বিতরণ কৈল দ্রব্য হৈল শেষ॥
ভোক্তার শরীরে মূর্ত্তি ফিরে ভগবতী।
ক্ষুধারূপ অন্তে কৈল শান্তিরূপে স্থিতি॥
উদর হইল পূর্ণ উঠিল উদ্গার।
অবশেষ গণ্ডূষ করিতে নারে আর॥
হট করে হৈমবতী দিতে আনে ভাত।
শার্দ্দূল-ঝম্পনে (১) সভে আগুলিল পাত॥
যশস্বিনী গোত্র জানি যাচে বারম্বার।
ক্ষমা কর ক্ষেমঙ্করী ক্ষোভ নাহি আর॥

---

(১) "হাঁহাঁ দেয়ং হুঁহুঁ দেয়ং দেয়ঞ্চ কর-কম্পনে।
শিরঃ-সঞ্চালনে দেয়ং ন দেয়ং ব্যাঘ্র-ঝম্পনে॥"

আচমন মুখশুদ্ধি সাঁরি স্বতসনে।
সন্তোষে বসিলা শিব শার্দ্দূল-অজিনে॥
পশ্চাতে পার্ব্বতী গিয়া পাখালিল হাত।
রাণী আইল আপনি সভারে দিতে ভাত॥
গঙ্গাজল দিয়া স্থল করিয়া কামিনী।
রত্নপীঠ রূপসী রাখিল তিন খানি॥
কন্যা পুত্র দুদিকে পর্ব্বত মধ্যভাগে।
গৌরীকে গৌরব করি দিয়াইল আগে॥
যত্ন করি জনক জননী দুই জন।
পূর্ণ করি পার্ব্বতীরে করাইল ভোজন॥
পশ্চাৎ পর্ব্বত লয়ে মৈনাক-নন্দন।
গৃহস্থ গৌরীর বাপ করিলা ভোজন॥(১)
দাস দাসী সকলে সকল দিয়া পিছু।
চেঁছে পুঁছে খাইল রাণী রেখেছিল কিছু॥(২)
চন্দ্রচূড়-চরণ চিন্তিয়া নিরন্তর।
ভবভাবা ভদ্র কাব্য ভণে রামেশ্বর॥

বিবিধ ধান্যের নাম।

হরিশঙ্কর হইল ধান্য হাতিপাঞ্জর হুড়া।
হরকুলি হাতিনাদ হিঙ্গি হলুদগুঁড়া॥
কেলেকাস্থ কেলেজীরা কালিয়াকার্ত্তিকা।
কয়াকচ্চা কাশীফুল কপোতকণ্ঠিকা॥
কালিন্দী কটকী কুসুমশালি কনকচূড়।
দুধরাজ দুর্গাভোগ পর্দ্দেশী ধুস্তূর॥
কৃষ্ণশালি কোঙরভোগ কোঙরপূর্ণিমা।
কন্নীলতা কনকলতা কামোদগরিমা॥
খেজুরথুপী খয়েরশালি ক্ষেমগঙ্গাজল।
গয়াবালি গোপালভোগ গৌরীকাজল॥
গন্ধমালতী গুয়াথুপী গুণাকর।
চামরচালি চন্দনশালি কৈল তার পর॥

(১) "গৃহস্থঃ শেষভুগ্ ভবেৎ।"

(২) সকলের ভোজন সমাধা হইলে হাঁড়ীতে যাহা কিঞ্চিৎ অবশিষ্ট ছিল, তাহাই খাইলেন।

ছত্রশালি জটাশালি জগন্নাথভোগ।
জামাইলাড়ু জলারাঙ্গী জীবনসংযোগ॥
ঝিঙ্গাশালি বলাইভোগ ধুস্থা বিলক্ষণ।
নিমুই নন্দনশালি রূপনারায়ণ॥
পাতসাভোগ পায়রারস পরম সুন্দর।
পিপীড়াবাক্ তিলসাগরী কৈল তারপর॥
বাঁকশালি বাকটবুয়ালি দাড়বঙ্গী।
বাঁকচুর বুড়ামাত্রা রামশালি রাঙ্গী॥
রাঙ্গামেটে রামগড় রঞ্জয় করি।
পুণ্যবতী ধান্য রাখে নাম ধরি ধরি॥
লক্ষ্মীপ্রিয় লাউশালি লক্ষ্মীকাজল।
ভোজনা ভবানীভোগ ভুবন উজ্জ্বল॥
সীতাশালি শঙ্করশালি শঙ্করজটা।
এই মত আর কত হৈল ধান্য ঘটা॥ (১)
লক্ষ নাম লক্ষ্মী হয়ে কৈল লোকহিত।
কত নাম কব তার কহিল কিঞ্চিৎ॥
পাংশুধারী পশ্চাৎ পার্ব্বতী কন কি।
প্রকাশিলা পূর্ণ কলা পর্ব্বতের ঝি॥

শিবের গান।

দ্বিজ কালিদাস—কালিকা-মঙ্গল—১৮শ শতাব্দী।

শিবের সন্ন্যাসি-বেশে গৌরীকে ছলনা।

[বৃহৎ গ্রন্থ। রচনা সরস ও প্রাঞ্জল; রচনা দৃষ্টে মনে হয় ভারতচন্দ্রের কালিকা-মঙ্গল রচিত হওয়ার অব্যবহিত পরে এই পুস্তক রচিত হইয়াছিল। কবি গার্হস্থ্য চিত্র অঙ্কন করিতে পটু।]

আজানু-লম্বিত জটা কপালে রুধির-ফোটা
রুধিরের অর্দ্ধচন্দ্র ভালে।
খুলে ফেলে বাঘাম্বর পরিলেন রক্তাম্বর
রুদ্রাক্ষের মালা পরে গলে॥

---

(১) এই নামগুলির সঙ্গে ১১৬ পৃষ্ঠায় প্রদত্ত শূন্য-পুরাণের ধান্যের নামের তুলনা করুন।

করে ছিল ডম্বুর আর শিঙ্গা সুমধুর
সে সকল পরিত্যাগ করে।
ছলিতে প্রিয়ার মন ছদ্মবেশে পঞ্চানন
সব্য হস্তে সুখে শূল ধরে॥
কক্ষদেশে ভিক্ষা-ঝুলি হাতে বিভূতির গুলি
স্ফটিকের শোভে জপমালা।
এইরূপ করে বেশ বিশ্বনাথ অবশেষ
উত্তরিলা যথা গিরিবালা॥
দেখেন প্রস্তর-কন্যা শিব বিনা হএ দৈন্যা
কষ্ট করে করেন সাধন।
ভবানীর ভাব দেখে ভব কহিছেন ডেকে
পরিহাস করি এতক্ষণ॥
শুন অহে সুন্দরি কেন সম শির করি
চক্ষু মুদে ভাব কোন্ জনে।
কি দুঃখে বা নিশাকালে চতুর্দ্দিকে অগ্নি জ্বালে
তপ জপ কর কি কারণে॥
কমল হইতে অমল তব বদন কোমল
রূপ দেখে মোহয় মুনি।
কোন্ দুঃখে হয়ে দুঃখী কষ্ট কর শশিমুখি
বিশেষে বলহ তাহা শুনি॥
কিবা জাতি কোথা ধাম কিবা তব হয় নাম
কাহার নন্দিনী তুমি ধনী।
না করিহ প্রতারণা সত্য বল সুলোচনা
তুমি হও কাহার রমণী॥
শুনিয়া কহেন গৌরী আমি নাম ধরি গৌরী
পিতা মোর নাম হিমালয়।
শুন শুন হে গোসাঞি সত্য বলি তব ঠাঞি
অজ্ঞানধি বিভা নাহি হয়॥
শুনে কহেন ত্রিপুরারি আহা আহা মরি মরি
কি কথা কহিলে বিনোদিনি।
বুঝিয়াছি হে রূপসী বিভা বিনা বনবাসী
হইয়াছ হএ অভিমানী॥
ছি ছি তব বাপ মায় কেমনে নিশ্চিন্ত রয়
বিভা নাহি দেয় কি কারণে।

বলে কএ বাপ মাএ বিভা কর ত্বরাএ
এভাব ঘুচাহ এক্ষণে ॥
সন্ন্যাসীর কথা শুনে ঈষৎ হাস্য বদনে
কাত্যায়নী করেন উত্তর।
শুন হে জটিল বর পাব বলে ভাল বর
পূজা করি দেব মহেশ্বর ॥
আমার মনের আশ অন্যতে নাঞি পিয়াস
ত্রিভুবনে আছে যত জন।
অনুগ্রহ করি মোরে শিব যদি বিভা করে
তবে বিভা করিব এখন ॥
সে পদ মনে ভাবিএ শিবলিঙ্গ নির্ম্মাইএ
সদা করি শিবের সাধন।
শিব বিনে অন্য জনে না দেখি না জানি মনে
কালী নাম করি এ রচণ ॥

গৌরীর শিবকে বর-রূপে মনন।

ব্রহ্মচারী বলে ছি ছি কি কথা কহিলে।
শিব পূজিবারে তোরে কে শিখাইএ দিলে ॥
কি ফল পাইবে তুমি শিব পূজা করে।
কেন দুঃখ পায় চলে যায় নিজ ঘরে ॥
ভিক্ষা মাগে মরে সদা শিব দ্বারে দ্বারে।
কখন সে এ যে বর দেয়াবে তোমারে ॥
কি বর মাগবে বল ভিখারীর ঠাঞি।
ক্ষমতা থাকিলে তার ঘরে অন্ন নাই ॥
মহেশ্বর হবেন বর তোর অভিমত।
দিয়ে মন বিবরণ শুন দোষ যত ॥
হাড়মালা জপেন সদা বাঘছাল পরে।
কেহ নাহি কাছে যান ভুজঙ্গের ডরে ॥
ভাঙ্গ খেএ চড়ে যাঁড়ে শ্মশানে বেড়ায়।
চন্দন বলিএ চিতাভস্ম মাখে গায় ॥
শ্মশানে মশানে রয় নাহি বাসস্থান।
দেবতাবর্গেতে তারে না করে সম্মান ॥
পাগল বলিএ তারে লোকে নিন্দা করে।
বিবেকে (১) খাইল বিষ মরিবার তরে ॥

কপট সন্ন্যাসীর শিব-নিন্দা।

(১) মনোদুঃখে। এই শব্দ কথিত ভাষায় অনেক স্থলে "বিরাগে"র অর্থে ব্যবহৃত হয়।

ভাঙ্গড়ের মৃত্যু শীঘ্র নাহি কদাচন।
নাহি মৈল হলাহলে করিএ ভক্ষণ॥
তোমা হেন পদ্মিনী কি পাগলেরে সাজে।
বুড়া বরে মনে ধরে ছি ছি কোন্ লাজে॥
শম্ভুর স্বধন নাই নাহিক ভরসা।
তার ঘরে গেলে পরে ঘটিবে দুর্দ্দশা॥
তাই বলি বিধুমুখি না করিহ পণ।
তোর যোগ্য বর নহে ক্ষেপা পঞ্চানন॥
ইন্দ্র দেবরাজ যদি দেখা পায় তোরে।
তোমার মাথার দিব্য শচী ত্যাগ করে॥
বিষ্ণু যদি তোমারে তিলেক তরে পান।
লক্ষ্মী-সরস্বতী পানে ফিরিয়া না চান॥
না হয় তোমাকে আর বলি এক কথা।
আমিএ একাকী মোর নাহিক বনিতা॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস॥

গিরিরাজ হিমালয়ের সঙ্গে সন্ন্যাসি-বেশী শিবের বাদানুবাদ ও গিরিরাজ-কৃত শিবের বন্ধন।

গৃহে আসি গিরি রায় গঙ্গাধরে দেখা পায়
ছদ্মবেশে বসে ত্রিলোচন।
ক্রোধেতে শিখরবর হ'য়ে করে কটুস্বর
বলে তোর একি আচরণ॥
শুন রে ভণ্ড অজ্ঞান নাহি তোর কাণ্ডজ্ঞান
প্রকাণ্ড শরীর মাত্র সার।
নাই কিছু বোধাবোধ কোন্ সাহসে রে অবোধ
অন্তঃপুরে আইলি আমার॥
হিমে কহে ত্রিপুরারি শুন নিবেদন করি
শ্বশুর গো করহ স্মরণ।
দেখে তব গৌরী কন্যে আমাই হবার জন্যে
তব পুরে হইল আগমন॥
কথা শুনে হিমালয় আর রাগে অন্ধ নয় (১)
অতিশয় কোপেতে কম্পয়।

(১) অন্ধ হয়।

বলে সবে দেখ যেয়ে মৈল বেটা মারি খেয়ে
নষ্ট বেটা দুষ্ট কথা কয়॥
এত কয় গিরিবর হএ ক্রোধিত অন্তর
তিরস্কার করে হরে কত।
কোপে কহে কিঙ্করে মুষ্টি ভিক্ষা দিএ এরে
ধাক্কা মেরে করহ নির্গত॥
হাসে বলেন ত্রিপুরারি কিবা ভিক্ষা দিবে গিরি
অন্ন-ভিক্ষা-উপজীবী নই।
যদি হয় পুণ্যবান্ কন্যা-রত্ন কর দান
মন্ত্র-তপে সাধা তবে হই॥
হরের উত্তর শুনে গিরি মহাকোপ-মনে
হরে কটু কহে কত কব।
বলে বেটা এত জোর একটা চড় মেরে তোর
কাথা বাঘছাল কেড়ে লব॥
হাসি বলেন ত্রিপুরারি শুন শুন শুন গিরি
কাথা ঝুলি সব তুমি লয়।
ইহা আমি নাই চাই কেবল হব জামাই
মম বামে গৌরীরে বসায়॥
এইরূপ বাক্যবায় গিরি শঙ্কবেতে হয়
পুথি বাড়ে সকল লিপিতে।
গিরি ভাবে একি হল সন্ধ্যা পূজা বএ গেল
সন্ন্যাসীর সঙ্গেতে দ্বন্দ্বেতে॥
গিরি করিল বিচার ইহার যে প্রতিকার
করে যাব সন্ধ্যাপূজা করে।
এক্ষণেতে এ বেটারে বান্ধিয়া যুগল করে
কুন্দে (১) দিএ বন্দী করি পরে॥
এতেক ভাবিএ পরে বন্ধন করিএ হরে
গঙ্গা-স্নানে গেলা গিরিবর।
ত্রিপদীর ছন্দ ধরে পাচালীর মত করে
বর্ণন করিল দ্বিজবর॥

(১) কুন্দ =এক রকম যন্ত্রণাদায়ক যন্ত্র। প্রাচীন কালে অপরাধী-দিগকে কুঁদে আবদ্ধ করার কথা শুনা যায়।

বরবেশে বৃদ্ধ শিব।

কহে রামাগণ এই কি বর।
এটা যে ভাঙ্গড় ভূতুড়ে হর॥
আহা মরি উমা রূপের চূড়া।
সে কপালে হলো ত্রিকাল-বুড়া॥
পূর্ণচন্দ্র জিনি উমার মুখ।
... ...
উমার কুন্তল মেঘের মালা।
এ বুড়ার জটা তামার শলা॥ (১)
সিন্দূরের বিন্দু উমার ভালে।
বুড়ার কপালে অনল জ্বলে॥
চন্দনে চর্চ্চিত উমার কায়।
আই আই ছাই বুড়ার গায়॥
উমার বসনে বিচিত্র কায়।
দিগম্বর বর একি গো লাজ॥
রতনে শোভিত গিরীন্দ্রবালা।
বরের গলে যে হাড়ের মালা॥
তাড় তোড় বালা উমার গায়।
বুড়ার বপুতে ফণী কোঁকায়॥
নীল উৎপল উমার আঁখি।
ওড্র ফুল (২) সম ইহার দেখি॥
আহা মরি উমা সোণার লতা।
বাউলের করে দিল বিধাতা॥
চকোর মুখেতে যাহা না পায়।
সেই সুধা বিধি কাকেতে খাওয়ায়॥
এইরূপে কহে রমণীগণ।
শুনিএ হাসেন শিব তখন॥
পাগলের বেশ শঙ্করে হেরে।
রাণীর নয়নে সলিল ঝরে॥
কালীর চরণ করে স্মরণ।
দ্বিজ কালিদাস করিল রচন॥

---

(১) "বুড়ার জটা তামার শলা"—ভারতচন্দ্রের অন্নদামঙ্গল।

(২) জবাফুল।

দেখিএ বরের ঠাম যত রামাগণ।
অবাক হইল সবে না সরে বচন॥
বরের ভঙ্গিমা দেখি রাণী দুঃখ-মনা।
রাগস্বরে নারদেরে করএ ভর্ৎসনা॥
আরে রে নির্ব্বংশে মিন্‌সে কোথায় লুকালি।
চক্ষু খেএ কি বুঝিএ এ বরে আনিলি॥
কি কহিব কোথা যাব গেল গিরি কোথা।
নারদার মন্ত্রণাতে গেল মোর মাথা॥
উমা কন্যা জগৎ-ধন্যা বিদ্যুৎ-সমান।
হেন বরে প্রাণ ধরে কেবা করে দান॥
অভাগীর ভাগ্যে যে দুঃখের সীমা নাই।
অন্তদন্তহীন (১) বিধি মিলাল জামাই॥
নিজে রাজরাণী গৌরী রাজার নন্দিনী।
রাজপুত্র জামাই হইবে এই জানি॥
সে সকল সাধে সাধ ভাঙ্গিলেন বিধি।
ভিখারীকে দিতে হইল উমা-রত্ননিধি॥
ওগো উমা এতদিন কি তপ করিলি।
ভূতুড়ে সাপুড়ের কপালে পড়িলি॥
এই মত শিখরিণী হএ ক্ষুণ্ণ মনে।
হাতের কঙ্কণ রামা কপালেতে হানে॥
হেন কালে চক্রপাণি বঙ্গ দেখিবারে।
ইঙ্গিতে নন্দীরে পাঠাইল অন্তঃপুরে॥

বিবাহ-সভায় নন্দী ও প্রেতগণ।

বিষ্ণুর ইঙ্গিত পেএ নন্দী মহাজন।
মেনকারে ছলিবারে আইল তখন॥
বিকৃতি আকার ভূত দেখি ভয় হয়।

* * * *

কাছে আসি হি হি হি হি হাসিয়া চলিল।
উলঙ্গ ভৈরব দূত নাচিতে লাগিল॥
আই আই বলে ভূত সুখেতে লাফায়।
হেরে রাণী অমনি ভয়েতে মৃতপ্রায়॥
মেয়েগুলো ভূত দেখে অদ্ভুত ভাবিএ।
পলায় পলায় বলে যাএ পলাইএ॥

---

(১) অনন্ত এবং দাঁত[illegible]।

ও মা একি বলিএ সকল মেয়ে চলে।
কেহ বলে মেনকারে ভূতে বুঝি পেলে॥
এই মতে রামাগণ বোল আরম্ভিল।
রঙ্গ দেখে ভৃঙ্গী বেটা হাসিতে লাগিল॥
এইরূপ রঙ্গ ভঙ্গ দেখি গঙ্গাধর।
উমার ইঙ্গিতে হৈলা রাজ-রাজেশ্বর॥

শিবের যুবক-বেশ।

রজত-শিখর জিনি রূপের বরণ।
ভবানীর ভাবে ভব হইলা মোহন॥
মণিময় অলঙ্কার শোভিত শিরেতে।
মনোহর মুকুট শোভয়ে মস্তকেতে॥
অগুরু চন্দন চুয়া অঙ্গময় মাখা।
জিনি পদ্ম মুখপদ্ম তাহে গোপরেখা॥
ছাদনাতলাতে ছিল যত রামাগণ।
অপরূপ রূপ দেখি মোহ সর্ব্বজন॥
মেনকা দেখিল আর পূর্ব্ব বেশ নাই।
মনোহর বর এবে হইল জামাই॥
সুখী হএ সর্ব্বজন বরণ করয়।
কেহ করে শঙ্খধ্বনি কেহ হলু দেয়॥
কোন ধনী ধুস্তরার প্রদীপ জ্বালিল।
কেহ বা লইয়া পাণ নিছাএ ফেলিল॥
কোন ধনী গুড় চালি দেয় বর অঙ্গে।
বাগি ঝড়া দিয়ে কেহ রঙ্গ করে বঙ্গে॥
করেতে জলের ঝারি থমকে থমকে।
বরে প্রদক্ষিণ করে ঠমকে ঠমকে॥
নাকেতে ছেচায় নল হাতে দেয় মাকু।
মেনকা শিবেরে কন ত্যাগ কর বাপু॥
এই মতে স্ত্রী আচার সমাপ্ত হইল।
অপরেতে বর কন্যা সভায় লইল॥
বেদমন্ত্র পড়িতে লাগিলা পুরোহিত।
হরে গৌরী সপেন (১) গিরি পুলকে পূর্ণিত॥
আনন্দেতে বর কন্যা বাসরেতে যায়।
কালিদাস কালীগুণ রচয়ে ভাষায়॥

---

(১) সমর্পণ করেন।

শিবদুর্গার কৈলাস গমন।

এইরূপে শুভ নিশি সুপ্রভাত হইল।
বাসর হইতে বর বাহিরে আইল॥
শঙ্কর কহেন তবে শৈল-নৃপবরে।
কৈলাসেতে যাব সঙ্গে পাঠায় (১) উমারে॥
সজল নয়ন গিরি স্বীকার পাইল।
মেলানীর (২) ভার কত প্রস্তুত করিল॥
উমার গমন কথা শুনে শিখরিণী।
ধরাতলে পড়ে কান্দে যেন উন্মাদিনী॥
অভিষিক্ত হৈল রাণী নয়নের জলে।
কুররী (৩) পক্ষিণী প্রায় কান্দে উমা বলে॥
ধরিএ মায়ের কণ্ঠ মহামায়া করে।
উ মা উ মা বলে উমা কান্দে উচ্চস্বরে॥
রাণী বলে ওগো উমা কি করি উপায়।
কোন্ প্রাণে তোমা ধনে দিব গো বিদায়॥
অশেষ করুণা করে রাণী কেন্দে সারা।
সামান্তের প্রায় তায় সাম (৪) দেন তারা॥
পড়িএ মায়ার ফান্দে কান্দে সর্ব্বলোকে।
শিবারে লইয়া শিব যাএ কৈলাস-মুখে॥
হাসিতে হাসিতে হর গৌরী সঙ্গে লয়ে।
উত্তরিলা কৈলাসেতে আনন্দিত হয়ে॥

কৈলাসে।

এইরূপে সদানন্দ সানন্দ মনেতে।
আনন্দা সহিত ক্রীড়া করেন রঙ্গেতে॥
একদিন উমাপতি কহেন উমারে।
এক সন্দেহ আছে প্রিয়া আমার অন্তরে॥
শিবানী কহেন দেব সে আর কেমন।
হর বলে হৈমবতি শুন দিএ মন॥
একবার আমারেত বিড়ম্বনা করে।
কৃতার্থ করিলে গিয়া গিরি-মেনকারে॥

---

(১) "ও" স্থলে "য়" এই পুঁথির সর্ব্বত্র ব্যবহৃত হইয়াছে। এখানে পাঠায়=পাঠাও। (২) মেলানী=বিদায়; এখানে 'মেলানীর ভার' অর্থ বিদায়-কালের তত্ত্ব। (৩) কুররী=কাঠ-ঠোক্‌রা। (৪) সাম=যোগ।

যে দুঃখ পেএ আমি তোমা বিহনেঁতে।
বলিতে না পারি তাহা পঞ্চম মুখেতে॥
হে দুর্গে আমার তুমি দেহ প্রাণ ধন।
সধন বৈভব সব তোমার চরণ॥
অসাধ্য সাধন করি প্রসাদে তোমার।
তব নাম জপি করি গরল আহার॥
সুখমোক্ষদাত্রী তুমি মম মূলাধার।
তোমা বিনে গতি সতি নাহিক আমার॥
পুনর্ব্বার যদি মোরে ত্যাগ কর প্রিয়ে।
আর না রহিব প্রাণ তোমা ছাড়া হয়ে॥
তাই বলি তোমা ছাড়া কেমনে রহিব।
ইচ্ছা করি দু অঙ্গ ঘুচাএ এক হব॥
যদি তুমি অনুমতি কর বিশ্বময়ী।
যুগল ঘুচিএ এস এক অঙ্গ হই॥
শুনিএ শঙ্করী হরে করিল উত্তর।
তব আজ্ঞা না লঙ্ঘিতে পারি মহেশ্বর॥
এত বলি একত্র হইলা উভয়েতে।
এক অঙ্গ দ্বিরূপ হইলা আঁচম্বিতে॥

অর্দ্ধ-নারীশ্বর।

অর্দ্ধ অঙ্গ রজত পর্ব্বত জিনি আভা।
অর্দ্ধ অঙ্গ সুবর্ণ জিনিএ করে শোভা॥
অর্দ্ধ শিরে জটাজুট ভুজঙ্গ বেষ্টিত।
অর্দ্ধ শিরে মণিময় মুকুট মণ্ডিত॥
এক নেত্র ঢুলু ঢুলু করে ঘুরু রায়।
এক নেত্রে কজ্জল পূরিত শোভা পায়॥
এক কর্ণে শঙ্খের কুণ্ডল ঘন দোলে।
অন্য কর্ণে মাণিকের কনক দুল দোলে॥
অর্দ্ধ গলে অস্থিমালা মহা শোভা পায়।
গজ-মুকুতার হার অর্দ্ধেক গলায়॥
কটিতটে অর্দ্ধেক রহিল বাঘাম্বর।
আর অর্দ্ধ কটিতে রহিল রক্তাম্বর॥
এক পদে কাঠের পাদুকা শোভা পায়।
রতন নূপুর শোভা করে অন্য পায়॥
এক হস্তে ডম্বুর ধরিলা পঞ্চানন।
অন্য হস্তে পদ্মপুষ্প করিলা ধারণ॥

এইরূপে লীলা প্রকাশিলা গঙ্গাধর।
হর গৌরী ঘুচে হৈলা অর্দ্ধ-নারীশ্বর ॥
কালিদাস বলে মাগো এই আকিঞ্চন।
মৃত্যুকালে দিতে হবে যুগল চরণ ॥

কুচনী নগরে।

শঙ্কর শঙ্করী লয়ে সরস অন্তরে।
বিরাজ করেন সুখে কৈলাস-শিখরে ॥
একদিন ভূতনাথ বৃষভে চাপিএ।
ভিক্ষা হেতু চলিলেন গৌরীরে কহিএ ॥
ভ্রমিতে ভ্রমিতে ভব ভাবিয়া চিন্তিয়া।
রসের কুচনী-পাড়ায় উত্তরিলা গিয়া ॥
কৃত্তিবাসে হেরি যত কোচের রমণী।
বুড়া আইল বলে হেসে তোষে সব ধনী ॥
কোন ধনী কহে ওহে রসিকের চূড়া।
আমা সভা ভুলে কোথা ছিলে ওহে বুড়া ॥
তোমারে না হেরে বুড়া মনোত্বঃখে মরি।
এত বলে হেসে ঢলে পড়ে সব নারী ॥

*　　*　　*　　*

এইরূপে শিব সং হয় আলাপন।
কোন ধনী করে হরে চামর ব্যজন ॥
অগুরু চন্দন কেহ শ্রীঅঙ্গে ছিটায়।
কেহ বা কুসুম লয়ে ফেলে শিব গায় ॥
কেহ বা কুসুম লয়ে পরায় কৌতুকে।
মিঠা পাণ সেজে কেহ যোগায় সম্মুখে ॥
গাজা ভাঙ্গ কেহ হরে করে সমর্পণ।
কেহ বা শিবের করে চরণ-সেবন ॥
এই মত কোচের দুহিতা সকলেতে।
হরে লয়ে রঙ্গরসে ভাসে অনাসেতে (১) ॥

*　　*　　*　　*

কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস ॥

(১) অনায়াসে।

উমা-বিরহে মেনকা।

শরৎকালে পল্লী-বাসিনীদের খেদ।

উমা বিনে গিরিরাণী পাগলের প্রায়।
অন্নদা অভাবে অন্ন জল নাহি খায়॥
উমা ভেবে অবিরত মৌনী হএ রয়।
কালেতে শরৎ ঋতু হইল উদয়॥
গগনেতে বিন্দু বিন্দু বারি ধারা ঝরে।
ময়ূর ময়ূরী নাচে সরস অম্বরে॥
ঘোর নাদে জলধর গগনে গর্জ্জয়।
সরোবরে সরোজ সুখেতে প্রকাশয়॥
কেতকিনী অমনি প্রফুল্ল হএ উঠে।
পায় গন্ধ মকরন্দলোভে ভৃঙ্গ ছুটে॥
বাড়এ শশীর আভা অপরূপ শোভা।
চকোর চকোরী উড়ে সুধা সাধে লোভা॥
শরৎ দেখিয়া সুখী হইলা ত্রিসংসারে।
শারদা সেবার চেষ্টা সাধ সব করে॥
হেন কালে মেনকার যত প্রতিবাসী।
রাণীকে ভৎসনা করি সবে কহে আসি॥
কেমনেতে হে গো রাণি আছ প্রাণ ধরে।
সুবর্ণপ্রতিমা উমা সঁপে পাগলেরে॥
তত্বটা না কর তারা আছে গো কেমন।
ধন্য তুমি ওগো রাণি কঠিন তব মন॥
মেয়েরে আনিতে নাম নাই মা মুখেতে।
উদরেতে অন্ন রাণি দেও কি সুখেতে॥
সাত নাই পাঁচ নাই সেই মাত্র মেয়ে।
সে বিহনে তোমার সংসার কারে লয়ে॥
লোকের মুখেতে মোরা সেটা শুনতে পাই।
উমার অঙ্গেতে নাকি বস্ত্র মাত্রে নাই॥
বস্ত্রাভাবে বাঘছাল না কভু পরয়।
তৈলাভাবে চাচর চিকুর জটাময়॥
বিনা অন্ন সু-বর্ণ গেছে শুকাইয়ে।
রুদ্রাক্ষ পরেন উমা ভূষণ বলিএ॥
সিদ্ধি বেটে বেটে করে কড়া পড়ে গেছে।
দুঃখের নাহিক সীমা প্রাণ মাত্র আছে॥

জামাতার কথা তব শুনি বিপরীত।
উমার সঙ্গেতে নাকি নাহি তার পীরিত॥
সিদ্ধি খেয়ে ষাঁড়ে সাপিণী লইয়ে।
শ্মশানে মশানে ফেরে উমারে তেজিএ॥
যে জামাএ সম্প্রদান করেছ উমায়।
দূরে না করিতে তব্ব উচিত তোমায়॥
বৎসরাবধি উমানিধি করিএ বিদায়।
কেমনে মা ভুলে আছ মা গো একি দায়॥
সহজে পাষাণী তুমি দয়ামায়া-হীনে।
অন্য কেহ হইলে মাগো না বাঁচিত প্রাণে॥
ধন কড়ি লএ রাণি খাওয়াইবে কারে।
মা বলে ডাকিতে আর কে আছে তোমারে॥
ধিক্ তব রাজ্যধন ধিক্ গো তোমায়।
ততোধিক্ ততোধিক্ ধিক্ গো রাজায়॥
এত বলি ভৎসিএ চলিলা রামাগণ।
কালিকা-বিলাস দ্বিজ করিলা রচন॥

গিরিরাজের নিকট মেনকার বিলাপ।

একেত মেনকা দুঃখী উমার জন্যেতে।
বাক্য অনুসারে আরো জলে অন্তরেতে॥
কান্দিতে কান্দিতে রাণী অভিমান ভরে।
পাষাণেরে পাষাণী সুধান মৃদুস্বরে॥
শুন শুন শুন হে নিদয় হিমালয়।
প্রাণ-উমা বিনা মম প্রাণ বাহিরয়॥
তুমিত পাষাণরাজ কঠিনের শেষ।
তোমার শরীরেত কভু নাহি দয়ার লেশ॥
স্বচ্ছন্দেতে আছ গিরি নিশ্চিন্ত হইয়া।
পাগলে সঁপিয়া মোর প্রাণের তনয়া॥
কন্যা প্রতি বৎসলতায় তাচ্ছিল্য তোমার।
সহজে পাষাণ ধরে মায়ার কি ধার॥
স্বর্ণলতা উমা কি হে সাজে ভিখারীরে।
শুনতে পাই অন্ন নাই শঙ্করের ঘরে॥

সম্পদবিহীন শিবের বাসস্থান নাই।
উমা নাকি শ্মশানবাসিনী শুন্তে পাই॥
মৈনাকেরে ভুলে ছিলে পেএ প্রাণ-গৌরী।
সে ধন বিহনে প্রাণ কিসে সহ্য করি॥
সহজে পাষাণ দেহ কঠিন জীবন।
নহিলে সে ধন বিনে বাঁচি কি কখন॥
নয়নের তারা তারা রাখিএ অন্তরে।
কার মুখ চেয়ে গিরি থাকি প্রাণ ধরে॥
এ সব বৈভব আমি দেখি তুচ্ছ প্রায়।
উমাচন্দ্র বিনে পুরী শোভা কি হে পায়॥
সতত অন্তরে জাগে উমার মাধুরী।
দুঃখানলে অঙ্গ জ্বলে সামা হতে নারি॥
যে দিকে নিরখি দেখি যেন তমোময়।
না দেখি উমার মুখ হৃদি বিদরয়॥
কোথায় আমার মেয়ে শীঘ্র দেহ এনে।
মা বলে ডাকিলে উমা তুষ্ট হই প্রাণে॥
চক্ষের বাহির করে অঞ্চলের ধন।
পাপ-দেহ কত সবে রাখিব জীবন॥
বিধি বুঝি চিরজীবী আমারে করেছে।
সেই জন্যে বিনে কন্যে পাপ-প্রাণ আছে॥
সে সব কথার আর নাহি পরিচয়।
মৃন্ময় পুরী দেখি আমার আলয়॥
ভবনে ভবানী আনি বাঁচাও আমারে।
সদা মনে পড়ে তারা দু নয়ন ঝোরে॥
স্বপনে দেখেছি গিরি গৌরীকে আমার।
বিনে অন্ন কৃষ্ণবর্ণ অস্থিচর্ম্মসার॥
রাজার কুমারী হয়ে ভিখারিণী প্রায়।
ইহা কি মায়ের প্রাণে সহে গিরিরায়॥
তুমিত তনয়া বলে ভাব না অন্তরে।
আমারে যে মা বলিতে আর নাই ঘরে॥
তাড়াতাড়ি কৈলাসেতে যাহ হিমালয়।
এনে দেহ হারা তারা বিলম্ব না সয়॥
এই রূপে গিরিরাণী কয়এ রোদন।
কালিদাস কহে রাণি স্থির কর মন॥

রাণীকে হিমালয়ের প্রবোধ দান।

গিরি বলে ওহে রাণি স্থির কর মন।
উমার জন্যেতে কেন এত উচাটন॥
কন্যাভাবে ভাব যারে অবোধ পাষাণি।
সেই কন্যা জগৎধন্যা ব্রহ্মাণ্ডকারিণী॥
যার নামে ভবের ভাবনা দূরে যায়।
তার জন্যে ভাব রাণি এত বড় দায়॥
কহিলে যে অন্ন নাই জামাতার ঘরে।
সে কথা কেবল কথা জানিহ অন্তরে॥
উমারূপে অন্নপূর্ণা গৃহেতে যাহার।
অন্নের অভাব রাণি হয় কি তাহার॥
না জানে যে ভিখারিণী কহিলে উমারে।
কুবের ভাণ্ডারী তার জানে চরাচরে॥
রাজরাজেশ্বরী উমা আমি ভাল জানি।
মহেশ্বর কাশীশ্বর শুন ওহে রাণি॥
জন্মে জন্মে আমাদের বহু পুণ্য ছিল।
সেই জন্যে উমা কন্যে বিধি মিলাইল॥
আমাদের জন্ম কর্ম্ম সফল করিতে।
জন্মেছেন মহামায়া তোমার গর্ভেতে॥
জেনে শুনে সকলি কি ভুলিলি হে রাণি।
শিব সে পুরুষোত্তম প্রকৃতি শিবানী॥
দুঃখ সম্বরহ রাণি স্থির হয় মনে।
অবিলম্বে জগদম্বে আনিব ভবনে॥
এই আমি চলিলাম কৈলাস-শিখরে।
এনে দিব উমারে আর জামাই শঙ্করে॥
দুঃখ নাশ কর রাণি গৃহেতে বসিয়া।
অচিরে পাইবে তবে প্রাণের তনয়া॥
বিপদে শ্রীদুর্গা নাম জেনো রাণি সার।
বেদাগমে বলিতে না পারে মুখ্য [illegible]র॥
কাশীনাথ কালকূটবিষ করেন পান।
দুর্গা নাম করি শেষে রাখিলেন প্রাণ॥
অতএব তাই রাণি বলি হে তোমারে।
দুর্গানাম ভুলিলে পাবে না শ্রীদুর্গারে॥

এ কথা শুনিয়া রাণী আনন্দিত মন।
বলে গিরি শীঘ্র যাহ কৈলাস-ভবন॥

মঙ্গলাচরণ।

এত বলি শিখরিণী সরস অন্তরে।
মনোমত আচরণ মঙ্গল করে পরে॥
স্থানে স্থানে পূর্ণ ঘট স্থাপন করিল।
আম্রের পল্লব সব ঘটমুখে দিল॥
বসাইল রম্ভাতরু দুয়ারে দুয়ারে।
দধি আর মৎস্য আদি আনে ভারে ভারে॥
দ্বিজ-কন্যাগণ সব তুষ্ট হয়ে মন।
পঞ্চদীপ লয়ে করে বরে সর্ব্বজন॥
দ্বিজগণ চণ্ডীপাঠ করিতে লাগিল।
দুর্গানাম জপ কেহ আরম্ভ করিল॥
অপরেতে গিরিবর দুর্গা দুর্গা বলে।
দুর্গারে আনিতে চলে মহাকুতূহলে॥
চাতকিনী সম রাণী পথ চেয়ে রয়।
কালিকা-বিলাস দ্বিজ কালিদাস গায়॥

কৈলাসে গিরিরাজ ;—উমার পিত্রালয়ে যাত্রা।

এইরূপে গিরিবর চরিয় অম্বরে।
উত্তরিলা তদন্তরে কৈলাস-শিখরে॥
কৈলাসের দ্বারে নন্দী দুয়ারী আছিল।
গিরিবরে হেরে দ্রুত উঠে দাঁড়াইল॥
চরণের ধূলি লয়ে নিল মস্তকেতে।
আস আস বলে গিরি তোষে বচনেতে॥
নন্দী বলে ঠাকুরদাদা আছ হে কেমন।
কেমন আছেন আই বুড়ী শুনি বিবরণ॥
বৃদ্ধকালে নারী ফেলে এলে কেন বুড়া।
সেথা পাছে আই বুড়ী করে বরযোড়া॥
আইরে সঁপিয়া বল এলে কার স্থানে।
হয় সন্দ বুঝি বন্দ হয়েছে দুই জনে॥
বুড় ভেবে বুড়ী বুঝি উলাত্ত ভাবিয়া।
ঠাকুরদাদা তোমারে বা দিছে তাড়াইয়া॥

নন্দীর সঙ্গে রসিকতা।

গিরি বলে ওহে নাতি মন দিএ শুন।
বুড়াতে বুড়াতে ভাব ভাঙ্গে কি কখন॥
রেশে রেশে মিলিলে কি কভু প্রেম ভাঙ্গে।
তুই ভেড়ো কি বুঝিবি মস্ত আছ ভাঙ্গে॥
প্রবীণে প্রবীণে প্রেম ঘটেরে এমনি।
প্রস্তর গাথনী যেন হয়রে আটনি॥
নন্দী বলে ঠাকুর দাদা বুঝেছি কারণ।
আই আজ্ঞায় তব বাঁচন মরণ॥
অতঃপর কহ বুড় শুনি পরিচয়।
আচম্বিতে কৈলাসেতে কি ভাবে উদয়॥
গিরি বলে ওরে নাতি কি কব তোমায়।
তোমার আইএর দায়ে এসেছি হেথায়॥
মিলি যত ছুড়ী সে বুড়ীরে নাচায়েছে।
উমার জন্যেতে রাণী উন্মত্তা হয়েছে॥
মম বাক্য না শুনেন কত বুঝাইনু।
তাই ভাই তনয়ারে লইতে আইনু॥
এতেক শুনিয়া নন্দী আনন্দিত মন।
গিরিকে লইয়া পরে করিলা গমন॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস॥

নন্দী সঙ্গে আনন্দেতে যায় হিমালয়।
হর গৌরী নিরখিয়া কৃতার্থ মানয়॥
মানসেতে শিব শিবা করিয়া বন্দন।
ভক্তিভাব রসে গিরি ডুবিল তখন॥
জনকে দেখিয়া দুর্গা গৌরব করিএ।
গিরিপদে প্রণমিল শির লোটাইএ॥
করুণাকারিণী কন করুণাবচনে।
দুঃখিনী বলিএ পিতা ছিল কিগো মনে॥
কেন পিতা আমা প্রতি এতেক বঞ্চনা।
দুঃখিনী ভাবিএ বুঝি করেছিলে ঘৃণা॥
সেই সে আমারে হরসঙ্গে পাঠাইলে।
তদবধি দুঃখিনীর তত্ত্ব না করিলে॥

পিতাকে উমার স্নেহ-গঞ্জনা।

গিরি বলে মাগো তোমার বিদায় করিএ।
আখির সলিলমাঝে ছিলাম ডুবিএ॥
তুমি যে মা আমাদের নয়নের তারা।
তোমা বিনে ঘর দ্বার অন্ধকার তারা॥
মেনকা হয়েছে অন্ধ তোমার বিহনে।
আছ কি না আছ বেঁচে সন্দেহ হয় মনে॥
মানসেতে মা তোমারে করে দরশন।
রেখেছি পাষাণ-দেহ পাষাণ-জীবন॥
গৌরী বলেন আর কেন ভুলায় বচনে।
আমা প্রতি যত স্নেহ জেনেছি তা মনে॥
পিতা মাতা বর্ত্তমান থাকে যে কন্যার।
বৎসরান্তে তত্ত্ব বুঝি করএ তাহার॥
আমার পতির যদি থাকিত বৈভব।
তবে মা বাপের ঠাঁই থাকিত গৌরব॥
গিরি বলে ওগো উমা ক্ষমা কর মোরে।
সকলিত জানি আমি ভুলায় কাহারে॥
গতিশক্তিহীন হব জনক জননী।
তা ভেবে কি বাপ মার হবে অভিমানী॥
কেন্দনা কেন্দনা উমা স্থির কর মন।
লইতে তোমারে মোর হইল আগমন॥
বলে কএ জামাতারে সম্মত করিএ।
ত্বরা করি মাগো তোরে যাইব লইএ॥
এত শুনে আনন্দার আনন্দিত মন।
শঙ্করের স্থানে গিরি কহেন বিবরণ॥
গৌরীর গমন কথা শুনে গঙ্গাধর।
অন্তরে উদ্ভ্রান্ত ভেবে কয়েন উত্তর॥

শিবের বিরহ-ত্রাস।

হর বলেন ওহে গিরি উহা হৈতে নারে।
দেহ হৈতে প্রাণ বল কেবা দেয় কারে॥
তোমার দুহিতা আত্মা আমিত সাকার।
শিবা লয়ে গেলে শিব হবে শবাকার॥
একবার দক্ষ হৈতে হারাইয়া সতী।
যে দুঃখ পেয়েছি তাহা জানেন পার্ব্বতী॥
তাপা হৈতে পাইনু যদি হারা তারাধন।
চক্ষের অন্তর তারে করি কি কখন॥

নিজ প্রাণ চাহ যদি দিতে পারি দান।
ঐ কথা শ্রবণে আমি হয়েছি অজ্ঞান॥
এ কথা শ্রবণে গিরি বিষণ্ণ হইল।
বিধিমত করিএ শঙ্করে বুঝাইল॥
গিরি বলে আশুতোষ কর অবধান।
তিন দিন জন্যে মোরে উমা দেহ দান॥ মাত্র তিন দিন।
সপ্তমী অষ্টমী আর নবমী রাখিব।
দশমীর দিনে পুনঃ উমা পাঠাইব॥
এত বলি আকিঞ্চন কৈল গিরিবর।
উপরোধে অঙ্গীকার কৈলা মহেশ্বর॥
কথা শুনে পুলকিত হইলা হিমালয়
মহিষমর্দ্দিনী লয়ে চলে নিজালয়॥
পরিবার সহ সিংহে করি আরোহণ।
শঙ্করী চলিলা সুখে সঙ্গে পঞ্চানন॥
অষ্টম নায়িকা আর যতেক যোগিনী।
আনন্দে হরের সঙ্গে চলিলা ভবানী॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস॥ (১)

---

(১) কবিকঙ্কন, ভারতচন্দ্র ও জয়নারায়ণের শিব-সম্বন্ধীয় কবিতা এখানে প্রদত্ত হইল না। তাঁহাদের রচনার শ্রেষ্ঠ অংশগুলি স্বতন্ত্রভাবে যথাস্থানে উদ্ধৃত হইবে।

শিবের গানের পরিশিষ্ট।

শিবের গাজন।

এই সকল গাজনের ভাষা স্থানে স্থানে অতি প্রাচীন। ইহাদের মধ্যে পরবর্ত্তী সময়ের যোজনাও আছে। প্রাচীন ছড়া গুলির সময়-সূচক কোন কথা আমরা পাই নাই। শিবের গাজন মুসলমান-বিজয়ের পূর্ব্ববর্ত্তী বলিয়া আমাদের বিশ্বাস।

মালদহে শিবের গাজন।

গাজনে সন্ন্যাসিগণের মধ্যে এক ব্যক্তি এক পদে নৃত্য করিতে করিতে মস্তকোপরি মুষ্টি বদ্ধ করিয়া শিবের-সম্মুখে গাজন-ভক্তার আগমন করে। মণ্ডলকে নিম্নলিখিত বন্দনা পাঠ করিয়া মস্তকের কেশ দ্বারা শিবালয় মার্জ্জনা করিতে হয়।

গোসাঞি তুমি যেন জটাসিনী, যেন বটাসিনী বটাসিনী যেন পঞ্চবটাসিনী, পঞ্চবটাসিনী যেন ধর্ম্ম অধিকারী, ধর্ম্ম অধিকারী যেন ঈশ্বরের চরণ। একাদশ রুদ্র, সপ্ত সমুদ্র পার তার দিকে বসুকা সমুদ্র তার কিঙ্করের কিঙ্কর ধূল সাপটি ভক্তা।

(চুল দিয়া ধূল মার্জ্জনা করিবার পরে) ঠাকুরের আজ্ঞা হইল, স্বর্গের ধূল স্বর্গে যায়। মর্ত্ত্যের ধূল মর্ত্ত্যে যায়। বাদ-বাকি ধূল বাবার ভাণ্ডারে থাক। (সকল সন্ন্যাসী মিলিত স্বরে) জয় ধূল সাপটি ভক্তের জয়!

(আবার অতীত ভক্তা, চব্বিশ সাই বাও 'র ভক্তা ঠাকুরের আঁচলে পঞ্চ প্রণাম করিবার পরে)

ঠাকুরের কি আজ্ঞে হয়?

ঠাকুরের আজ্ঞা হইল, পঞ্চ প্রণামে বড় সন্তোষ হইলেন। তোমরা বেচে কুশে ঘরে যাও।

জল বন্দ স্থল বন্দ বুড়াশিবের গম্ভীরা (১) বন্দ
আর বন্দ সরস্বতীর পাদ।
বাহুরা (২) বাহনে শিব তাঁর চরণে প্রণাম।
হাড়ানাথ কি শিবনাথ মহেশ।

ধবল পাটে ধবল পাটে ধবল সিংহাসন।
ধবল পাটে বসে আছেন ধর্ম্মনিরঞ্জন।
ধবল আকার গোসাই ধবল নৈরাকার (৩)।
ধবল চরণে তাঁরে করি নমে পার।
শিবনাথ কি মহেশ।

---

(১) গম্ভীরা — দেবালয়; এস্থলে শিবালয়। (২) বৃষ।
(৩) আকারহীন শূন্যমূর্ত্তি।

উঠ উঠ সদাশিব নিদ্রা কর ভঙ্গ।
তোমাকে দেখিতে আইল আউলের (১) ভক্তগণ।
খোল চন্দন-কাঠের কপাট, দেহ দুধ গঙ্গাজল।
তোমার চরণে দ্বাদশ প্রণাম॥
শিবনাথ কি মহেশ।

জল বন্দ স্থল বন্দ বন্দ শিবের কুড়্যা (২)।
আট হাত মৃত্তিকা বন্দ চন্দ্র সূর্য্য যুড়্যা॥
"কাউসেন দত্তের" ব্যাটা "নরসেন (৩) দত্ত"।
যে জন পৃথিবীতে আনিল মহেশ্বর ব্রত॥
তাঁহার চরণে আমার দণ্ডবৎ।
শিবনাথ কি মহেশ

বৈশাখ মাসে কৃষাণ ভূমিতে দিল চাষ।
আষাঢ় মাসে শিবঠাকুর বুনিল কার্পাস॥
কার্পাস বুনিয়া শিব গেল কুচনীপাড়া।
কুচনীপাড়া হইতে দিয়ে এলো সাড়া॥
কার্পাস তুলিয়া দিলে গঙ্গার ঠাঁই।
গঙ্গা কাটিল সূতা মহাদেব বুনিল তাঁত।
হর সমুদ্র হরের জল ক্ষীর সমুদ্রের পানী।
উত্তম ধুইয়া দিল নিতাই (৪) ধুবিনী॥
শিবনাথ কি মহেশ।

জল বন্দ স্থল বন্দ আজ্ঞের গম্ভীরা বন্দ।
ডাহিনে ডঙ্কর বন্দ বামে বীর হনুমান।
সিংহবাহনে ভগবতী আছেন তাঁর চরণে দ্বাদশ প্রণাম।
শিবনাথ কি মহেশ।

বর্দ্ধমানে শিবের গাজন।

[এই গানের ভাষা অপেক্ষাকৃত আধুনিক।]

শিবের বন্দনা।

হাতে ত্রিশূল রাঙ্গা লাঠি, পরিধানে বাঘের ছাল,
বৃষভ বাহনে শিব, ত্রিদশের নাথ।
জাগরে জাগরে ভাই, সত্যের কোটাল।
মুক্ত হইল ঠাকুরের পূর্ব্বদ্বার॥

(১) আউলচাঁদের দলভুক্ত ভক্তগণ। (২) কুটির = মন্দির।
(৩) স্থানে স্থানে ঢাকীদের গানে "নরসেন"র পরিবর্ত্তে, "লাউসেন" শোনা যায়। লাউসেনের পিতার নাম ছিল কর্ণসেন। "কাউসেন" সেই কর্ণসেনের বিকৃতি কিনা বিবেচ্য।
(৪) ধোপা।

প্রভু যোগ নিদ্রা কর ভঙ্গ, সেবকের দেখ রঙ্গ,
পরিহর তোমার চরণে।

কার্ত্তিক গণেশ কোলে, শয়ন আছ নিদ্রা ভোলে,
আমরা তোমায় প্রণাম করিব কেমনে।

নিদ্রা ত্যেজ দেবরাজ, বহ মা খট্টার মাঝ,
নিরন্তর গৌরী রাখহ বাম ভাগে।

প্রভু তুমি দেব-অধিপতি, হরি ব্রহ্ম কর স্তুতি,
অন্য দেব কোন খানে লাগে।

প্রভু তেজহ নিদ্রার মায়া, সেবকের কর দয়া,
পূজা মর্ত্ত দেব ত্রিপুরারি।

শিঙ্গা ডম্বুর হাতে, বৃষভ রাখহ বাম ভাগে,
বাসুকি রচক ফণা।

শিরে ধরি স্নিগ্ধ গঙ্গা, কপালে চাঁদ বেরি।
তথি মধ্যে শোভে ফোঁটা, হাড় মালা যোগ পাটা,
গায়ে শোভে বিভূতি ভূষণ।

প্রভু দেব ত্রিলোচন, বিঘ্ন কর বিমোচন,
নরের শকতি।
আমরা তোমার আপু্য করি, গাল পুলে ভর করি (১)
আপদ বিপদে কর।

প্রভু দেব গঙ্গাধর, দেবতার ঈশ্বর,
অপরাধ ক্ষমহ মৃত্যুঞ্জয়।

বৃষভ বাহনে শিব, ত্যেজহে কৈলাশ গিরি,
পূজা অর্ঘ দেব ত্রিপুরারি।
শরীরে করহ অধিষ্ঠান। তোমার চরণে করি গড় প্রণাম।

দেউল বন্দন, দেহারা বন্দন, গাছ গাছ লাটী বন্দন,
আঙ্গের তুলসী বন্দন, আর বন্দ সরস্বতীর গান।
ডাইনে বন্দ রাম লক্ষ্মণ, সীতা বামে বীর হনুমান।
পূর্ব্বে আছেন ভানু ভাস্কর, তার চরণে করি গড় প্রণাম।

প্রত্যেক বন্দনার দেউল বন্দন হইতে বীর হনুমান পর্য্যন্ত পঠিত হইবার পর

উত্তরে আছেন ভীম কেদার।
তাঁর চরণে করি গড় প্রণাম।

গ্রামে আছেন বাস্তু দেবতা।
তাঁহার চরণে গড় প্রণাম।

(১) এই সমস্ত পঙ্‌ক্তির অর্থ আমরা "গালে ভর" দিই।

গম্ভীরে আছেন ভোলা মহেশ্বর।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
গাজনে আছেন ধর্ম্ম অধিকারী।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
গাজনে আছেন ছত্তির (শ) সাই।
বাহাত্তর ভক্তা
তাঁদের চরণে করি পঞ্চ প্রণাম॥

বরিশালে শিবের গাজন।

চৈত্রমাসের শেষভাগে নীলপূজা উপলক্ষে ইহার অনুষ্ঠান হয়। ঐ সময়ে উৎসবকারী গায়কগণ বেতের ছড়ি হাতে লইয়া নূপুর পায়ে দিয়া ঢাকের বাদ্যের তালে তালে নাচিতে নাচিতে নানা প্রকার শিবের গান গাহিয়া থাকে। প্রধানতঃ নমঃশূদ্রগণ এই কার্য্যের জন্য মনোনীত হয়। তাহাদিগকে সাধারণ ভাষায় "বালা" বলা হইয়া থাকে। এই বালা পদবী হইতে স্থানীয় নমঃশূদ্রগণের কোন কোন পরিবারের কৌলিক উপাধিও হইয়াছে—বালা।

নীলপূজা শিবপূজারই নামান্তর। "বাজার-সন্ন্যাস," "গিরি-সন্ন্যাস," "খেজুর-ভাঙ্গা," "ভোগ-সরাণো," "জল-বিহার," 'পাটের খাওয়া,' 'খাড়ার উপর হাটা' প্রভৃতি বহুবিধ অনুষ্ঠান এই পূজার অঙ্গস্বরূপ। এতদুপলক্ষে নানাবিধ উৎসব-আমোদের মধ্যে "শিবের দোলা নামাইয়া" প্রত্যেক গৃহস্থের বাড়ী হইতে শিবপূজার চাউল ভিক্ষা করিয়া আনারও রীতি আছে। নীলপূজা সাধারণতঃ চৈত্র-সংক্রান্তির পাঁচ দিন পূর্ব্বে আরম্ভ হয় এবং সংক্রান্তির সঙ্গে সঙ্গে ইহার অবসান হইয়া থাকে।

বরণ।

চৈত্রমাস মধুমাস শিবের জন্মমাস।
সন্ সন্ন্যাসী (১) লইয়া বালা চলেন শিবের বাস॥
শিব শিব বলিয়া বালা ডাকে ঘনে ঘন।
চৈতন্য হইয়া প্রভু দিলেন দরশন॥

দিক্-বর্ণনা।

পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ চারি পৃথিবীর নাম।
পশ্চিমে আছেন শ্রীঠাকুর জগন্নাথ।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
আরে ক্ষিতি রীতি বামন দয়া,
আরে শঙ্খ চক্র গদা পদ্ম মহাদেব মায়া,
সুত হুতাসন ভগবান উদিত দিক পশ্চিম॥
ছায়া আর কন্যা মা হৈতে জন্মিল।
পিছে (২) আছিল কন্যা মুখে (৩) দাঁড়াইল॥

---

(১) সাধু-সন্ন্যাসী। (২) পশ্চাতে। (৩) সম্মুখে।

শিবের জন্য পুষ্প-বাগান হইতে পুষ্প তুলিবার গান।

হেমন্ত বসন্ত কালে, বিকশিত ডালে ডালে হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল।
দুব্বা তুলি আড়ি আড়ি (১), ফুলেতে ভরিল সাজি হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল॥
অশোক অপরাজিতা, সুবর্ণ মাধবীলতা হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল॥
পৃথিবীতে পুষ্প যত, তাহা বা কহিব কত হে,
স্থলপদ্ম দেখিতে সুন্দর।
ফুলেতে ভরিল সাজি চল ঘরে যাই আজি হে,
কিয়ারে (২) মনে লয় আসিও আরবার॥
প্রাণ কাশীনাথ, মনে— প্রাণ ভোলানাথ, মনে—
মনে লয় আসিও আরবার॥
ডাকে গৌরী, নমস্কার, কত পুষ্প তোল আর হে,
কিয়ারে রৌদ্রে শরীর হইল কালো।
প্রাণ কাশীনাথ, রৌদ্রে— প্রাণ ভোলানাথ, রৌদ্রে—
রৌদ্রে শরীর হইল কালো॥

ভগবতীর শঙ্খপরার কথা।

শঙ্খ পড়িতে গৌরাইর (৩) মনে বড় সাধ।
করযোড়ে কন কথা শিবের সাক্ষাৎ॥
বৃদ্ধ হইয়াছি গৌরাই কখন যেন মরি।
কিসের লাইগ্যা (৪) কর বেশ দরবার সুন্দরী॥
কুচনী নগরে আছে তোমার বাপ ভাই।
সেইখানে যাইয়া পর শঙ্খ আমার কিছু নাই॥
বৃদ্ধ হইয়াছি গৌরাই আমি লড়ি করি ভর।
ভিক্ষা মাগি খাই আমি দেশ-দেশান্তর॥
মায়ন বলে মামা আমার কথা রাখ।
যৌবনকালে স্ত্রীলোক নাইওর (৫) পাঠাও কেন॥
শিব বলে শুন ভাইগনা (৬) আমার কথা রাখ।
শঙ্খ-বণিক্ হইয়া গৌরাইর মন বুঝ্যে যাও॥

---

(১) দুব্বা = দূর্ব্বা। আড়ি আড়ি = ঝাঁট ঝাঁট।
(২) কিয়া = কেন। স্বরের মাত্রা ঠিক রাখিবার জন্য সম্ভবতঃ এই শব্দ এখানে ব্যবহৃত হইয়াছে।
(৩) 'গৌরী'র স্থলে সর্ব্বদা 'গৌরাই' ব্যবহৃত হইয়াছে।
(৪) নিমিত্ত।
(৫) স্ত্রীলোকদের কুটুম্ব-গৃহে যাওয়ার নাম 'নাইওর'।
(৬) ভাগিনের।

প্রাচীন সূর্য্যের গান।

সূর্য্যপূজা বহু প্রাচীন। বাবিলনের প্রসিদ্ধ ইতিহাস-লেখক বেরোসাস অনুমান করেন, অগ্নি-উপাসকগণের নেতা জরথুস্ত্র খৃষ্ট জন্মিবার ২২০০ বৎসর পূর্ব্বে আবির্ভূত হন (১)। ভবিষ্যপুরাণে উল্লিখিত আছে, জরথস্ত বা জরশস্ত্র অগ্নির উপাসক ছিলেন এবং তিনি অগ্নিসম্ভূত। এই জরথুস্ত্র বা জরশস্ত্র সূর্য্যোপাসকগণের বিদ্বেষী ছিলেন। এই জন্য মগ ব্রাহ্মণদের সঙ্গে ইঁহার কলহ হয়। শ্রীকৃষ্ণের পুত্র সাম্বের কুষ্ঠব্যাধি হওয়াতে তিনি সূর্য্যের সন্তোষ বিধানার্থ মগ-ব্রাহ্মণদিগকে মূলসাম্বপুরে (বর্ত্তমান মূলতানে) আনয়ন করেন। বরাহমিহির এবং রাজতরঙ্গিনী-লেখক কহ্লন কবির মতে এই সিদ্ধান্ত স্বীকৃত হইয়াছে যে, কলিযুগের ৬৫৩ বৎসর অতীত হইলে কুরু-পাণ্ডবগণ আবির্ভূত হন। তাহা হইলে অনুমান খৃষ্ট জন্মিবার ২৬০০ বৎসর পূর্ব্বে ভারতবর্ষে শাকদ্বীপি মগ-ব্রাহ্মণগণ আগমন করেন, সুতরাং তাঁহারা জরথস্ত্রের সামসময়িক ছিলেন। এক সময়ে এই সূর্য্যোপাসক ব্রাহ্মণদের সমস্ত আর্য্যাবর্ত্তে প্রবল প্রভাব হইয়াছিল। সম্ভবতঃ ইঁহারাই ভারতবর্ষে মূর্ত্তি-পূজার প্রবর্ত্তক। ইয়াং চিয়াং মূলসাম্বপুরে সূর্য্যদেবতার বিশাল সুবর্ণবিগ্রহ দেখিয়া গিয়াছিলেন (২)। এখনও পূর্ব্ববঙ্গের অনেক স্থলে আচার্য্য ব্রাহ্মণগণ মৃত্তিকা-নির্ম্মিত দেববিগ্রহের চক্ষুদান না করিলে মূর্ত্তি শুদ্ধ হয় না। এবং বহু স্থানে এই আচার্য্য ব্রাহ্মণগণই প্রতিমা নির্ম্মাণ করিয়া থাকেন। এক কালে ইঁহাদের হাতেই মূর্ত্তি সংক্রান্ত প্রায় সমস্ত ব্যাপারই ন্যস্ত ছিল।

সুতরাং দেখা যাইতেছে ভারতবর্ষে সূর্য্যপূজা বহু প্রাচীন। বেদে সূর্য্য অনেক স্থলে বিষ্ণু বলিয়া পরিচিত। এমন কি রামায়ণের সময়ও সূর্য্যের বিষ্ণু আখ্যা যায় নাই, এরূপ মনে হয়। রামের গুণ-বর্ণনোপলক্ষে বাল্মীকী আদিকাণ্ডে লিখিয়াছেন—"বিষ্ণুনা সদৃশো বীর্য্যে সোমবৎ প্রিয়দর্শনঃ।" এই স্থলে বিষ্ণু অর্থ বেদানুযায়ী 'সূর্য্য' হইলেই সঙ্গত হয়। বিষ্ণু বা সূর্য্যের আকাশ পর্য্যটন লইয়া এক সময় অনেক দেবপ্রসঙ্গ কল্পিত হইয়াছিল। সকলেই জানেন, হিন্দু-জ্যোতির্ব্বিদগণ টোলেমির ন্যায় সূর্য্যের গতি কল্পনা করিয়া গ্রহাদির সংস্থান সিদ্ধান্ত করিয়াছেন। আমরা নক্ষত্রগুলির মধ্যে অনুরাধা, বিশাখা, চিত্রা ও রোহিণী প্রভৃতির নাম পাই;

(১) Haug's Essays on Paris, p. 298.

(২) Journal Asiatique (Paris), 1881, Tome X, p. 70.

বিষ্ণু বা সূর্য্যের সঙ্গে ইঁহাদের সংশ্রব কল্পনা করিয়া পরবর্ত্তী কৃষ্ণলীলা বিরচিত হওয়া আশ্চর্য্য নহে। বহুসংখ্যক নক্ষত্রবিশিষ্ট সূর্য্য বা বিষ্ণু-দেবতাকে পরবর্ত্তী সময়ে ষোলশত-গোপিনীবিহারী শ্রীকৃষ্ণরূপে পরিণত করা হইয়াছিল কিনা, তাহা ভাবিবার বিষয়। এক সময়ে যখন সূর্য্যই প্রধান দেবতা ছিলেন, তখন তাঁহার নানা গ্রহমণ্ডলে গতিবিধির কল্পনা-প্রসঙ্গে বিচিত্র উপাখ্যান-মালা দেশময় প্রচলিত ছিল; ভাগবতের কৃষ্ণলীলাতে সেই সূর্য্যোপাখ্যানগুলি নব-কলেবরযুক্ত হইয়াছে কিনা, বলিতে পারি না; কিন্তু ইহা একটি অনুসন্ধানের বিষয় বটে। আমরা অনেকগুলি বাঙ্গালা সূর্য্যমঙ্গলের সন্ধান পাইয়াছি। তন্মধ্যে ১৬৮৯ খৃঃ রচিত রামজীবন বিদ্যাভূষণের সূর্য্যমঙ্গলখানি অতি বিরাট্ গ্রন্থ। ইহাতে সূর্য্যোপাসক আচার্য্যগণের হস্তে বৌদ্ধ হাড়িদের নির্য্যাতন বর্ণিত হইয়াছে। এই উপলক্ষে সূর্য্যোপাসকগণের সঙ্গে বৌদ্ধদের কোন প্রাচীন কলহের ঐতিহাসিক তত্ত্ব সূচিত হইয়াছে কিনা, তাহা জানি না। আমরা সূর্য্যমঙ্গলগুলি হইতে কোন অংশ উদ্ধৃত করিলাম না, যেহেতু তাহাদের বিশেষত্ব কিছুই নাই। কিন্তু প্রাচীন কালের একটী সূর্য্য সম্বন্ধীয় ছড়া আমাদের নিকট অত্যন্ত প্রয়োজনীয় বলিয়া মনে হইতেছে। এই ছড়ায় দেখা যায় যে, প্রাচীন সূর্য্য বন্দনায় যে সকল উপাখ্যান প্রচলিত ছিল, কালে সেই সকল উপাখ্যান পরবর্ত্তী শিব ও কৃষ্ণের উপাসনায় আরোপ করা হইয়াছে। 'গৌরী' শিবের স্ত্রীরূপেই বঙ্গীয় কাব্য-সমূহে উল্লিখিত। কিন্তু এখানে দেখা যাইতেছে প্রথমতঃ 'গৌরী' নাম সূর্য্যের স্ত্রীর প্রতি প্রযুক্ত হইত। শ্রীকৃষ্ণের নৌকা-বিহার সম্বন্ধীয় ব্রজলীলার যে সকল পদ আছে, তাহার আদি-কথা সূর্য্যের নৌকা-যাত্রায় সূচিত। পরবর্ত্তী কালে যে সকল উপাখ্যান লইয়া শিব এবং শ্রীকৃষ্ণ-প্রসঙ্গ পুষ্ট হইয়াছে এই ছড়ায় তাহার উপাদান সূর্য্যে আরোপিত হইয়াছে। এখানে ষোলশত গোপিনী লইয়া শিব-ঠাকুরের সঙ্গে সূর্য্য পূজা গ্রহণ করিতে মথুরায় যাত্রা করিতেছেন, এবং নৌকার কর্ণধার বিশাই, বা বিশ্বকর্ম্মা, শ্রীকৃষ্ণের ন্যায় নৌকাকে অৰ্দ্ধমগ্ন করিয়া কৌতুক করিতেছেন। এ সময়ে ঘরে ঘরে "সূর্য্য-মঙ্গল" গীত হইত, তাহার কথাও এই ছড়ায় পাওয়া যায়।

এই সূর্য্যের গান অতি প্রাচীন। ইহার ভাষা অনেকটা পরিবর্ত্তিত হইয়াছে, সন্দেহ নাই; কিন্তু আমরা এই ছড়ার যে অংশটুকু পাইয়াছি, তাহা পৌরাণিক যুগের পূর্ব্বের কল্পনা বলিয়া মনে হয়। পূর্ব্বেই উক্ত হইয়াছে, সূর্য্যের উপাসনা শিব এবং বিষ্ণু পূজার হইতে প্রাচীনতর।

এই আদিম গ্রাম্য-রচনায় কবিত্বের অভাব নাই। ভগবান্‌কে অন্তরঙ্গ করিয়া তাঁহাকে নিজেদের মত না করিয়া লইতে পা'রলে হিন্দু-গৃহস্থ কথনই সন্তুষ্ট হন না। এখানে বালক-সূর্য্যকে লইয়া যে সকল আদর করা হইয়াছে, তাহা যশোদার গোপালের পূর্ব্ব-কল্পনা। সূর্য্যের বিবাহেচ্ছার অভিব্যক্তি গ্রাম্য কবির রসিকতায় সুন্দর ও উজ্জ্বল হইয়াছে। গৌরীর শ্বশুর-বাড়ী যাইবার প্রাক্কালে পিতৃ-গৃহের যে করুণ ক্রন্দন, তাহার মর্ম্মস্পর্শী সুর গ্রাম্য কথায় আমাদের প্রাণের তাঁত স্পর্শ করে। গৌরী বিলাপের সুরে মাঝিকে ধীরে ধীরে নৌকা বাহিতে বলিতেছেন; মাতা-পিতা এবং ভ্রাতা-ভগিনীর যে ক্রন্দনের স্বর তিনি শুনিতেছিলেন, তাহা আরও কিছুকাল শুনিয়া দুঃখবিধুর সান্ত্বনা পাইবার আশায় মাঝিকে বলিতেছেন--

"ভাঙ্গা নাও বাবাবের বৈঠা চলকে ওঠে পানী।

ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই মায়ের কাঁদন শুনি॥" ইত্যাদি।

স্বামীর সঙ্গে তাঁহার নৌকায় যে আলাপ হইয়াছিল, সহজ কথায় তাহাতে হিন্দু-গার্হস্থ্যধর্ম্মের সার কথা বলা হইয়াছে,—তাহা পল্লী-বালিকা ও তাহার পতির পবিত্র দাম্পত্য গার্হস্থ্যধর্ম্মের উপরে সুপ্রতিষ্ঠিত করিতেছে। হিন্দু-স্ত্রী শুধু স্বামীর জন্য নহেন, তিনি স্বামীর পরিবারবর্গের সঙ্গে একাত্মরূপে মিশিয়া সুগৃহিণী-পদে বাচ্য হন, সহজ কথায় সূর্য্য গৌরীকে তাহাই বুঝাইয়াছেন।

বরিশালের ফুল্লশ্রী-গ্রামে প্রাপ্ত সূর্য্যের গান।

সূর্য্যের রূপ-বর্ণনা ও উদয়-দৃশ্য।

সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে আগুন-বর্ণ॥
সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে রক্ত-বর্ণ॥
সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে তাম্বুল-বর্ণ॥

ওঠ সূর্য্য উদয় দিয়া (১)।
বাওনের (২) ঘরের গোলা ছুঁইয়া॥
বাওনের মাইয়া (৩) বড় জোয়ান।
সূর্য্যাইর পৈতা জোগায় বেয়ান বেয়ান (৪)॥

(১) পূর্ব্বদিক্ হইতে। (২) ব্রাহ্মণের।
(৩) মেয়ে—কন্যা। (৪) প্রাতে প্রাতে।

ওঠ সূর্য্য উদয় দিয়া।
কাঁসারীর ঘরের কোণ ছুঁইয়া ॥
কাঁসারীর মাইয়া বড় সেয়ান।
পূজার সাজ (১) জোগায় বেয়ান বেয়ান ॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
মালীর ঘরের কোণ ছুঁইয়া ॥
মালীর মাইয়া বড় সেয়ান।
পুষ্প জোগায় বেয়ান বেয়ান ॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
মুনির ঘরের কোণ ছুঁইয়া ॥
মুনির মাইয়া বড় সেয়ান।
সন্ধ্যা-পূজা (২) জোগায় বেয়ান বেয়ান ॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
তেলীর ঘরের কোণ ছুঁইয়া ॥
তেলীর মাইয়া বড় রাণী।
খাড়া রাগে (৩) ঢালে পানী ॥
ঢাল ঢাল মুখ-পাখ্‌লানী (৪)।
তা দিয়া সূর্য্যাইর মুখ-পাখ্‌লানী ॥

সূর্য্যের নিদ্রা-ভঙ্গ।

উত্তর আলা (৫) কদম গাছটী দক্ষিণ আলা বাওরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে ॥
শিয়রে চন্দনের (৬) বাটী বুকে ছিটা পড়েরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে ॥
কাঁস বাজে করতাল বাজে তবু সূর্য্যাইর ঘুম নাহি ভাঙ্গেরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে ॥

---

(১) সজ্জা=উপকরণ। (২) সন্ধ্যা-পূজার উপকরণ।
(৩) উচ্চস্থান হইতে সোজাসুজি ভাবে।
(৪) পাখ্‌লানী=ধোওয়া; এস্থলে ধোওয়ার জল।
(৫) দিকের। (৬) চন্দনের।

সূর্য্যের স্নান।

সোণার বাটী আগর (১) চন্নন রূপার বাটী তৈলরে।
স্নান কর ছাওয়াল (২) সূর্য্যাইরে॥
দুধের পুষ্করণী সূর্য্যাই মুইঞা দাও ডুবরে।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥
কাগে (৩) নিল তৈলের বাটী গামছা নিল সোতেরে (৪)।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥
এক ডুবে উঠেরে সূর্য্যাই যেন ধুতুরার ফুলরে।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥

সূর্য্যের ধুতি-গামছা।

স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাই ধুতি-গামছা কোথা পাইলারে।
স্বর্গে আছে তাঁতীর ছাওয়াল সূর্য্যাইর ধুতি-গামছা জোগায় সেওরে॥
স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাই তুমি সন্ধ্যা (৫) পাইলা কোথায়রে।
স্বর্গে আছে মুনির ছেলে সূর্য্যাইর সন্ধ্যা জোগায় সেওরে॥
স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাইরে॥

সূর্য্যের পূজা।

পূজা লওরে সূর্য্যাই পূজা লও॥ ধ্রু॥

মণে মণে চাউল থৈলে পূজায় বইতে (৬) পারি।
ছড়াভরা কলা থৈলে পূজায় বইতে পারি॥
সেরভরা ধুপ থৈলে পূজায় বইতে পারি।
সাজিভরা পুষ্প থৈলে পূজায় বইতে পারি॥
ডান ধারে ফুলের সাজি বাঁও (৭) ধারে রচনা (৮)।
পুরৈত (৯) ঠাকুর করে পূজা করিয়া কামনা॥
কলা কাডি (১০) কুচি কুচি নবিস্ত বাড়ি সারি (১১)।
রচনা বসাইতে আইলা ব্রাহ্মণেরি নারী॥

---

(১) অগুরু। (২) ছেলে = বালক।
(৩) কাক। (৪) সোতে = স্রোতে।
(৫) সন্ধ্যা-পদ্ধতি। (৬) বসিতে।
(৭) বাম। (৮) দেবোদ্দেশে প্রদত্ত হাঁড়িপূর্ণ চিড়া দই প্রভৃতি দ্রব্য-সম্ভার।
(৯) পুরোহিত।
(১০) কাটি। (১১) সারি সারি নৈবেদ্য রচনা করি।

ঘটের আড়ে (১) বইয়া সূর্য্যাই মুটএগা মুটএগা চায়
শ্বেত ধূপের গন্ধে সূর্য্যাই পূজা খাইতে বয় (২)॥
পূজা খাইয়া ছাওয়াল সূর্য্যাই জলপান কল্লা কি।
হালা (৩) বাড়ীর দুগ্ধ-দধি গোয়াল-বাড়ীর ঘি॥
পূজা খাইয়া ছাওয়াল সূর্য্যাই চতুর্দ্দিকে চায়।
জলপান কল্লা ছাওয়াল সূর্য্যাই মুখশুদ্ধ কল্লা কি।
বারৈ বাড়ীর পাণ সুপারি গাছের হরতকী॥

সূর্য্যের যাত্রা ও পার।

আরে ও পাটনী মোরে পার কররে॥ ধ্রু॥

সূর্য্যাই ঠাকুর যাত্রা করে সুংপে (৪) সোণার ঘটি।
চারিদিকে লোক-লস্কর মধ্যে নাচে হরি॥
শিবাই ঠাকুর যাত্রা করে দুই কাণে ধুতুরা।
ষোল শত গোপিনী লয়ে চলিছে মথুরা॥
গাঙ্গের কূলে গিয়া সূর্য্যাই ডাকে ঘন ঘন।
কৈ গেলা পাটনী বিশাই খেওয়ার কড়ি গণ॥
শ্রীফল গাছের নৌকাখানি মধ্যে জোড়-গুড়া (৫)।
সূর্য্যাই ঠাকুর বৈছেন (৬) যেন পর্ব্বতেরি চূড়া॥
চন্দন গাছের নৌকাখানি আগা পাছা টান।
সূর্য্যাই ঠাকুর বৈছেন যেন পূর্ণিমারি চাঁদ॥
মধ্য গাঙ্গে নিয়ারে বিশাই নাও (৭) করিল কাইত্।
বুঝিলাম বুঝিলাম বিশাই দুপুরা ডাকাত (৮)॥
নৌকা হইতে সূর্য্যাই ঠাকুর কূলে দিল পারা (৯)।
আচম্বিতে পাইল বিশাই সুবর্ণের ভরা॥
পার হইয়া সূর্য্যাই ঠাকুর চারিদিকে চায়।
যে দিক শোনে সূর্য্যাই-মঙ্গল (১০) সেই দিক চলা যায়॥

(১) আড়ালে। (২) বসে। (৩) যাহারা হাল চাষ করে=কৃষক। বরিশাল অঞ্চলে কৃষকশ্রেণীই প্রধানতঃ দুগ্ধ-দধি-বিক্রেতা।
(৪) সম্মুখে। (৫) যে কাষ্ঠ কড়িকাঠের ন্যায় আড়াআড়ি ভাবে নৌকার উপর সংলগ্ন থাকে তাহাকে 'গুড়া' বলে। নৌকা শক্ত করিবার জন্য কোন কোন স্থলে দুইটা গুড়া একত্র করিয়া দেওয়ার নিয়ম আছে বলিয়া এস্থলে 'জোড়-গুড়া'র কথা উল্লিখিত হইয়াছে। (৬) বসিয়াছেন। (৭) নৌকা। (৮) যে লোক দিনে-দুপুরেও ডাকাতি করিতে পারে। (৯) পদক্ষেপ করিল।
(১০) সূর্য্যের উদ্দেশে মঙ্গল-গীতি।

সূর্য্যাই আইল শিবাই আইল পড়্যা গেল সাড়া।
কেহ বাজায় ঢোল ডাগর কেহ বাজায় কারা॥
মুই যদি জানিতাম সূর্য্যাই আসবেন আমার বাড়ী।
চন্দনের ছড়া-ঝাইর দিতাম সকল বাড়ী॥
সূর্য্যাই আইল শিবাই আইল পড়্যা গেল সাড়া।
সায়বানা (১) টানাইয়া তারা রৈল কদমতলা॥

সূর্য্যের বিবাহেচ্ছা।

ওপার দুইটী বাওনের কন্যা মেল্যা দিছে সাড়ি।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর ফেরেন বাড়ী বাড়ী॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাগর (২) হৈছে বিয়া করাও না॥

ওপার দুইটী বাওনের কন্যা মেল্যা দিছে কেশ।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর ফেরেন নানা দেশ॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাগর হৈছে বিয়া করাও না॥

ওপার দুইটী বাওনের কন্যা মল খাড়ুয়া (৩) পায়।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর বিয়া করতে চায়॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাগর হৈছে বিয়া করাও না॥

ঘটকের আগমন।

ঘটক চলিল ও চলিলরে ঘটক-চূড়ামণি॥ ধ্রু॥

কোথা থিকা (৪) আইছরে ঘটক কি নাম তোমার।
স্বর্গে থিকা আইছিরে আমি মর্ত্তে (৫) দিয়া পাও॥
সূর্য্যাইরও গো বিয়া যে হইবে আসা শুকুরবার (৬)॥
কি দেখিলা কি শুনে গো বলা ঘটক রে মশায়।
হাত দেখলাম পাও দেখলাম দেখলাম দীঘল চুল।
প্রদীপের রোশ্নাইতে দেখলাম মধুর চন্দ্রমুখ॥

---

(১) সামিয়ানা। (২) ডাগর = বড়।
(৩) পায়ের এক প্রকার বক্রাকৃতি অলঙ্কার।
(৪) হইতে। (৫) মর্ত্তে। (৬) শুক্রবার।

সূর্য্য ও গৌরীর বিবাহ-সজ্জা ক্রয়।

সুন্দর বাণিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়ার চন্দন কেনে গৌরার মায়॥
সুন্দর মালিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়ার মুকুট কেনে গৌরার মায়॥
সুন্দর তাঁতিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়াব কাপড় কেনে গৌরার মায়॥

গৌরাইর বিয়া তোরা দেখ্যা যা বেড়িয়া ঘুরিয়া॥ ধ্রু॥

আসিতে শিখাইল মায়।
গৌরাই প্রণাম করবা জামাইর পায়॥

সূর্য্যের বিবাহ।

আম ফলে থোকা থোকা, তিঁতৈল (১) ফলে বেকা বেকা (২)।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন মা'র ঝোলা টাকা টাকা॥
খাডো খাডো নাইরকোল গাছটী পির (৩) ছাইয়া ফলে।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন ঘৃতের প্রদীপ জ্বলে॥
খাডো খাডো কলা গাছটী বাইল্ল পড়ে মৌ।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন বড় সুন্দর বৌ॥
সখী চল্ গিয়া মোরা দেখি।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন নামে চন্দ্রমুখী॥
ছাওয়াল সূর্য্যাইর ঘরের ছাঁইচে (৪) রামকলার পাত।
তাহাতে রাঁধিয়া দিমু দারা-কূটার (৫) ভাত॥
সখী চল্ গিয়া মোরা দেখি।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন নামে চন্দ্রমুখী॥

সূর্য্যের শ্বশুর-বাড়ী যাত্রার উদ্যোগ ও শ্বশুর-গৃহে আচরণ সম্বন্ধে তাহার প্রতি উপদেশ।

আনন্দের আর সীমা নাইগো আনন্দ॥ ধ্রু॥

সূর্য্যাই যাবেন শ্বশুর-বাড়ী সঙ্গে যাইবেন কে।
সঙ্গে যাইবে সূর্য্যাইর বাপে সাজ্‌তে লাগ্‌যে (৬) সে॥

(১) তেঁতুল। (২) বাঁকা = বক্র। (৩) খাডো = খাট = ক্ষুদ্র। নাইরকোল = নারিকেল। পির = কান্দী। (৪) ছাঁচনাতলায়। (৫) 'দারা-কূটার ভাত' খাওয়া বিবাহ-সময়ের একটী স্ত্রী-আচার। তিনখানা দারা অর্থাৎ কাঠের উপর হাঁড়ি রাখিয়া কূটা অর্থাৎ খড় দ্বারা এই অন্ন ঘৃতপক্ক করিতে হয় বলিয়া ইহার এইরূপ নামকরণ হইয়াছে। (৬) লাগিয়াছে = আরম্ভ করিয়াছে।

মামায় ভাইগ্নায় হাল বায় বামে ঠেল্যা যাইও। (১)
শালীয়া যে পাণ দিবে কাপড়ে মুছ্যা খাইও॥
শাশুড়ী রেঁধেছে দারা ঝালে আর ঝোলে।
শালা-বৌ পশেন (২) দারা সুবর্ণেরি থালে॥

গৌরীর শ্বশুর-বাড়ী গমন।

আজ যা গৌরী কান্দা-কাটা।
কাইল আইস্ গৌরী হাস্তা-রস্তা॥
গৌরীর মায় কাঁদে-কাটে।
হাজার টাকা গাইড়ে বাঁধে॥ (৩)

ও গৌরী না গিয়া।
পান্তা ভাত খা গিয়া॥
পান্তা ভাত গলা গলা।
পুডি মাছ চলা চলা (৪)॥

আম গাছে থাকলো কোকিলা চন্নন গাছে বাসা।
আলো আমার গৌরা নিতেলো কোকিলা মনে কর আশা॥
কোন খান দিয়া আইলরে অতিথ আমি বাইর বাড়ী দিলাম বাসা
সে না অতিথের মনে গৌরা নেবার আশা॥
আট বার বছরের গৌরী ভেব নয়রে পড়ে।
ঘুরিয়া ঘুরিয়া বাছা মায়ের অঞ্চল ধরে॥
টাকা নয়রে কড়ি নয়রে কোটরে রাখিব।
পরের লগ্যা চৈছে গৌরা পরেরে সে দিব॥
অৰ্দ্ধেক গাঙ্গে (৫) ঝড় বৃষ্টি অৰ্দ্ধেক গাঙ্গে কুয়া।
মধ্য গাঙ্গে বাদ্য বাজে গৌরা লবার লইগ্যা॥
আড়ুনী কাঁদে পড়ুনী কাঁদে কাঁদে বইয়া বইয়া।
গৌরীর জনকে কাঁদে গামছা মুড়ি দিয়া॥
গৌরীর যে ভাই কাঁদে খেলার সাজি লইয়া।
গৌরীর যে মায়ে কাঁদে শানে পাছাড় (৬) খাইয়া॥

---

(১) হাল বায় = হলকর্ষণ করে। মাতুল ও ভাগিনেয়ের একত্র হল-কর্ষণ বামে দেখিলে যাত্রা শুভ হয়। (২) পরিবেশন করেন।
(৩) গাইড়ে = গাঁটে। তৎকালে কন্যা-পণ লওয়ার প্রথা ছিল।
(৪) পুডি = পুঁটি। চলা = রাঁধিবার কাঠ; এস্থলে (ভাজা পুঁটি মাছ) কাঠের ন্যায় দৃঢ়। (৫) নদীতে। (৬) আছাড়।

মাও ধন বাপ ধন তোমরা নি রাখ্‌বা মোরে।
সভার মধ্যে লইছি টাকা কেমনে রাখ্‌ব তোরে॥
উত্তর আটের (১) রামকলা কাট্যা আন পাত।
তাহাতে খাইবে গৌরী নাইওরেরি (২) ভাত॥

ভাঙ্গা নাও মাদারের বৈঠা চলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই মায়ের কাঁদন শুনি॥
ভাঙ্গা নাও মাদারের বৈঠা চলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি ভাই ভাইয়ের কাঁদন শুনি॥
ভাঙ্গা নাও মাদারের বৈঠা চলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই বুইনের (৩) কাঁদন শুনি॥

গৌরীর অভাব-মোচনে সূর্য্যের সঙ্কল্প।

(উত্তর-প্রত্যুত্তর)

তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি কাপড়ে দুঃখ পামু।
নগরে নগরে আমি তাঁতিয়া বসামু॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি শঙ্খের দুঃখ পামু।
নগরে নগরে আমি শাঁখারী বসামু॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি সিন্দুরে দুঃখ পামু।
নগরে নগরে আমি বাণিয়া বসামু॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি তেলের দুঃখ পামু।
নগরে নগরে আমি তেলিয়া বসামু॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি চাউলের দুঃখ পামু।
নগরে নগরে আমি হালিয়া (৪) বসামু॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি মা বলিমু কারে।
আমার যে মা আছে মা বলিবা তারে॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি বাপ বলিমু কারে।
আমার যে বাপ আছে বাপ বলিবা তারে॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি ভাই বলিমু কারে।
আমার যে ভাই আছে ভাই বলিবা তারে॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি বুইন বলিমু কারে।
আমার যে বুইন আছে বুইন বলিবা তারে॥

(১) হাটের। (২) স্ত্রীলোকের কুটুম্বগৃহে যাওয়াকে 'নাইওর' বলে।
(৩) বহিন=ভগিনী। (৪) চাষা=কৃষক।

মনসা-মঙ্গল।

মনসার ভাসানের কথা যে কত প্রাচীন তাহা নির্ণয় করা দুরূহ। এই কথার আদি-স্থান বঙ্গদেশ কিংবা বিহার তাহা ঠিক জানি না। যদিও আসাম এবং বঙ্গদেশের বহু স্থানে চাঁদ সদাগর এবং মনসা-মঙ্গলের উল্লিখিত অপরাপর ব্যক্তিগণের কর্ম্মক্ষেত্র নির্দ্দিষ্ট হইয়া থাকে, তথাপি প্রাচীন অঙ্গদেশের রাজধানী চম্পাই মনসা-মঙ্গলের চম্পকনগরী কিনা, তাহাও একটি গুরুতর প্রশ্ন। যদি তাহা হয়, তবে বিহারই এই গীতির আদি-স্থান বলিয়া গণ্য হইবে। ভাগলপুর, পাটনা প্রভৃতি উত্তর-পশ্চিমের অনেক স্থানেই বেহুলা ও লক্ষীন্দরের গান প্রচলিত আছে এবং তদ্দেশীয় বেদে-রমণীগণও বেহুলা ও লক্ষীন্দরের ছড়া গাইয়া সর্প-ক্রীড়া প্রদর্শন করিয়া থাকে। পাল-রাজাদের গানের ন্যায় মনসা-মঙ্গলের কথাও পশ্চিমোত্তর ভারতবর্ষের অনেক স্থলেই সুপরিচিত। মগধ কিংবা অপর কোন নিকটবর্ত্তী রাজধানী হইতে এই গান হয়ত সমস্ত আর্য্যাবর্ত্তে এক সময়ে প্রচলিত হইয়া পড়িয়াছিল। পাল-রাজাদের সময়েও মগধ আর্য্যাবর্ত্তের কেন্দ্রস্থানীয় ছিল, সুতরাং এই প্রাচীন রাজধানীর আমোদ-উৎসব ও কবি-গাথা যে আর্য্যাবর্ত্তের ভিন্ন ভিন্ন স্থানে অনুকৃত হইবে তাহা অনুমান করা অসঙ্গত নহে। দেখা যায়, মনসা-মঙ্গলের প্রাচীন কবি নারায়ণদেব মগধেই জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার কাব্যের একখানি প্রাচীন পুঁথিতে চাঁদ সদাগরের স্ত্রী সোনকাকে "বেহারিয়া রাজার কন্যা" বলিয়া উল্লেখ করা হইয়াছে। এই কাব্যের অপর প্রাচীন কবি বংশীবদন শর্ম্মা সোনকাকে পাটলীনগরের রাজকন্যা বলিয়া উল্লেখ করিয়াছেন; সম্ভবতঃ এই পাটলীনগর পাটলীপুত্রের নামেরই সংক্ষেপ। প্রাচীন মনসা-মঙ্গল কাব্যে দৃষ্ট হয়—বিহার-প্রদেশের "বাছাই" নামক জনৈক রাজা সর্ব্বপ্রথম মনসাদেবীর ঘট স্থাপন করিয়া পূজা করেন। রাজা "বাছাই" হালুয়া অর্থাৎ হলবাহক জাতীয় ছিলেন। ইঁহার সম্বন্ধে বিস্তৃত বিবরণ বংশীদাস দিয়াছেন। এই মনসা-মঙ্গলের কথা যে হিন্দুপ্রভাবের পূর্ব্ববর্ত্তী তাহাতে কোন সন্দেহই নাই। ইহাতে ব্রাহ্মণ বা কোন উচ্চ বর্ণের চরিত্র একরূপ নাই বলিলেও অত্যুক্তি হয় না। বণিক্ জাতির গৌরব প্রচারই প্রাসঙ্গিক ভাবে এই গীতির অন্যতর বিষয়। আমরা জানি, বৌদ্ধযুগেই বণিক্ জাতি এদেশে ধনে মানে উন্নত ছিলেন। ব্রাহ্মণ্য প্রভাবের পর তাঁহাদের অধঃপতন হইয়াছে। মনসা-মঙ্গল ও পাল-রাজাদের গানে

কতকগুলি বিষয়ের ঐক্য দৃষ্ট হয়; যথা,—(১) ব্রাহ্মণের মধ্যে যাহা কিছু প্রভাব তাহা দৈবজ্ঞ আচার্য্যের; (২) উভয় গীতিতেই "মহাজ্ঞানের" অপূর্ব্ব ক্ষমতার কথা; (৩) হিন্তাল বা হেঁতালের লাঠী যেরূপ চাঁদ সদাগরের হস্তে দেখিতে পাই, সেইরূপ হাড়ি সিদ্ধার হাতেও দেখিয়াছি; (৪) যে 'মন-পবনের নৌকা'র কথা আমরা মাণিক চাঁদের গানে পাইয়াছি, চাঁদ সদাগরের মধুকর ডিঙ্গাও সেই 'মন-পবনে'ই গঠিত। অবশ্য এ কথা স্বীকার্য্য যে, মনসাদেবীর ব্রাহ্মণ-উপাসকগণ পরবর্ত্তী যুগে তাঁহার গীতি অনেকটা পরিমার্জ্জিত ও হিন্দু-ভাবাপন্ন করিয়া তুলিয়াছেন। প্রাচীন মনসা-মঙ্গল কাব্যে দৃষ্ট হয়—মনসাদেবীর নিকট অপরাপর বলির সঙ্গে হংস, কবুতর ও কচ্ছপ বলি পড়িত এবং তাঁহার নৈবেদ্যের মধ্যে অপরাপর সামগ্রীর সঙ্গে হংস-ডিম্বও থাকিত।

মনসাদেবীর বঙ্গীয় স্তোত্রে দেবীর পূর্ণাঙ্গ-বিগ্রহের বর্ণনা এইরূপ:— দেবীর দুই পার্শ্বে জালু ও মালু ভ্রাতৃদ্বয়; তাঁহার বাম পার্শ্বে নেতা ও দক্ষিণে সুগন্ধা। এই ভাবের বর্ণনা কোন হিন্দু-পুরাণে আছে বলিয়া আমরা জানি না। মনসাদেবীর গীতি পূর্ব্বোক্ত নানা কারণে বৌদ্ধযুগেই সূচিত হইয়াছিল বলিয়া আমরা বিশ্বাস করি।

বেহার অঞ্চলেই এই গানের আরম্ভ পরিকল্পিত হইয়াছিল, যদিও বা একথা আমাদের স্বীকার করিতে হয়, তথাপি বঙ্গদেশে, বিশেষতঃ পূর্ব্ববঙ্গে, যে, মনসা-মঙ্গলের পূর্ণ বিকাশ হইয়াছিল, তাহা সর্ব্ববাদি-সম্মত। বিজয় গুপ্ত ১৪৭৮ খৃঃ তাঁহার মনসা-মঙ্গল কাব্য রচনা করেন। তিনি লিখিয়াছেন—কাণা হরিদত্তই বঙ্গীয় মনসা-মঙ্গল-রচকদের অগ্রণী। তিনি আরও লিখিয়াছেন যে, তাঁহার সময়ে কাণা হরিদত্তের গীতি কালক্রমে একরূপ লুপ্ত হইয়া গিয়াছিল। কাণা হরিদত্ত যে বিশেষ প্রসিদ্ধ লেখক ছিলেন, তাহার অন্যতর প্রমাণ এই যে, পরবর্ত্তী কালে পুরুষোত্তম প্রভৃতি কবিগণ তদীয় পদাঙ্ক অনুসরণ করিয়া কাব্য রচনা করিয়াছেন ও ভণিতায় তাহা স্বীকার করিয়া কৃতার্থ হইয়াছেন। ঈদৃশ প্রসিদ্ধ ব্যক্তির কাব্য লুপ্ত হইতে অন্যূন ২৫০।৩০০ শত বৎসর অতিবাহিত হইবার কথা। তাহা হইলে কাণা হরিদত্ত ১২শ শতাব্দীর শেষভাগে তাঁহার কাব্য রচনা করিয়াছিলেন বলিয়া আমরা অনুমান করিতে পারি। কাণা হরিদত্তের পরে নারায়ণ দেব অনুমান ১২৪৬ খৃঃ তাঁহার মনসা-মঙ্গল রচনা করেন। ময়মনসিংহের বুড় গ্রামে নারায়ণ দেবের বংশধরগণ বাস করিতেছেন। তাঁহারা নারায়ণ দেব হইতে অধস্তন বিংশ পর্য্যায়ে অবস্থিত। সম্ভবতঃ নারায়ণ দেবের পরে ১৫৭৫ খৃঃ শাণ্ডিল্য গোত্রীয় বন্দ্যঘটী গাঁই চক্রপাণির অধস্তন

পঞ্চম পুরুষ যাদবানন্দের পুত্র দ্বিজ বংশীবদন তাঁহার মনসা-মঙ্গল রচনা করেন। ইনি বিজয় গুপ্তের সামসময়িক।

নানা বিভিন্ন দেশের লেখকগণ যখন মনসা-মঙ্গল রচনা করিয়াছেন, তখন এ কথায় আমাদের আশ্চর্য্যান্বিত হইবার কিছুই নাই যে, কবিরা তাঁহাদের স্বীয় দেশেই মনসা-মঙ্গলের ক্ষেত্র পরিকল্পনা করিয়া গীতি-বর্ণন-প্রসঙ্গে সেই সেই স্থানের ভৌগোলিক বৃত্তান্ত আখ্যায়িকার সঙ্গে জুড়িয়া দিয়াছেন। পূর্ব্ববর্ত্তী নারায়ণ দেব, বংশীবদন ও বিজয় গুপ্ত প্রভৃতি কবিগণ যেখানে বেহুলার মান্দাস-যাত্রা উপলক্ষে পদ্মানদীর বর্ণনা করিয়াছেন, রাঢ়ের কেতকাদাস, ক্ষেমানন্দ প্রভৃতি কবিগণ সেই স্থলে গাঙ্গুড় নদীকে আশ্রয় করিয়াছেন। পৌরাণিক স্থানসমূহের ভৌগোলিক সংস্থান সম্বন্ধে হিন্দু-লেখকগণ চিরকালই এইরূপ বৃত্তি অবলম্বন করিয়া আসিয়াছেন। যাবাদ্বীপে এখনও কুরুক্ষেত্র, অযোধ্যা প্রভৃতি স্থান আছে; বলীদ্বীপের হিন্দুগণের দৃঢ় বিশ্বাস উক্ত স্থানগুলিই পৌরাণিক আখ্যায়িকাসমূহের প্রকৃত ক্ষেত্র। উড়িষ্যায় ময়ূরভঞ্জের যে অযোধ্যাপুরী আছে, তাহাই রামের জন্মভূমি বলিয়া সেই স্থানের লোকেরা এক সময়ে বিশ্বাস করিতেন। এতৎসম্বন্ধে অপরাপর বিবর (৩য় সংস্করণ) বঙ্গভাষা ও সাহিত্যের ১২৯ পৃষ্ঠায় দেখুন।

মনসা-মঙ্গল—খৃষ্টীয় ১২শ শতাব্দী—কাণা হরিদত্ত।

(ইঁহার বিবরণ ৩য় সংস্করণ বঙ্গভাষা ও সাহিত্যের ১৮৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য।)

পদ্মার সর্প-সজ্জা।

ছুট হাতের শঙ্খ হইল গরল শঙ্খিনী।
কেশের জাত কৈল এ কাল নাগিনী॥
কুণ্ডলিয়া নাগে কৈল গলার কুণ্ডলি।
দেবী বিচিত্র নাগে কৈল হৃদয়ে কাঁচুলী॥
সিন্দুরিয়া নাগে কৈল সীতায় সিন্দুর।
কাজলিয়া কৈল দেবীর কাজল প্রচুর॥
পদ্মনাগে কৈল দেবীর সুন্দর কিঙ্কিণী।
বেতনাগ দিয়া কৈল কাকালি কাঁচুলী॥
কনক-নাগে কৈলা কর্ণের চাকি বলি।
বিষাক্তিয়া নাগে দেবীর পায়ের [illegible]॥

হেমন্ত বসন্ত নাগে পৃষ্ঠের যোগনা।
সর্ব্বাঙ্গে নিকলে যার অগ্নি কণা কণা ॥
অমৃত নয়ান এড়ি বিষ-নয়ানে চায়।
চন্দ্র সূর্য্য দুই তারা আড়ে লুকায় ॥

কাণা হরিদত্তের পদ ভাঙ্গিয়া পুরুষোত্তমনামক কবি এই পদ রচনা করিয়াছেন ॥ *

চাঁদ সদাগরের খেদ।

ক্ষীরোদ-জলে চাঁদ লখাইরে ভাসাইয়া
বিস্তর করিছে বিষাদ।
পুত্র পুত্রবধূ জলেতে ভাসাইয়া
কি আর জীবনে সাধ ॥
বাণিজ্য করিয়া পাইলাম হীরামণ মাণিক্য
সম্পূর্ণ চৌদ্দপানি ভরা।
মনসা পরিবাদে সকলি হারাইলাম
আপনে আসিলাম একা ॥
আমার গেল ধন জন বাড়ীর ভাজন
পুত্র গেল ইন্দ্রের সমানা।
ঘোড়ার পাইক শালে ঘোড়া না রহিল
হস্তীশূন্য পিলখানা ॥
প্রাণের লখিন্দর ভুড়ার উপর
ভাসিয়া যায় কতদূর।
পাথরের স্তম্ভ আনি তাহাতে কপাল হানি
খেদ করিল প্রচুর ॥
সাতটী পুত্র হৈল একটী না রহিল
কেবল পদ্মার বাদে।
লখাইরে ভাসাইয়া শিরোপরে হাত দিয়া
ঘন ঘন সাধু কান্দে ॥
ছয় পুত্র হারাইলাম তোমা ধন পাইলাম
কেবল পদ্মার বরে।

---

* এই পদ বরিশালে মুদ্রিত বিজয় গুপ্তের পদ্মাপুরাণেই আছে, অথচ সেই পুস্তকের ভূমিকায় উল্লিখিত হয় নাই।

হরি হরি কেন হইলা নিদারুণ
কি লয়ে থাকিব ঘরে॥
কাণা হরিদত্ত হরির কিঙ্কর
মনসা হউক সহায়।
তার অনুবন্ধ লাচারির ছন্দ
শ্রীপুরুষোত্তমে গায়॥

মনসা-মঙ্গল—নারায়ণ দেব—১৩শ শতাব্দী।

(ত্রিপুরা জেলার ২২৫ বৎসরের প্রাচীন পুথি হইতে সংগৃহীত।)

নারায়ণ দেবের পিতামহের নাম নরহরি, পিতার নাম নরসিংহ। ইঁহাদের আদি-বাসস্থান মগধ ছিল। ইঁহারা মধুকুল্যগোত্র এবং গুণাকর গাঁই। নারায়ণ দেবের মাতার নাম রুক্মিণী বা রত্নাবতী, মাতামহের নাম প্রভাকর। নারায়ণ দেবের কনিষ্ঠ ভ্রাতার নাম বল্লভ; ইনি নারায়ণ দেব অপেক্ষা বয়সে চৌদ্দ বৎসরের ছোট। নারায়ণ দেব কিছুতেই বিদ্যাচর্চ্চা করিতে না পারিয়া প্রাণত্যাগ-সংকল্পে এক সরোবরের নিকট গমন করিয়াছিলেন, এই সময়ে মনসাদেবীর কৃপায় তাঁহার সরস্বতীর অনুগ্রহ লাভ হইল। নারায়ণ দেব বলিয়া যাইতে লাগিলেন ও বল্লভ লিখিতে লাগিলেন, এই ভাবে তাঁহার সুপ্রসিদ্ধ মনসার ভাসান রচিত হয়। বিশেষ বিবরণ (তৃতীয় সংস্করণ) বঙ্গভাষা ও সাহিত্যের ১২৩ পৃষ্ঠায় ও ভূমিকার "খ" পৃষ্ঠায় দ্রষ্টব্য। অপরাপর বিবরণ ১৭৩০ শকাব্দে পরগণা ভাতিয়া গোপালপুর, চোওড়াল গ্রাম নিবাসী শ্রীগৌরীকান্ত দাস লিখিত নকল হইতে শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য সংগ্রহ করিয়াছেন। নারায়ণ দেবকে বন্দনা করিয়া বাড়ের কেতকাদাস, ক্ষেমানন্দ প্রভৃতি কবি তাঁহাদের মনসা-মঙ্গলের রচনা আরম্ভ করিয়াছেন (১)। সেই প্রাচীন যুগেও ময়মনসিংহবাসী কবির খ্যাতি কতদূর বিস্তৃত হইয়া পড়িয়াছিল, ইহা দ্বারা তাহা অনুমিত হয়।

দংশনের পূর্ব্বে কালিনাগের লখীন্দরকে দর্শন।

চন্দন তিলক লখাই ললাটের মাঝে।
যে হেন মেঘের গিরি তরু লতা সাজে॥

(১) হাইকোর্টের উকিল শ্রীযুক্ত দ্বারকানাথ চক্রবর্ত্তী ও রামনাথ রায় মহোদয়দ্বয় সম্পাদিত দ্বিজ বংশীর মনসা-মঙ্গলের ভূমিকা দ্রষ্টব্য।

ভুবন মোহন বিপুলা লখাইর কাছে।
চাচর জিনিয়া শোভে দিব্য মাথার কেশে ॥
স্বামী উরে করি নারী শুইআছে আশে।
আজি রাড়ী হৈব বেউলা শ্বশুরের দোষে ॥
সকল শরীর ঘুনি চাহে ঠাঁই ঠাঁই।
তিল প্রমাণ দোষ লখাইর অঙ্গে নাই ॥
নারায়ণ দেবে কহে মনসা চরণে।
কেমতে ধরাইব কাল মাএর পরাণে ॥

দংশনান্তর লখীন্দরের পরিতাপ।

চমকিয়া উঠে লখাই শয্যার উপর।
বিপুলা বিপুলা (১) করি ডাকে লক্ষীন্দর ॥
উঠ উঠ বিপুলা যে কত নিদ্রা যায়।
কাল নাগে আমা খাইল চক্ষু ভরি চায় ॥
না হৈল মাস পক্ষ দিন দুই চারি।
কাল রাত্রি পদ্মাবতী তোরে কৈল রাঁড়ী ॥
নারীকুলে জন্মি তুই কি ফল করিলি।
প্রভু লৈয়া এক রাত্রি সুখে না বঞ্চিলি ॥
আক্ষার মরণে তুই না জীবে পরাণে।
তুমি হেন অভাগিনী নাহি ত্রিভুবনে ॥
যত কর্ম্ম অধর্ম্ম করিলি গুরুতরে।
সেই দোষে তোমা ছাড়ি যায় লক্ষীন্দরে ॥
উঠ উঠ বিপুলা যে কত নিদ্রা যাও।
পাপিষ্ঠ বিষের জ্বালে মুখে না আইসে রাও ॥
মায় সোণাই (২) না জীব আমার মৃত্যু শুনি।
যোগী হইয়া বাহের হৈব মনের আগুনি ॥
আমার মরণে হৈব মাএর মরণ।
অঙ্গ কষ্ট করি মাএ তেজিব জীবন ॥
আক্ষা শোকে জননীএ তেজিব অন্ন পানী।
আক্ষার মরণে মায় হৈব পক্ষিণী ॥
আক্ষার মরণে মায় সিন্ধু দিব ঝাপ।
আক্ষার বিয়োগে মাও হৈব বহু তাপ ॥

---

(১) বিপুলা=বেহুলা। (২) মাতা সোনকা।

আজ্ঞা শোকানলে মায় শরীর পুড়িয়া।
খ্যাতি রাখিবেক মায় সংসারে ঘুড়িয়া॥
ছয় পুত্র পাসরিল আমা রূপ দেখি।
এহি শোকে মায় মোর গলায় দিব রেখি॥
কবি নারায়ণে কহে সরস পাঁচালী।
লখাইর করুণা শুন এক লাচাড়ি॥

এই মত বিপুলারে বোলাইল অনেক।
মন কথা কহি লখাই রহিল ক্ষণেক॥
দারুণ বিষের জ্বালে রহি বায়ে বায়।
পুনরপি বিপুলারে লাগে কহিবার॥
উঠ উঠ প্রাণ প্রিয়া মোর দুঃখ চাও।
বিষে প্রাণ যায় মোর কিবা নিদ্রা যাও॥
উঠ উঠ প্রিয়া তোর দেখি চাঁদ মুখ।
মরণ সফল মোর খণ্ডিবেক দুঃখ॥
কান্দে কান্দে লক্ষীন্দর বিপুলার মুখ চাহিয়া।
থাকিতে না দেখ আমা না পাইবা কান্দিয়া॥
এহি সে আমার মনে মনে রৈল বড় তাপ।
না জানি জন্মান্তরে কৈলুম কোন পাপ॥
এহি মতে লক্ষীন্দরে বলিল বচন।
কাল-ঘুমে (১) বিপুলার নাহিক চেতন॥
কালিন্দর (২) হৈছে অঙ্গ পাইছে কাল নাগে।
অঙ্গে হাত দিয়া তাকে চেতাইতে (৩) লাগে॥
কবি নারায়ণে কহে সরস পাঁচালী।
পয়ার এড়িয়া শুন এক লাচাড়ি॥

বেহুলার নিদ্রা হইতে জাগরণ।

নিদ্রা হৈতে বিপুলাএ চৈতন্য পাইয়া।
উঠিয়া বিপুলা রৈল ত্রাসিত হইয়া॥
আজি কেনে প্রাণ মোর করে ধড় ফড়।
প্রদীপ নিবাইল কিসে প্রভু নাহি ভাল॥

(১) কাল-ঘুম—যে ঘুম সহজে ভাঙ্গে না; এখানে মনসা-কৃত মায়া-নিদ্রা। (২) কৃষ্ণবর্ণ। (৩) চৈতন্য উৎপাদন করিতে।

নেত (১) ছিড়িয়া বিপুলা জ্বালাইল বাতি।
ঘর বিচারিয়া (৪) বিপুলা দেখিলেক মূরতি॥
নেহালিয়া বিপুলা চাহে লখীন্দর।
কান্দে রে সুন্দরী বিপুলা বলি প্রাণেশ্বর॥
কোকিলের ধ্বনি যেন বিপুলা-ক্রন্দন।
শুনিতে উপজে দুঃখ শুনে যেই জন॥
কোন্ দোষে প্রভু মোরে হৈলা অদর্শন। বেহুলার বিলাপ।
তুমি বিনে আমার জীবন অকারণ॥
কোপে নিদ্রা যায় প্রভু কোন্ দোষ দিয়া।
বারেক উত্তর দেয় অভাগী চাহিয়া॥
জিজ্ঞাসিতে উত্তর না পাইলা যে কারণ।
সে কারণে নিদ্রা যায় হইয়া ক্রোধ-মন॥
হাসি হাসি দেয় মোরে অঙ্গে আলিঙ্গন।
তবে সে যুড়াএ প্রভু অভাগীর প্রাণ॥
বিশুদ্ধ কাঞ্চন যেন শরীরের জ্যোতিঃ।
অকালেত রাড়ী হৈলুম শুন প্রাণপতি॥
তোমারে দেখিয়া প্রভু হরূপ যৌবন।
বিবাহ দেখিতে আইলেন যত দেবগণ॥
দশদিগ প্রকাশিত তোমার রূপ তেজে।
গন্ধর্ব্ব বিদ্যাধর পলাইল তা দেখিয়া লাজে॥
অমৃত সমান প্রভু রে তোমার মুখের বাণী।
পুনরপি না শুনিলুম মুই অভাগিনী॥
হাতের শঙ্খ ভাঙ্গিমু কঙ্কণ করিমু চুর।
মুছিয়া ফেলিমু আমি সীথিঁর সিন্দুর॥
এহেন সুন্দর রূপ প্রভু রে প্রকাশিত রজনী।
চন্দ্র সূর্য্য জিনিয়া রূপ প্রভু হরিল নাগিনী॥
চাঁপার কলিকা সম প্রভু র তোমার কোমল অঙ্গুলি।
তুমি আমার প্রভু রে অভাগী বেহুলা ডাকে চাহ চক্ষু মেলি॥
উঠ উঠ প্রভু তুমি না দেয় কেনে উত্তর।
অভাগীরে দৃষ্টি কর সুন্দর কমল॥
আমার হস্তে অন্ন খাইতে আছিল মন।
লজ্জার কারণে প্রভু না কৈলাম রন্ধন॥

---

(১) বস্ত্র। (৪) খুঁজিয়া।

সেই সে কারণে দুঃখ রহিলেক মোর।
তে কারণে ক্রোধে প্রভু না দেয় উত্তর ॥
যদি ক্রোধ থাকে প্রভু দেয় তবে কল।
ক্রোধ ভাঙ্গি তোহ্মার মন জুড়াউক সকল ॥
মহা ক্রোধে নিদ্রা যায় কোন্ দোষ পাইয়া।
বারেক উত্তর দেয় অভাগিনী চাইয়া ॥
মুখে মুখ দিয়া বিপুলা মহাশোকে কান্দে।
অন্ধকার কৈল যেন পূর্ণিমার চাঁদে ॥
আহা প্রভু করি কান্দে বিপুলা সুন্দরী।
নিদ্রা অচেতন সব দ্বারী প্রহরী ॥
কবি নারায়ণে কহে সরস পাঁচালী।
বিপুলার বিলাপ শুন এক লাচাড়ি ॥

শুন প্রভু বণিকা কুমার।
সকল মোহিত রূপ দেখিএ তোমার ॥
শচী রতি দ্রৌপদী যে রম্ভা রুক্মিণী।
তোমা আমা রূপ দেখি বোলে ধনি ধনি (১)
সুরাসুর গন্ধর্ব্ব মনুষ্য সর্ব্বজনা।
তোমা রূপ দেখি তারা শাসরে আপনা ॥
এ হেন যৌবন ব্যর্থ হইল তোমার।
রাহু গ্রাসিল যেন চান্দ পূর্ণিমার ॥
অকাল মরণ বিধি লিখিল কপালে।
কান্দএ বিপুলা দেবী লখাই লইয়া কোলে ॥
নারায়ণ দাসে কহে মনসার চরণ।
লখাইর মরণ হৈল কাল-রাত্রি (২) দিন ॥
এহি শোকাকুলে বিপুলা তেজিব জীবন।
বিলাপ করিয়া বিপুলা করএ ক্রন্দন ॥
আহা প্রভু লখীন্দর প্রাণ সম-সর (৩)।
তোমারে পাইয়া হৈলুম আনন্দ বিস্তর ॥
তুমি প্রভু বিনে মুঞি জীব কি কারণ।
তোমা লইয়া ভাসিমু যে এ তিন ভুবন ॥

---

(১) ধন্য ধন্য। (২) বিবাহ-রাত্রি হইতে তৃতীয় রাত্রিকে কাল-রাত্রি বলে। (৩) সমতুল্য।

তবে যদি জীয়াইতে না পারি তোমারে।
তবে মুঞি প্রবেশিমু তোমার চিতানলে॥
তোমার সহিতে যাইমু দেবের ভবন।
জন্মে জন্মে তোমার আমার একই জীবন॥
কোন্ জন্মে কোন্ পাপ করিল না জানি।
সেই দোষে আমারে ছাড়য়ে না জানি॥
কান্দে কান্দে বিপুলা মুখেত মুখ দিয়া।
অভাগী চৈতন্য পাইলুম কাল-ঘুম গিয়া॥
জাগিতে নারিলুম প্রভু তোমাক লইয়া।
তেকারণে ক্রোধ হৈল প্রভু তোমা দিয়া॥
সজাগ ঘরেতে প্রভু নাহি হয় আপদ।
কারে দিয়া যায় প্রভু এতেক সম্পদ॥
নারী কুলে উৎপত্তি হইলুম ছাবখার।
কাল-রাত্রি দিনে হৈল প্রভুর সংহার॥
জাগ জাগ করি ডাকে কুমারী প্রহরী।
সত্বরে জানায় মোর শ্বশুর শাশুড়ী॥
কবি নারায়ণে কহে মনসার পাএ।
ভজিলে হইব সিদ্ধি যেই বর চাএ॥

কোলেত করিয়া বিপুলা কান্দে উচ্চ স্বরে।
বিপুলার ক্রন্দন শুনি বৃক্ষের পাত ঝরে॥
পাষাণ বিদরে আর বিদরে মেদিনী।
সর্ব্বদাএ ঝরে তবে দুই নয়নে পানী॥
বৃক্ষের পাতা খসি পড়ে পাষাণ বিদরে।
বিলাপএ বিপুলা লখাইরে লইয়া ডরে (১)॥
স্বামী ব্রহ্মা স্বামী বিষ্ণু স্বামী ঈশ্বর।
স্বামী সে সকল কর্ত্তা স্বামী মহেশ্বর॥
স্বামী সে দেবতা মোর স্বামী সে সকল।
স্বামী বিনে নারীর যে জীবন বিফল॥
স্বামী স্বর্গ স্বামী সত্য পরলোকে গতি।
স্বামী তুষ্ট হৈলে হয় দেবের পীরিতি॥
স্বামী বিদ্যমানে জান মরে যার নারী।
স্বর্গপুরে যায় সেই হইয়া বিদ্যাধরী॥

(১) ভরে।

স্বামী সঙ্গে যেই নারী অগ্নিতে প্রবেশে।
সেই সব নারী জান যায় স্বর্গবাসে ॥

সোণকার আগমন।

এথাতে কান্দএ বিপুলা প্রভু প্রভু করি।
পুরীত (৩) থাকিয়া শুনে সোণকা সুন্দরী ॥
ক্রন্দন শুনিয়া তথা সোণাই দিল লড় (৪)।
চুল না বান্ধে সোণাই না পিন্ধে কাপড় ॥
লড় দিয়া গেল সোণাই মাজুষ নিকট।
লখাই মরণ শুনি হইল সঙ্কট ॥
লখীন্দর লখীন্দর ঘন ঘন ডাকে।
ত্রস্ত হইয়া সোণকা জিজ্ঞাসে বিপুলাকে ॥

সোণকার খেদ।

তোমার মরণ পুত্র অন্ধ কৈলুম পুরী।
সর্ব্ব শূন্য হৈল মোর চম্পক নগরী ॥
অন্ধ হুই সর্ব্ব কাণা দুই চক্ষু থাকিতে।
এ হেন সুন্দর বধূ বাখিল কি মতে ॥
সর্ব্ব গুণ বধূর তিলেক দোষ নাই।
যে বলিমু বধূর দোষে মৈলেক লখাই ॥ (১)
উচ্চ শ্রবণ (২) নহে পৃথিনীর জ্যোতিঃ (৩)।
চিরল দশন নহে মুকুতার পাতি ॥
হিয়া যে অশোভা নহে উচ্চ নহে পৃষ্ঠে।
বিধবা লক্ষণ নাহি বধূর ললাটে ॥
সুমতি সুশীল বধূ মাজা সথ জিনি।
বচন মধুর যেন কোকিলের ধ্বনি ॥
হংস গমন নহে পড়ুম-চরণ (৪)।
বধূর দোষে নহে মোর পুত্রের মরণ ॥
মুখে মুখ দিয়া কান্দে সোণকা সুন্দরী।
বিষাদ করিয়া কান্দে উচ্চ স্বর করি ॥
কবি নারায়ণে কহে মনসার দাস।
সোণকা ক্রন্দন করে অশেষ বিশেষ ॥

(৩) পুরীতে। (৪) সনকা দৌড় দিল।

(১) যাহাতে বলিতে পারিতাম যে বধূর দোষে লখীন্দরের মৃত্যু হইল। (২) খাড়া কাণ অশুভ লক্ষণ।

(৩) যেরূপায় কর্ণ পৃথিনীর কর্ণের প্রভা ধারণ করে।

(৪) যাহার পদতল উচ্চ থাকে, হাঁটিতে পদ শব্দ শুনা যায়, তাহাকে 'পড়ুম-পাইয়া' বলে ;—ইহা অশুভ চিহ্ন।

ভেলায় ভাসমানা বেহুলাকে তাঁহার ভ্রাতৃগণের গৃহে ফিরাইয়া লইবার বিফল প্রযত্ন।

নারায়ণ শুনি বোলে বিপুলার বচন।
কি কারণে কহ ভৈন (১) অশক্য কথন॥
অসম সাহস করি কিসের কারণ।
দেবতা মনুষ্য কথা (২) হৈছে দরশন॥ (৩)
আজ্ঞা কর ভৈন মোরে মড়া পুড়িবার।
একেশ্বর দেবপুরে নারে যাইবার॥
অগুরু চন্দন কাষ্ঠ লখাইরে পুড়িমু।
লখাইর প্রেত কর্ম্ম এথাতে করাইমু॥
নেউঠি (৪) চল ভৈন আমার পুরেতে।
কেমতে এড়িয়া যাইব জলের উপরে॥
বৃদ্ধ কালে তোমার শোকে মাএ প্রাণ দিব (৫)।
দেখি তোমারে কোন্ মতে এড়ি যাইব॥
এক লখাইরে মাত্র দিবারে নারিব। (৬)
আর যত সব আমি দিবারে পারিব॥

মৎস্য মাংস দিনে ভৈন যত উপহার।
সব দ্রব্য দিব আমি তুমি খাইবার॥
শঙ্খ সিন্দূর মাত্র না পারিব আমি।
নানা অলঙ্কার বস্ত্র দিতে পারি আমি॥
মাএ জিজ্ঞাসিলে আমি কি দিব উত্তর।
বিপুলা এড়িয়া আইল জলের উপর॥
বিপুলা রাখিতে সাধু করএ যতন।
বিপুলাএ বোলে তবে প্রবোধ বচন॥
জীয়াইতে আনিছি প্রভু খাইমু পুড়িয়া।
কোন্ লাজে জীমু (৭) মুঞি প্রভুক এড়িয়া॥

---

(১) ভগিনী। (২) কোথা।

(৩) কে কবে শুনিয়াছে যে মনুষ্য দেবতার সাক্ষাৎ পাইয়াছে। অর্থাৎ, বেহুলা স্বর্গে যাইয়া দেবতাদের নিকট স্বামীর প্রাণ প্রার্থনা করিবেন, ইহা নিতান্ত অসম্ভব।

(৪) ফিরিয়া। (৫) দিবেন।

(৬) একমাত্র লখাইকে দিতে পারিব না। (৭) জীবনধারণ করিব।

অসতী নাম হৈব লোকেত প্রচার।
কি কারণে জীমু মুঞি রাখিয়া খাখার (১)॥
গোত্র জাতি যত আছে চম্পক নগর।
ওয়ারা (২) জিজ্ঞাসিলে আমি কি দিব উত্তর॥
আমার জীয়ন ভাই মরণ সমান।
পুনরপি এহি বাক্য না বলিহ আন॥
বিপুলা শুনি হেন নিঠুর বচন।
করুণা ভাবিয়া সাধু করএ ক্রন্দন॥
কান্দে নারায়ণ সাধু বিপুলার দিগে চাহিয়া।
প্রাণ না সহে তোহ্মা যাইতে এড়িয়া॥
অবুদ্ধিয়া সদাগর বুদ্ধি নাহি চিতে।
জীয়ন্তা ভাসাইয়া দিল মরার সহিতে॥
অসম সাহস হৈন কৈলা কি কারণ।
দিব্যাপুরে যাইবা হেন অশক্য কথন॥
বিষম সাগর ঢেউ হোলে পাড় করে।
জলেতে পড়িলে খাইব মৎস্য আর মকরে॥
কি কথা কহিমু গিয়া উজানী নগর।
মায় জিজ্ঞাসিলে মুঞি কি দিমু উত্তর॥
বিপুলা রাখিতে সাধু করএ যতন।
নারায়ণ দেবে কহে মনসা-চরণ॥

রাখিতে যে নারি করি বিস্তর বিনতি।
সাহসে জীয়াইমু প্রাণ এহি মোর পতি॥
* * * * *
ক্ষমা দিয়া নারায়ণ যায় বিদায় করি॥
বিপুলাক বোলে ভাই কোন চিন্তা নাই।
পুনরপি আসিবাম (৩) প্রভুক জীয়াই॥
ভাইক বিদায় করি বিপুলা সুন্দরী।
ভাকাইয়া যায় বিপুলা চিত্ত স্থির করি॥
নক্ষত্র সঞ্চার যেন তুরাব চলন।
সমুখে ব্যাঘ্রর বাঁকে দিল দরশন॥

(১) কলঙ্ক। (২) উহারা।
(৩) আসিব।

বিজয় গুপ্তের নিবাস পূর্ব্ববঙ্গের বাখরগঞ্জ জেলার অন্তর্গত ফুলশ্রী গ্রাম। ১৪৯৪ খৃষ্টাব্দে সম্রাট্ হুসেন সাহের সময় ইঁহার মনসা-মঙ্গল কাব্য শেষ হয়। সম্ভবতঃ ১৪৭৮ খৃষ্টাব্দে উহার আরম্ভ। বিশেষ বিবরণ বঙ্গভাষা ও সাহিত্যের ১৮৯—১৯৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

খেয়া-নৌকার কর্ত্রী ডোমিনী কর্ত্তৃক চণ্ডীকে শিবের সন্ধান দান।

ডোমনী বলে সখী তোমার স্বামী নহে দেখি
জানিয়া জিজ্ঞাস কি কারণে।
লাখে লাখে লোক যায় পার হৈয়া খেয়া-নায়
হুড়াহুড়ি কেবা কারে চিনে॥
সরযূর ঘাট যুড়ি খেয়া দিতে আইলাম বুড়ী
আজ বড় দেখিলাম কৌতুক।
এক বুড়া হইল পার তিনটী নয়ন তাঁর
দেখিতে সুন্দর পঞ্চমুখ॥
কপালে চাঁদের ফোঁটা আকাশে পরশে জটা
বাম কান্ধে লোহার ত্রিশূল।
বলদে চড়িয়া যায় শিঙ্গা ডম্বুর বায়
দুই কর্ণে ধুতুরার ফুল॥
গলায় হাড়ের মালা পিন্ধন বাঘের ছালা
সকল শরীর ভস্মময়।
হৃদয়ে ফোঁপায় ফণী তার শিরে জ্বলে মণি
তাহারে দেখিতে করে ভয়॥
তপস্বীর বেশে চলে নয়নে অনল জ্বলে
লম্বা লম্বা করে গোপ দাড়ি।
দন্ত ভ্রুকুটি করে নবগুণ (১) তুলিয়া ধরে
পার হৈয়া না দে খেয়ার কড়ি॥
ডোম-নারী যত কয় চণ্ডিকার মনে লয়
মনে ভাবে ঐ মোর স্বামী।
বলে সখি ভাল কহ আজ তুমি ঘরে রহ
নাও লয়্যা খেয়া দিব আমি॥
চণ্ডীরে রাখিয়া নায় ডোম-নারী ঘরে যায়
সানন্দে বিজয় গুপ্ত গায়॥

(১) নবগুণ = নগুণ = উপবীত।

শিবের নৃত্য।

নাচেরে ভোলানাথ আপনে বিভোর।
জগতমোহন শিবের দাস।
সঙ্গে নাচে শিবের ভূত পিশাচ॥
রঙ্গে নেহালিল (১) গৌরীর মুখ।
নাচে গঙ্গাধর মনের কৌতুক॥
হাসিতে খেলিতে চলিতে রঙ্গ।
নন্দী মহাকাল বাজায় মৃদঙ্গ॥
শিবাই নাচেরে মুখেতে গীত গাহে।
হাততালি দিয়া কিন্নরে গীত গাহে॥
বিকট দশনে ভ্রূকুটি ভাল সাজে।
ডুমু ডুমু বলিয়া ডম্বুর বাজে॥
বরেছিল চণ্ডিকা ভীল আর বার।
ডাকিনী যোগিনী দিল জয় জোকার (২)॥
কার্ত্তিক গণপতি দাঁড়াইয়া কাছে।
গৌরীমুখ নেহালিয়া ত্রিলোচন নাচে॥
দেখিয়া কৌতুক দেব-সমাজে।
পুষ্প বরিষণ করে ধুমধুমি বাজে॥
পদ্মার চরিত্র চিন্তয়ে মনে মন।
প্রণতি স্তুতি করে সকল দেবগণ॥
ডাহিনে গৌরী বামে পদ্মাবতী।
হাসিয়ে চলিল ঘরে দেব পশুপতি॥
বৈদ্য বিজয় গুপ্তে সরস গায়।

মনসাদেবীর (পদ্মার) বেশ-সজ্জা।

কহিতে না পারি পদ্মার যত করে বেশ।
ধূপের ধোঁয়া দিয়ারে বাসিত (৩) করে কেশ॥
সুবর্ণের কর্ণফুল কর্ণে আনি দিল।
নাকেতে বেশর দিল করে ঝলমল॥
গলায় হার দিল সুবর্ণের পাতি।
মধ্যে মধ্যে মণি মুক্তা লাগাইয়াছে তথি॥

(১) নিরীক্ষণ করিল। (২) জয় জয়কার—হুলুধ্বনি।
(৩) সুবাসিত।

দুই হাতে তাড় (১) দিল দেখিতে শোভন।
শঙ্খের সম্মুখে দিল সুবর্ণের কঙ্কণ ॥
পায় খাড়ু (২) দিল আঙ্গুলে পাশুলি।
পরমা সুন্দরী যেন সোণার পুতলী ॥
চক্ষুতে কাজল দিল যেন নীলোৎপল।
নাসিকা নির্ম্মাণ যেন দেখিতে তিলফুল ॥
মৃগমদ মিশাইয়ে চন্দন দিল গায়।
কনক নূপুর দেবী তুলিয়া দিল পায় ॥
পদ্মাবতীর বিয়া হবে দেবে বলে ভাল।
লাচারী প্রবন্ধে ভাই বল এই কাল ॥

দুর্ব্বাসার শাপে শ্রীভ্রষ্ট দেবরাজ।

শ্রীহীন ইন্দ্র রাজার হইলেক যদি।
বিবর্ণ হইল তবে যতেক মোছন্দী (৩) ॥
পৃথিবীর মধ্যে যদি কেহ করে যাগ।
অসুরে হরিয়া আনে দেবেরে না দেয় ভাগ ॥
মুনিগণে তপোবন ছাড়িল সকল।
সেই হইতে কল্পতরু নহি ধরে ফল ॥
পরের দ্রব্য হরিয়া নিতে পরের অভিলাষ।
দান ধর্ম্ম তপ যজ্ঞ সব কৈল নাশ ॥
লক্ষ্মীর মাত্র অংশ নাহি ইন্দ্রের সদন।
বলে বর্জ্জিত হইল যত দেবগণ ॥
কুসুম বিহীন কৈল নন্দন কানন।
সেই কৈতে গন্ধ-হীন হইল চন্দন ॥
ব্রহ্মশাপে ইন্দ্রের টুটিয়ে (৪) আসে বাদ।
সূর্য্যের কিরণ নাঞি তেজ নাঞি চাঁদ ॥

---

(১) তাড়=প্রাচীন সময়ে বাহুতে ব্যবহৃত অলঙ্কার-বিশেষ। এই তাড়েরই পরিবর্ত্তে এখন অনন্ত, তাবিজ ইত্যাদি চলিত হইয়াছে। এখনও দুর্গোৎসব, শ্যামা-পূজা ইত্যাদিতে অনেকে তাড় দিয়া থাকেন।

(২) এই অলঙ্কার এখন প্রায় লুপ্ত হইয়াছে, তবে পূর্ব্ববঙ্গের কোন কোন স্থানে নিম্নশ্রেণীর মধ্যে দেখিতে পাওয়া যায়।

(৩) মোছন্দী=পারিষদবর্গ; এখানে অপর দেবতাগণ।

(৪) হ্রাস পাইয়া।

মণি না থাকিলে যেন মরা সর্প।
শ্রীভ্রষ্ট হইয়া ইন্দ্রের চূর হৈল দর্প॥
পরাক্রম চূর হৈল যত দেবগণ।
দৈত্যগণ সাজিয়া আসে করিবারে রণ॥

চণ্ডীর নিকট মনসাদেবীর কৃপা-ভিক্ষা।

জনম-দুঃখিনী আমি দুঃখে গেল কাল।
যেই ডাল ধরি আমি ভাঙ্গে সেই ডাল॥
শীতল ভাবিয়া যদি পাষাণ লই কোলে।
পাষাণ আগুন হয় মোর কর্ম্ম-ফলে॥
কারে কি বলিব মোর নিজ কর্ম্ম-ফল।
দেবকন্যা হৈয়া স্বর্গে না হইল স্থল॥
ডাকিবার লক্ষ্য নাই শুনগো জননি।
বিধাতা করিল মোরে জনম-দুঃখিনী॥
আপন দুঃখের কথা কহিনু সকল।
তোমার কিছু দোষ নাই মোর কর্ম্ম-ফল॥
অযোনিসম্ভবা হয়ো জন্মিছি সুন্দর।
ত্রিভুবন মধ্যে মাগো তোমার উদর॥
কোলের বালিকা হয়ো বুঝাই তোমারে।
তোমার উদর ছাড়া কে জন্মিতে পারে॥
জগৎ-ঈশ্বরী তুমি দেবী মহামায়া।
তবে কেন মোর প্রতি হইলা নির্দ্দয়া॥
মায়ে ঝিয়ে বিসম্বাদ কেবা নাহি করে।
ক্রোধ সম্বরিয়া মাগো মারহ আমারে॥
কাকুতি করিয়া পদ্মা গৌরীর স্থানে কয়।
ফিরিয়া না চাহে চণ্ডী দারুণ হৃদয়॥
বিশেষ বুঝিলাম মাগো তোমার মনের আশ।
বিদায় লইয়া মাগো যাই বনবাস॥
শিবপুরী থাক তুমি আমি যাই বন।
তোমার নাহিক দোষ কপালের লিখন॥
জানিনু বড়ই তোমার নিঠুর শরীর।
প্রণাম করিয়া পদ্মা চলে ধীরে ধীর॥
শিব ঠাকুর শুনি তুমি দয়াল প্রচুর।
এবে সে বুঝিলাম তব দয়া কত দূর॥

শুন মাতা ভগবতী পর্ব্বত-দুহিতা।
পাষাণ তোমার কায়া জানিনু সর্ব্বথা॥
এমন অশক্য কথা কোন্ জনে বলে।
আপন কন্যাকে নিজে ফেলে ভূমিতলে॥

হাসেন হুসেনের পালা।

দক্ষিণে হোসেন হাটি গ্রামের নিকট।
তথায় যবন বসে দুই বেটা শঠ॥
হাসন হোসেন তারা দুই ভাএর নাম।
দুই জনে করে তারা বিপরীত কাম॥
কাজিয়ানী করে তারা জানে বিপরীত।
তাদের সম্মুখে নাহি হিন্দুয়ানী রীত॥
এক বেটা ছালদার তার নাম দুলা।
বড় অহঙ্কার করে হোসেনের শালা॥
সর্ব্বক্ষণ হোসেনের আগে আগে আসে।
তাহার ভয়ে হিন্দু-সব পলায় তরাসে॥
যাহার মাথায় দেখে তুলসীর পাত।
হাতে গলে বান্ধি নেয় কাজির সাক্ষাৎ॥
বৃক্ষতলে থুইয়া মারে বজ্র কিল।
পাথরের প্রমাণ যেন ঝড়ে পড়ে শিল॥
পরেরে মারিতে কিবা পরের লাগে ব্যথা।
চোপাড় চাপড় মারে দেয় ঘাড়কাতা (১)॥
যে যে ব্রাহ্মণের পৈতা দেখে তারা কান্ধে।
পেয়াদা বেটা লাগ পাইলে তার গলায় বান্ধে॥
ব্রাহ্মণ পাইলে লাগ পরম কৌতুকে।
তার পৈতা ছিড়ি ফেলে থু দেয় মুখে॥
ব্রাহ্মণ সুজন তথায় বসে অতিশয়।
গৃহঘর (২) গোময় না দেয় দুর্জ্জনের ভয়॥
তকাই নামে মোল্লা কেতাব ভাল জানে।
কাজির মেজমান (৩) হইলে আগে তারে আনে॥

হিন্দুগণের প্রতি অত্যাচার।

---

(১) ঘাড়ধাক্কা। (২) প্রধান ঘর।
(৩) মর্জ্জি = ইচ্ছা।

কাছা খুলিয়া মোল্লা করমায় অনেক।
জপ সাজ করি মোল্লা মারয়ে মোরগ॥
প্রভাত সময় হইলে হাতুলী কর্ম্মে যাই।
ঝড় বৃষ্টি হইলে বড় রহিতে নাঞি ঠাঞি॥
গঙ্গাতীর কূল দিয়া লাকে লাকে যায়।
ঝড় বরিষার তারে পথে লাগল পায়॥
ঝড় বরিষণে মোল্লা হইল কাতর।
চারিদিক চাহিয়া দেখে বন-মধ্যে ঘর॥
পরম আনন্দে তথা ছায়া (১) লইতে গেলা।
ঘর খান ভরিয়া দেখে রাখালের মেলা॥
স্বভাবে রাখালজাতি মনে বড় রঙ্গ।
ঢাক ঢোল বাজায় কেহ বাজায় মৃদঙ্গ॥
ঘর মধ্যে ঘটপেটা (২) সারি সারি সাজে।
তাহা দেখি মোল্লা বেটার বুকে বড় বাজে॥
কাজির প্রতাপে বেটার বড় অহঙ্কার।
খোদা খোদা বলি মার ঘট ভাঙ্গিবার॥

রাখালগণের বিক্রম।

ধর ধর বলিয়া সব রাখালে খেদায়।
প্রাণ লইয়া কেহ কেহ লড়াইয়া পলায়॥
দূরে থাকিয়া কেহ ফেলিয়া মারে ঢেলা।
কেহ বলে কোন প্রাণে মরে ঢোক গালা॥
চারিদিক বেড়িয়া ধূপের ধোঁয়া ধরে।
তোবা তোবা বলিয়া মোল্লা খোদা খোদা স্মরে॥
চোপাড় চাপড় মারে আর থাকড়কাড়া।
পরিত্রাহি ডাকে মোল্লা হেঁট করে মাথা॥
যাত্রাবর বলে আমি এই বুঝি তত্ত।
এড়িয়া দিব যদি নাকে দেও খত॥
মুছাপের (৩) দিনা কর মাথায় দিয়া হাত।
এই সব কথা না কহিবা কাজির সাক্ষাৎ॥
আপনার মুখেতে করহ হিন্দুয়ান।
আমি এই খত করি সবার বিদ্যমান॥
কাজি বলে ঠাকুর আমি এই মাত্র বুঝি।
পাও দিয়া দেও খত নাক দিয়া মুছি॥

(১) আশ্রয়। (২) মনসাদেবীর ঘট। গোটা = গুলি।
(৩) অতিথি।

সকলেরে সেলাম দিয়া চলিল সত্বর।
এইরূপে চলে গেল কাজির গোচর॥
সৈয়দ মোল্লা যত লেখাযোখা নাই।
হেন কালে গেল তথা মোল্লা তফাই॥
কান্দিয়া কাজির আগে কহে দুঃখ লাগে বৈরি (১)।
সংবাদ পড়িল গাইন বলবে লাচারি॥ (২)

মোল্লার নালিস।

কাজিরা দুই ভাই একত্র বসিছে।
কান্দিতে কান্দিতে মোল্লা গেল তাঁর কাছে॥
হিন্দুয়ানী হল রাজ্য তোমার কিসের কায।
পেয়াদা পাইক যত আছে শীঘ্র করি সাজ॥
এই ভাগীরথী তীরে হিন্দুর ভূত পূজি।
তোমার কায নাহি হেন মনে মনে বুঝি॥
দেখে ভাগীরথী তীরে অপূর্ব্ব ভূতজাতি।
ঘরেতে ঢুকিয়া হিন্দু করিল দুর্গতি॥
হের দেখ দাঁড়ি নাহি মুখে রক্ত পড়ে।
দন্ত ভাঙ্গিয়াছে মোর চোপাড় চাপড়ে॥
পরিধান ইজার আমার দেখ সব ভাঙ্গা।
ছাগলের (৩) রক্তে দেখ মুখ মোর রাঙ্গা॥
যতেক মারিছে মোরে কিছু নাঞি মনে।
কেবল ধূপের ধোঁয়ায় না দেখি নয়নে॥
খোদার নাম জিগির (৪) করি কেহ কাছে নাই।
বড় ভাগ্যে ভাণ্ডিয়া (৫) আসিনু তোমার ঠাঞি॥
শুনিঞা কোপিল কাজি চারিদিকে চায়।
আফিংএর নায়েকে বেটা আকাশের দিক চায়॥
হারামজাত হিন্দুর হয় এত বড় প্রাণ।
আমার গ্রামেতে বেটা করে হিন্দুয়ান॥
গোটে গোটে ধরিব গিয়া যতেক ছেমরা (৬)।
এড়া রুটি (৭) খাওয়াইয়া করিব জাতি-মারা॥
ওস্তাদ মোল্লা মোর অপমান হয়।
তাহারে এমন করে প্রাণে নাহি ভয়॥

---

(১) বড়। (২) এই কথা রাষ্ট্র হইল, এখন গায়েন লাচাড়ী বল। (৩) মনসার নিকট বলি-প্রদত্ত ছাগলের। (৪) চীৎকার। (৫) ভাণ্ডিয়া =ভাড়াইয়া। (৬) বালক। (৭) পরিত্যক্ত রুটি = উচ্ছিষ্ট রুটি।

সাজ সাজ বলিয়া কটকে পড়ে সাড়া।
ছোট বড় সাজিয়া আসিল হোসেন-পাড়া॥
যতেক যবন আছে হোসেনের পাড়া।
নগর হইতে পুরুষ আসিল মাথা মুড়া॥
হাতে হাতে খুঁটি কান্ধে লইলেক সব।
বড় পাকা জোলা চলে তার পাছে সব॥
সাজ সাজ বলিয়া কটকের হুড়াহুড়ি।
সময় উচিত গাইন (১) বলিতে লাচাড়ি॥

পঞ্চ ছন্দে নানা বাদ্য বাজেত তথায়।

হুসেনের মাতা।

আওয়াজে বার্ত্তা পাইল হোসেনের মায়॥
সেই ছিল হিন্দুর কন্যা তার কন্দ-ফলে।
বিবাহ করিল কাজি ধরি আনি বলে॥
হিন্দুর দেবতা বুড়ী ভাল মত জানে।
আবাসে বসিয়া মোল্লা হিন্দুয়ানী না জানে॥
আসিল হিন্দুর বেটী বড় দৈব ফলে।
ধাই আসি জানাইল বাজির দখলে॥
কেহ বলে কেন আইল পোনকারের ধাই (২)।
আগে যাইয়া আমি সেলাম জানাই॥
আগে পাছে বান্দী সব বুড়া বিবি চলে।
এইরূপে ধাইয়া গেল বাজির দখলে॥
বহু বহু বলে দেখায় বেগমে।
বুড়া বিবি আসিয়াছে না দেখে চসমে॥
কেহ বলে কেন আইল ঠাকুরঝিদি আই।
আগু হইয়া সেলাম করিল দুই ভাই॥
দয়া করি বুড়ী এখন বুঝায় সানন্দে।
এই কালে বল ভাই লাচাড়ির ছন্দে॥

খালাস মোল্লার তাবিজ।

কাজির ওস্তাদ এক তার নাম খালাস।
কেতাব কোরাণে তার বড়ই অভ্যাস॥
অতি বড় মজবুত পাকা চুল দাড়ি।
পরিধান তাজা ইজার কেয়ে বাড়ী বাড়ী॥

---

(১) প্রধান গায়ক। (২) বাদ্য-বাজা।

না খায় পীরের ছিন্নি ভয় ঠাক্রি ঠাক্রি।
সর্ব্ব গায় চর্ম্ম দড়ি মুখে দন্ত নাই॥
মোল্লা বলে আমারে জিজ্ঞাসা যদি কর।
কেতাব থাকিতে কেন ভূতের ডরে মর॥
কেতাব লিখিয়া দেও গলে যেন থাকে।
তবে যদি ভূতে লঙ্ঘে সে দোষ মোরে লাগে॥
মোল্লার বচন এখন কাজির মনে লয়।
তাবিজ লিখিয়া দিল সকলের গায়॥
বিজয় গুপ্ত বলে গাইন প্রত্যক্ষ মনসা।
তাবিজেতে সর্প যাবে কর বৃথা আশা॥

চাঁদ সদাগরের সহিত মনসাদেবীর বিবাদ-সূচনা; চাঁদ-কৃত মনসাদেবীর অপমান।

হরষিত হৈল বড় সাধুর নন্দন।
কুতূহলে করে সাধু দেশেতে গমন॥
চাপাইল ঘাটে নৌকা চম্পক নগরী।
ঘরে বসি পূজে সোণা (১) দেবী বিষহরী॥
হরষিত হয়্যে সাধু পাঠাইল চর।
আপনার নিজ ঘরে জানাতে খবর॥
সোণারে কহিয় শাস্ত করিবারে হিয়া।
বধূ সহ ডিঙ্গার ধন লউক বরিয়া॥
চাঁদ যদি এত সব বলিল বচন।
পাইক কহিল গিয়া সোণেকা সদন॥
পাইকের মুখে বার্ত্তা পাইয়া তখন।
শুনিয়া সোণেকা রাণী বলিল বচন॥
সাধু স্থানে কহ গিয়া স্থির করুন মতি।
তিলেক বিলম্ব আছে পূজিতে পদ্মাবতী॥
পাইক সবে জানাইল সাধুর গোচর।
শুনিঞা রুষিয়া উঠে চাঁদ সদাগর॥

ঘট ভাঙ্গা।

কোপেতে আসিল চাঁদ নিজ অন্তঃপুরী।
হেতালের (২) বাড়ি দিয়া ঘট করে গুড়ি॥

(১) সোণকা, চাঁদসদাগরের স্ত্রী। (২) হিন্তাল বা হেমতালের।

যতেক রচনা (১) ছিল ফেলাইল দূরে।
খাইল রচনা কলা (২) কাকে আর কুকুরে ॥
সুবর্ণের ঘট ফেলাইল দিয়া গড়া।
মাটীর গঠন ঘট করিল চূড়া মূড়া (৩) ॥
বিজয় গুপ্ত বলে সাধু তুমি বড় খল।
যেমন করিলা কর্ম্ম পাবা তার ফল ॥

সোণকাকে প্রহার।

তথাপিও সাধু বেটার স্থির নহে মতি।
সোণেকারে ধাএ যাএ মারে কিল লাথি ॥
দশভূজা করি পূজা কিসের সন্তাপ।
তাঁহারে এড়িয়া পূজ হেন কাল সাপ ॥ (৪)
অঙ্গহীন দেবতার পূজা আছে মানা।
তাহাতে শুনেছি পদ্মাব এক চক্ষু কাণা ॥
যত গালি পাড়িলেক চাঁদ অধিকারী।
পুস্তক বাহুল্য ভয়ে লিখিতে না পারি ॥
চম্পক নগরে পদ্মাব পূজা কৈল দূর।
ছয় পুত্র লয়্যা আছে বাড়োর ঠাকুর ॥
সেই হৈতে চাঁদের সনে পদ্মার হৈল বাদ।
নাগরথে গেলা দেবী পায়্যা অবসাদ (৫) ॥
নিজ ঘরে গেলা দেবী বিষাদ ভাবিয়া।
এর লাগি সোণেকার স্থির নহে হিয়া ॥
সোণেকা ক্রন্দন করে দুঃখ লাগে বৈরি।
এই কারে বল ভাই সবস লাচারি ॥

গোয়ালিনীবেশে মনসাদেবীর শঙ্কুর-গারুড়ীর নিকট আগমন।

চাঁদ সদাগরের পুত্রদিগকে সর্পে দংশন করিলে, কিংবা তাঁহার অন্য কোনরূপ অনিষ্ট করিলে সদাগরের বন্ধু শঙ্কুর-গারুড়িয়া মহাজ্ঞান-প্রভাবে সেই অনিষ্ট নিবারণ করিতেন। এইজন্য মনসাদেবী শঙ্কুরের প্রাণ নষ্ট করিতে কৃতসংকল্প।

(১) চাউলপূর্ণ চিড়া, খই, (ভর্জ্জিত) মুগ, বুট ইত্যাদি।
(২) নৈবেদ্যের কলা। (৩) চূর্ণ বিচূর্ণ।
(৪) দশভূজা চণ্ডীদেবীকে পূজিয়া তোমার আবার কি দুঃখ রহিল যে, সেই দেবীকে ছাড়িয়া সর্পের দেবতাকে পূজা করিতেছ?
(৫) অপমান।

সাজিয়া গোয়ালিনী বেশ চলিল শঙ্কুর-দেশ
কপটে বধিতে ধন্বন্তরি।
ছন্দে বন্দে বান্ধে খোপা পৃষ্টেতে পাটের থোপা
শ্রবণে সোণার মদন-কড়ি॥
সুবর্ণ অলঙ্কার গায় চলন্ত নূপুর পায়
উল্লাসে পরিল পাটের সাড়ী॥
চন্দন লেপিয়া অঙ্গ কপালে তিলক রঙ্গ
মুখে পাণ করে খল খলে।
মাণিক্য দোসর জ্যোতি গলায় শোভিছে পাতি
নয়ন ভরিল কাজলে॥
বল্লভা দুই কুচ ভার হৃদয়ে মুকুতা হার
দুই পায় পরিল পাশলি।
কাছিয়া কাপড় পিন্ধে রূপে কামদেব নিন্দে
দধির পসার লইয়া চলি॥
পদ্মাবতী কুতুহলে খঞ্জন-গমনে চলে
যথা ওঝা ধন্বন্তরি থাকে।
দাঁড়াইয়া ওঝার পাশে আড় নয়নে হাসে
দধি লবা ঘন ঘন ডাকে॥

শঙ্কুর-গারুড়ী (ধন্বন্তরি) কৃত দর্প।

পদ্মা কিসেরে সাজাইলা বিষ-দধি।
আমারে মারিতে হেন তোমার মনে লয় কেন
কেবা তোরে দিল হেন বুদ্ধি॥
গোটা কত নাগ পোষ তে কারণে লোকে ঘোষ
বিবাদে আগল (১) বিষহরী।
হেন বুদ্ধি কেবা করে লোকে ঘোষে তাহারে
আমি বিষ খাইলে না মরি॥
কি কহিব আপন কথা মহাজ্ঞান দিল নেতা
তে কারণে অজর অমর।
সাপ খাম (২) বিষ পেম (৩) চারি যুগে মুক্রি জীম (৪)
যমের ভয় নাহিক আমার॥

---

(১) অগ্রসর। (২) খাইব।
(৩) পান করিব। (৪) জীবন ধারণ করিব।

বনে বনে খেলা খেলম ক্ষণেক বাঘেতে চলম (১)
ক্ষণেক চলম মহিষের পৃষ্ঠে।
খেচর দানব দূত প্রেত পিশাচ ভূত
যক্ষিণী পলায় মোর দৃষ্টে॥
মুঞি ধোপাঝির শিষ (২) ঝারি ভরি পেম বিষ
তক্ষক চিবাইতে পারি দন্তে।
ধন্বন্তরি কথা কয় পদ্মার মনেতে লয়
বিজয় গুপ্ত রচিল সানন্দে॥

সোণকার রন্ধন।

স্নান করিল গিয়া বণিক্-সুন্দরী।
রন্ধন করিতে যায় অতি তাড়াতাড়ি॥
বাজোর ঠাকুর চাঁদ দ্রব্যে দুঃখ নাই।
নানাবিধ দ্রব্য আনি থুইল ঠাঞি ঠাঞি॥
পাতল সুন্দরের কাছে শুকনা তেঁতুলী।
পিতলের হাঁড়ী দিয়া হেঁটে অগ্নি জ্বালি॥
অগ্নি প্রদক্ষিণ করি মাগে বরদান।
মুঞি যেন রন্ধন করি অমৃত সমান॥
অগ্নি প্রদক্ষিণ করি চাপাইল রন্ধন।
ডান দিকে ভাত চড়ায় বামেতে ব্যঞ্জন॥
অনেক দিন পরে রান্ধে মনের হরিষ।
ষোল ব্যঞ্জন রান্ধিল নিরামিষ॥
প্রথমে পূজিল অগ্নি দিয়া ঘৃত ধূপ।
নারিকেল কোরা দিয়া রান্ধে মুগুরীর সূপ॥
পাটায় ছেঁচিয়া লয় পোলতার পাতা।
বেগুন দিয়া রান্ধে ধনিয়া পোলতা॥
জ্বর পিত্ত আদি নাশ করার কারণ।
কাঁচা কলা দিয়া রান্ধে সুগন্ধ পাচন॥
যমানী পুরিয়া ঘৃতে করিল ঘন পাক।
সাজা (৩) ঘৃত দিয়া রান্ধে গিমা তিতা শাক॥

---

(১) বাঘের পিঠে চড়িয়া চলিব।
(২) আমি ধোপাঝির (নেতার) শিষ্য।
(৩) সজোজাত = নূতন।

কোমল বাথুয়া শাক করিয়া কেচা কেচা (১)।
লাড়িয়া চাড়িয়া রান্ধে দিয়া আদা-ছেঁচা॥
নারিকেল দিয়া রান্ধে কুমারের শাক।
সাজ কটু তৈলে রান্ধে কুমারের চাক॥
বেতাক বেগুণ কাটি থুইল বাটী বাটী।
ঝিঙ্গা পোলা কড়ি ভাজে আর কাঁটাল আটি (২)॥
রান্ধিছে রান্ধনী না দেয় গা মোড়া (৩)।
সাজ কটু তৈল দিয়া রান্ধে বেগুণ-পোড়া॥
বাটী বাটী ভরিয়া ব্যঞ্জন থুইল ঠাগ্রি ঠাগ্রি।
কলার থোড় (৪) রান্ধিতে বাটিয়া দিল রাই (৫)॥
অত্যন্ত ধবল যেন সাজ দুগ্ধের দৈ।
সরিষা বাটা দিয়া রান্ধে পানী কচুর বৈ (৬)॥
রন্ধন করিতে লাগে বড় পরিপাটী।
মরিচের ঝাল দিয়া রান্ধে বটবটী॥
মুগের ঝোল রান্ধে আর মাষ কলায়ের বড়ী।
দুগ্ধ লাউ রান্ধে আর নারিকেল কুমারী॥
শুক্তাপাতা দিয়া রান্ধে কলাইর ডাল।
পাকা কলা লেব রসে রান্ধিল অম্বল॥
রান্ধি নিরামিষ ব্যঞ্জন হলো হরষিত।
মৎস্যের ব্যঞ্জন রান্ধে হয়ে সচকিত॥
মৎস্য মাংস কাটিয়া থুইল ভাগ ভাগ।
রোহিত মৎস্য দিয়া রান্ধে কলতার আগ॥
মাগুর মৎস্য দিয়া রান্ধে গিমা গাচ গাচ।
সাজ কটু তৈলে রান্ধে খরষুল মাছ॥
ভিতরে মরিচ (৭) গুড়া বাহিরে জড়ায় সুতা।
তৈলে পাক করি রান্ধে চিঙ্ড়ীর মাথা॥
ভাজিল রোহিত আর চিতলের কোল।
কৈ মৎস্য দিয়া রান্ধে মরিচের ঝোল॥
ডুম ডুম (৮) করিয়া ছেচিয়া দিল চৈ।
ছাল খসাইয়া রান্ধে বাইন মৎস্যের কৈ॥

ভোজন।

(১) কুচ কুচ করিয়া কর্ত্তন করিয়া। (২) বীজ। (৩) সঞ্চালন।
(৪) কলাগাছের অভ্যন্তরস্থ শাঁস। (৫) সরিষা-বিশেষ।
(৬) নরম শিকড়-বিশেষ। (৭) লঙ্কা। (৮) খণ্ড খণ্ড।

রন্ধনের কাজ থাকুক ভোজনের কথা।
বারমাসি বেগুণেতে শৌল মৎস্যের মাথা॥
দুই তিন আনাজ করিয়া ভাগ ভাগ।
থোড় দিয়া ইচার মুণ্ড মূলা দিয়া শাক॥
জীরা মরিচ রান্ধনী বাটিয়া করে মিল।
মসল্লা বাটিতে হাতে তুল্যা নিল শিল॥
মাংসেতে দিবার জন্য ভাঙ্গে নারিকেল।
ছাল খসাইয়া রান্ধে বুড়া খাসির তেল॥
ছাগমাংস কলার মূলে অতি অনুপম।
ডুম ডুম করি রান্ধে গাড়রের চাম॥
একে একে যত ব্যঞ্জন রান্ধিল সকল।
শৌল মৎস্য দিয়া রান্ধে আমের অম্বল॥
মিষ্টান্ন অনেক রান্ধে নানাবিধ রস।
দুই তিন প্রকারের পিষ্টক পায়স॥
দুগ্ধে পিঠা ভালমত রান্ধে ততক্ষণ।
রন্ধন করিয়া হৈল হরষিত মন॥
বেলা অবসান হৈল উদিত শশধর।
ঢাকা দিয়া অন্ন ব্যঞ্জন এড়িল সত্বর॥
ভোজন করিতে আসিল চান্দ সদাগর।
আপনে বসিল মধ্যে রাজা চন্দ্রধর॥
সম্মুখে সুবর্ণ থাল বসিলা দিয়া পাটে।
সোণকা বসিল গিয়া চান্দের নিকটে॥
সারি দিয়া বসিল ছয় সহোদর।
যেন তারাগণে বেড়িল শশধর॥
ছয় পুত্র লৈয়া চান্দ করএ ভোজন।
একে একে খাইল অন্ন যতেক ব্যঞ্জন॥
পরিপূর্ণ ভোজন করিয়া সর্ব্বজন।
পিত্তলের ডাবরে করিল আচমন॥
রজত পাদুকায় চান্দ দিলেন চরণ।
বিনোদ-মন্দিরে গিয়া করিলেন শয়ন॥
হাস পরিহাস করে সবে হরষিতে।
যতনে ভাত ব্যঞ্জন থুইল ঢাকীতে॥
আপন বাসরে গেল ভাই ছয় জন।
যার যেই নিজস্থানে করিল শয়ন॥

চাঁদের ছয় পুত্রের মৃত্যুর পূর্ব্বে তাহাদের স্ত্রীগণের দুঃস্বপ্ন।

হেনমতে নানা বেশে আছে ছয় ভাই।
ছয় পুত্রবধূ গেল শাশুড়ীর ঠাঞি॥
এককালে ছয় বধূ কহে স্বপন কথা।
কাঁদিতে কাঁদিতে কহে মনে পাইয়া ব্যথা॥
বধূগণে বলে মাতা শুনহ বচন।
রাত্রিশেষে মোরা আজি দেখিলাম স্বপন॥
কালবর্ণ পুরুষ এক হাতে দীর্ঘ কুড়ি।
তামার শলা হেন চুল দেখি গোপ দাঁড়ি॥
পরিধান বস্ত্র নাই বিপরীত অঙ্গ।
বিপরীত বেশ তাহার হাতে লোহার সাঙ্গ (১)॥
সর্ব্ব গায় লোমাবলী অতি স্থূলকায়।
ছয় ভাইরে বান্ধিয়া দক্ষিণে লইয়া যায়॥
তাহা সভার প্রহার দেখিয়া কাঁদি আমি।
মাথায় সিন্দুর খসিয়া পড়ে ভূমি॥
খসিয়া পড়িল হাতের সুবর্ণের চুড়ি।
দুই বাউ শঙ্খ মোর ভাঙ্গিয়া হলো গুড়ি॥
বিধবা ব্রাহ্মণী এক বিকৃত নখদন্তে।
ধরিয়া বাহির মোরে করে ঘর হৈতে॥
আচম্বিতে হেন স্বপ্ন দেখিলাম বিকট।
মনে বড় ভয় বাসি বড়ই সঙ্কট॥
এক নহে দুই নহে বধূ ছয় জনে।
এককালে হেন স্বপ্ন কহিল বেহানে॥
স্বপ্ন শুনি সোণেকার স্থির নহে মন।
বধূগণের তরে তবে ক[illegible]লা বচন॥
সোণেকা বলে বধূ সব স্থির কর মন।
তোমা সবার শত্রু দিয়া ফলিবে স্বপন॥
দেখিলে আপন দিয়া স্বপ্ন পরে ফলে।
অন্য ঠাঞি না কহিয় ঘরে যায় চলে॥

---

(১) দণ্ড।

সোণকাকে মনসাদেবীর পুত্রলাভের বরদান।

সপুটে যুড়িয়া কর মাগে সোণা পুত্রবর
মোরে পুত্রবর দেও বিষহরী।
দিলাম দিলাম পুত্রবর নাম থুইয় লক্ষীন্ধর
হইলে মাত্র আনিব হরিয়া।
শুন ওহে বিষহরী আই এ বরে মোর কার্য্য নাই
দেয় মোরে এ বর ছাড়িয়া॥
দিলাম দিলাম পুত্রবর নাম থুইয় লক্ষীন্ধর
কর্ণবেধে আনিব হরিয়া।
শুন ওহে বিষহরী আই এ বরে মোর কার্য্য নাই
দেয় মোরে এ বর ছাড়িয়া॥
দিলাম দিলাম পুত্রবর নাম থুইয় লক্ষীন্দর
অন্নাশনে আনিব হরিয়া।
শুন ওহে বিষহরী আই এ বরে মোর সাধ নাই
দেয় মোরে এ বর ছাড়িয়া॥
দিলাম দিলাম পুত্রবর নাম থুইয় লক্ষীন্ধর
বিয়ার রাত্রে আনিব হরিয়া।
নেতা বলে সোণা শুন বিলম্বে নাহিক গুণ
হলে পুত্র না করায় বিয়া।
এতেক ভাবিয়া রাণী আপন হৃদয়ে গণি
লইল বর আঁচল পাতিয়া।
পদ্মাবতী পরশনে সানন্দে বিজয় ভণে
লইল বর মস্তকে বান্ধিয়া॥

চৌদ্দ ডিঙ্গা।

হেতাল বাড়ি (১) কান্ধে করি চলে সদাগর।
হরষিতে চড়ে সাধু দোলার উপর॥
সত্বর হইয়া সাধু ডিঙ্গায় চড়িল।
একে একে চৌদ্দ ডিঙ্গা বাওয়াইয়া (২) দিল॥
প্রথমে বাওয়াইল ডিঙ্গা নামে মধুকর।
যেই নায় চলিল লক্ষের (৩) সদাগর॥

(১) হেঁতালের (হিংতালের) লাঠি। (২) বহাইয়া।
(৩) লক্ষপতি।

তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে বিজুসিজু।
গাঙ্গের দুই কূল ভাঙ্গিয়ে বেকা করে উজু ॥ (১)
তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে গুয়ারেখী।
যার উপরে চড়িয়া রাবণের লঙ্কা দেখি ॥
তার পাছে বাওয়াইল ডিঙ্গা ভাড়ার পাটুয়া।
যেই নায় উঠাইয়া লৈল তামিলের নাটুয়া ॥
তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে শঙ্খচুর।
সমুদ্রের দুই কূল ভাঙ্গে পাতালে ঠেকে মুড় (২)॥
তার পাছে বাওয়াইল ডিঙ্গা অজয় শেলপাট।
যাহার উপরে মিলিয়াছে শ্রীফলার হাট ॥
তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে উদয়-তারা।
অনেক নায় ঝড় বৃষ্টি অনেক নায় খরা ॥ (৩)
তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে টিয়াঠুটী।
যেই নাএ ভরে সাধু পাট আর ভুটি ॥
তার পাছে বাওয়াইল নৌকা নামে ধবল।
বাঁকে বাঁকে খায় সে শতেক ছাগল ॥ (৪)
তার পাছে বাওয়াইল ডিঙ্গা নামে কেদার।
বিনে ধূপ দীপে কূলে নহে আগুসার ॥ (৫)
তার পাছে বাওয়াইল নৌকা নামে পক্ষি-রাজ।
যে নাএর উপরে আছে অনেক বৃক্ষ-রাজ ॥
তার পাছে বাওয়াইল নৌকা নামে ভীমাক্ষ।
যেই নাএ ভরিয়া লৈল শঙ্খ চৌদ্দ লক্ষ ॥
তার পাছে বাওয়াইল নৌকা নামে শঙ্খতালি।
চন্দন কাষ্ঠে তার গুড়া আর ডালি ॥

(১) উজু=সোজা। নদীর দুই দিকে যেখানে খোঁচ থাকে, ডিঙ্গা তাহা ভাঙ্গিয়া ফেলিয়া সোজা করিয়া চলিয়া যায়।

(২) নিম্নভাগ।

(৩) ডিঙ্গা এত দীর্ঘ যে তাহার কোন অংশে রৌদ্র কোন অংশে বৃষ্টি যুগপৎ দৃষ্ট হইত।

(৪) অতি দীর্ঘত্ব নিবন্ধন নদীর প্রত্যেক বাঁকে ডিঙ্গা ঠেকিয়া পড়িত, তখন ১০০ ছাগল বলি দিলে ডিঙ্গা আবার চলিত।

(৫) ধূপ দীপ দ্বারা পূজা বা সম্বর্দ্ধনা না করিলে ডিঙ্গাকে কূলে ভিড়াইতে পারা যাইত না।

তার পাছে বাওয়াইল নৌকা আজেলা কাজেলা।
বাঁকে বাঁকে রহিয়া খায় শতেক ছাগলা॥
একে একে চৌদ্দ ডিঙ্গা চালাইল সত্বর।
ডিঙ্গা চালান করে সাধু গঙ্গাসাগর॥

বিবাহের রাত্রে লক্ষীন্দরকে কালসর্পে দংশন করা নির্দ্দিষ্ট ছিল। এই আশঙ্কায় চাঁদসদাগর লৌহের বাসর-ঘরে লক্ষীন্দর ও তাঁহার স্ত্রীকে সেই রাত্রের জন্য রাখিয়া দিয়াছিলেন।

লোহার বাসর নির্ম্মাণ।

সোণকাকে প্রবোধ-দান।

লোহার মন্দির ঘর করিব গঠন।
তাহার মধ্যে রজনীতে থুইব দুই জন॥
স্বামীর কথায় সোণকা খানিক হৈল স্থির।
সোণার আবাস হত্যে চাঁদ হইলা বাহির॥
বিপরীত (১) কর্ম্ম করিতে চাঁদ ভাল জানে।
চৌদ্দ শত কর্ম্মকার ডাক দিয়া আনে॥

তারাপতি কর্ম্মকারের প্রতি আদেশ।

তারাপতি কর্ম্মকার সকলের প্রধান।
অধিক গুণ তাহার জানে সর্ব্ব কাম॥
দীর্ঘ দীর্ঘ হাত পা মাথায় কাটা চুল।
ডান হাতে হাতুর বাম হাতেতে তুল॥
পিঙ্গল মাথার চুল বেকা কাকালি।
নাকে মুখে চক্ষুতে লাগিয়াছে কালী॥
চাঁদ বলে শুন বাক্য কর্ম্মকার ভায়া।
যে যে বাক্য বলি আমি শুন মন দিয়া॥
বিয়াতে (২) লখাই আজি যাইবে উজানী।
ছল পাইয়া ছলে পাছে লঘুজাতি (৩) কাণী॥
মোর ঘরে আসিয়া বলিছে বীর দর্পে।
বিয়ার রাত্রে লক্ষীন্দর দংশিবে কালসর্পে॥
ঘরে বসি নেমক খাও কিছু নাহি তার।
আজি সে জানিব ভাই চাতুরী তোমার॥
স্ত্রী পুত্রের দয়া থাকে প্রাণে থাকে ডর।
সবে মিলি কর ঘর লোহার বাসর॥

(১) অসাধ্য। (২) বিবাহোপলক্ষে। (৩) নীচজাতি।

শীঘ্র করি কার্য্যে মন দেয়গো তোমরা।
দুই প্রহরের মধ্যে বাসর করিবা সারা॥
সুন্দর লোহার ঘর তাহে ঘাট পাট।
এক ভিতে দ্বার থুইয়া লাগাও কপাট॥
কুলুপ কপাট চাপিয় এক ভায়।
বায়ু না সঞ্চারে যেন পিপীড়া না যায়॥
সকল কামারে মিলি ঝাটে কর তাড়া।
দুই প্রহরের মধ্যে ঘর হৈতে চাহে সারা॥
আবাসের বাহিরে আছে ঠাঞি স্বতন্তর।
সেই থানে গড় দিয়া লোহার বাসর॥
চাঁদর আগে তাবাপতি হাত যোড়ে কয়।
পণ্ডিত সুন্দর তুমি অতি শুদ্ধ কায়॥
তোমার আজ্ঞা লঙ্ঘিতে প্রাণে বাসি ডর।
সকলে গঠিয়া দিব লোহার বাসর॥

বাসর-ঘর নির্ম্মাণ।

সকল কামারে মিলি করিলেক ধ্যান।
বিশ্বকর্ম্মা স্মরি সভে পাতিল দোকান॥
গাবর (১) পাইক (২) লইয়া যায় হাজার হাজার।
ভাণ্ডার হইতে লোহা নেয় গোলার অঙ্গার॥
বিনায় হইয়া কর্ম্মকার চলে আগে বাথে।
ঘরের স্থান ভাও (৩) দিয়া করে ভাল মতে॥
সকল পাইক লৈয়া একত্র করিল মেলা।
ভাণ্ডার হৈতে আনে লোহা অঙ্গারের ছালা॥
পর্ব্বত প্রমাণ লোহা থুইল রাশি রাশি।
দোকানের অগ্নি দেখি বড় ভয় বাসি॥
কেহ লোহা পোড়া দেয় কেহ তায় হাতি।
আগুনে পুড়িয়া লোহা করিলেক পাতি॥
অগ্নি হেন জ্বলে লোহা দেখি লাগে ভয়।
প্রভাত কালেতে যেন সূর্য্যের উদয়॥
অতি তপ্ত হৈল লোহা অগ্নির সমান।
দোহাতিয়া বাড়ী দিয়া করে খান খান॥

(১) জেলে। (২) মজুর = কুলী।
(৩) নির্দ্দেশ, বিচারপূর্ব্বক অবধারণ।

লোহা তাঁতাইয়া কামারগণ করে গণ্ডগোল।
কেহ বলে তাঁতা কেহ বলে তোল॥
একেবারে কামারগণ করে হুড়াহুড়ি।
কামারের বোল চাল হাতুরের বাড়ী॥
অতি শীঘ্র অগ্নি জ্বলে গায় পড়ে ঘাম।
কেহ গড়ে লোহার ভিটি কেহ গড়ে থাম॥
হাজারে হাজারে কামার করে কিল কিল। (১)
কেহ গড়ে কপাট কেহ গড়ে খিল॥
তারাপতি কর্ম্মকার চাতুরী ভাল জানে।
বাছিয়া বাছিয়া কামার লইল জনে জনে॥
বিশ্বকর্ম্মা স্মরিয়া স্মরিল দেবী আই।
বিটাব বেকা ভাঙ্গিয়া যুখিল (২) ঠাঞি ঠাঞি॥
আড়ে সাত গজ নয় গজ দীর্ঘে।
প্রমাণ করিল ঘর নয় গজ উভে॥
মাটিতে সারিয়া কামার করে ত্বরা।
খুটির উপর চড়িয়া ঘর করে সারা॥
চাল গড়ি তারাপতি হাতে লৈল করা।
কসিয়া বান্ধিয়া দড় (৩) করে টুয়া॥
ঘর বান্ধিয়া কামার নামিল ত্বরিত।
চারিখান লোহার বেড়া দিল চারি ভিত॥
আগাগোড়া যোড়াইয়া বাসরে দিল তাও।
পিপীড়ার সঞ্চার নাই না সঞ্চারে বাও॥
চান্দর কার্য্যে কর্ম্মকারের মনের আশা অতি।
কোণে কোণে মিলাইয়া দিল লোহার পাতি॥
ঘর নির্ম্মাইয়া তারা ঘরে গেল বাট।
এক ভিতে দ্বার থুইয়া লাগাল কপাট॥
বাহির দিয়া তবে সর্ব্ব লোকে চাই।
থাকুক অন্যের কায বায়ু-গতি নাই॥

---

(১) ইতস্ততঃ ছুটাছুটি করে।
(২) পরিমাণ করিল।
(৩) দৃঢ়।

লখীন্দরের বিবাহ যাত্রা।

অত্যধিক বল চাঁদর কি কব অধিক।
তিন হাজার চলিয়াছে গন্ধবণিক॥
চৌদ্দ শত চলিয়াছে কুলীন স্বজন।
তিন শত ভাট চলে নয় শত ব্রাহ্মণ॥
শুক্ল বস্ত্র পরিধান মাথায় ফুলের ডালি।
বিয়া দেখিতে চলে নয় শত মালী॥
তের শত গাবর পাইক মাথায় সবার বোঝা।
দুই শত চলিয়াছে গারুড়িয়া (১) ওঝা॥
পট্টবস্ত্র পরিধান বড় দেখি শোভা।
এক চাপে চলিয়াছে শত শত ধোপা॥
সারি দিয়া কটক চলিছে হাতাহাতী।
বারশত যুগী চলে তের শত তাঁতী॥
চারিশত কুমার চলিল হরষিতে।
কাছে কাছে চলিয়াছে শতেক নাপিতে॥
চম্পক নগরে রাজা উজানীতে গেলা।
সাত শত চলিয়াছে সোণা রূপার দোলা॥
সাজিল বণিক চাঁদ নাহি ওর পাড় (২)।
নিরালম্ব(৩) লোক চলে হাজার হাজার॥
সাত হাজার চলিয়াছে বিদ্যাৎ-বাজীকর।
তিন শত চলিয়াছে প্রধান শক্তিধর॥
চম্পক নগরের লোক নানা ধনে বঙ্গ।
সত্তর খান চলিয়াছে সোণার পালঙ্ক॥
অতি বড় শব্দ শুনি যেন বহে ঝড়।
নয় শত কাওলি (৪) চলে তের শত নর (৫)॥
মহাশব্দে বাদ্য বাজে শুনি বড় রঙ্গ।
দুই হাজার ঢাক চলে হাজার মৃদঙ্গ॥

---

(১) গারুড়িয়া=গরুড়-মন্ত্রে (অর্থাৎ যাহাতে সর্প ভয় পায় এমন মন্ত্রে) সিদ্ধ। (২) শেষ বা সীমা করা যায় না, অসংখ্য
(৩) অবলম্বন-শূন্য, ভবঘুরে।
(৪) কাপালি=এক প্রকার নিম্ন শ্রেণীর লোক, তাহাদের ব্যবসায় বস্ত্র বয়ন করা। (৫) নর=নট, বাজীকর-বিশেষ।

চলিল চাঁদর কটক করি পরিপাটী।
হাতে করিয়া আনিতে পারে উজানীর মাটী॥
চলিল চাঁদর কটক কহন না যায়।
এক মুখে লেখা দিতে লাগে মাস ছয়॥

বেহুলার শোক।

কারে বিধি হেন করে।
বিয়ার রাত্রে স্বামী মরে॥
মধুকর উড়ে গেল।
শুধা কমল পড়ে রৈল॥
অঞ্চলের মাণিক্য ছিল।
অকূলে খসিয়া পৈল॥
বিধির মনে ইহা ছিল।
সুখের ঘরে আগুন দিল॥
ছিলাম বড় আদরিণী।
হৈলাম পথের কাঙ্গালিনী॥
বিয়া কৈল রাজার সুত।
বেভার দিল কলার মূল॥ (১)

আমার বিয়া হৈল বাপের বাড়ী।
রাঁড়ী হৈলাম শ্বশুর-বাড়ী॥
আরে আরে আরে ও বাপ মালী রে।
কলার মান্দুষ গড় দেখিতে সুন্দর বড়
প্রভু লয়ে ভাসিব গাঙ্গরী।

সোনকার সপ্ত পুত্র সর্প-দংশনে প্রাণত্যাগ করিয়াছিলেন। বেহুলা বহু সাধনার ফলে তাঁহাদিগকে পুনর্জীবন দান করিয়াছেন।

সোণকার সহিত মৃত পুত্রগণের মিলন।

নৌকার আগে দাঁড়াইল লখাইরা সাত ভাই।
দেখিয়া সোণেকা রাণির আনন্দের সীমা নাই॥
কারে আগে কোলে লবে বলে বারেবার।
সকলের কনিষ্ঠ আমার বীর লখীন্দর॥
রাণী বলে বহু বহু তোমরা ছয় ভাই।
আগে আমি কোলে করি সুন্দর লখাই॥
লখাই লখাই বলি রাণী ডাকে বারেবার।
কোলে আসি লখীন্দর কোল যুড়ায় আমার॥
বেহুলা বধূর গুণের কথা না যায় কহন।
যার হেতু দেখিলাম পুত্র সাত জন॥

---

(১) কলাগাছের মূল অভক্ষ্য।—অর্থাৎ রাজার পুত্র বিবাহ করিল সত্য, কিন্তু কোন লাভই হইল না।

বধূ আগে কোলে আস তোরে কোলে করি।
আমার মনের যত দুঃখ সকল পাসরি॥
পুত্রের বার্ত্তা পাইয়া চাঁদর বড় রঙ্গ।
দোলা ঘোড়া এড়িয়া (১) চাঁদ দিল উভা লড়॥
আথে ব্যথে (২) যায় চাঁদ করিয়া লড়ালড়ি।
বাম কান্ধে লইয়া চাঁদ হেন্তালের বাড়ি॥
সোণেকার পাছে ধাইল ছয় বধূ রাণ্ডী।
বায়ুবেগে ধায় যেন ধনুকের গাণ্ডী॥
শুনিয়া দেশের লোক হইল কৌতুক।
এককালে ধাইয়া আলা ডিঙ্গার সম্মুখ॥

দ্বিজ বংশীবদনের মনসা-মঙ্গল।

বংশীবদনের নিবাস ময়মনসিংহের অন্তর্গত কিশোরগঞ্জ থানার অধীন পাতুয়ারী গ্রাম। ১৫৭৫ খৃষ্টাব্দে ইনি মনসা-মঙ্গল কাব্য রচনা করেন (৩)। ইনি সংস্কৃত ভাষায় সুপণ্ডিত ছিলেন। বাঙ্গালা মনসা-মঙ্গল ছাড়া ইনি রামগাথা, চণ্ডী এবং কৃষ্ণগুণার্ণব নামক তিনখানি বৃহৎ গ্রন্থ ও রচনা করেন। ইহার রচিত মনসা-মঙ্গল হাইকোর্টের উকীল শ্রীযুক্ত দ্বারকানাথ চক্রবর্ত্তী মহাশয় সম্প্রতি প্রকাশ করিয়াছেন। দ্বিজ বংশী যে সময়ের লোক, তাহা স্মরণ করিলে তাহার রচনা যে প্রাচীন-কাব্য-সমূহের মধ্যে বিশেষ আদরণীয় ও বিশুদ্ধ তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। ইহার সম্বন্ধে অপরাপর জ্ঞাতব্য বিষয় প্রকাশিত মনসা-মঙ্গলের ভূমিকায় দ্রষ্টব্য।

দক্ষের শিব-নিন্দা ও যজ্ঞ শালা হইতে দধীচির প্রস্থান।

দক্ষ বলে শিবকে না কৈনু নিমন্ত্রণ।
জাতিহীন জানি তাকে বলে সর্ব্ব জন॥
চারি জাতি মধ্যে শিব নহে এক জাতি।
আচার বিচার নাহি নাম পশুপতি॥

(১) ত্যাগ করিয়া। (২) আস্তে ব্যস্তে = তাড়াতাড়ি।
(৩) "জলধির বামেত ভুবন মাঝে দ্বার।
শকে রচে দ্বিজ বংশী পুরাণ পদ্মার॥"
অর্থাৎ ১৪৯৭ শক = ১৫৭৫ খৃঃ।

নীল কমল সব দেখিতে সুন্দর।
মধুলোভে উড়ে পড়ে গুঞ্জরে ভ্রমর॥
হংস সারস চক্রবাক যোড়ে যোড়ে।
বৃষ গোটা বান্ধিলেন শ্রীফলের গোড়ে॥
মরকতে বান্ধা ঘাট ফটিকের সিঁড়ি।
বান্ধিয়াছে সুবর্ণে প্রতি গাছের গোড়ী॥
দেবের বিহার-স্থান অতি মনোহর।
বিরাজিত মদন বসন্ত-সহচর॥
মহামায়ার মায়ায় মোহন সে বন।
দেখিয়া তরুণ হৈল শঙ্করের মন॥
দ্বিজ বংশী দাসে গায় ভাব শুদ্ধমতি।
সকলের কল্যাণ করুক পদ্মাবতী॥

পদ্মার রূপ-বর্ণন।

সাজে পদ্মা অম্বরে কৌতুক।
একে তনু সুলক্ষণ তাতে বস্ত্র আভরণ
প্রকাশ করিল তিন লোক॥
কেশে শোভে পারিজাত রতন মুকুট তাত
শোভিয়াছে সিন্দুর কপালে।
পদ্ম-বদন আঁখি কজ্জলে উজ্জ্বল দেখি
কটাক্ষে মুনির মন ভোলে॥
মণিময় কর্ণ-ফুলী তদুপরে চক্রাবলী
গণ্ড-যুগে ঝলকে বিজুলী।
গলে গজমুক্তা হার তাতে গ্রীবাপত্র আর
নাসা অগ্রে মুকুতা আবলী॥
কনক বাহুটী (১) করে লক্ষ্মীবিলাস শঙ্খ পরে
কঞ্চুলী ঢাকিছে পয়োধর।
ক্ষীণ কটিদেশ বেড়ি পরে গঙ্গাজলী সাড়ী
পরণী উড়ণী মনোহর॥
চরণে নূপুর সাজে রুণু ঝুণু বাদ্য বাজে
উঞ্চট (২) পরিল রত্নময়।
দ্বিজ বংশী দাসে ভণে সাজাইল সখীগণে
যেন চন্দ্র আকাশে উদয়॥

---

(১) বাউটি = এক প্রকার হস্তের অলঙ্কার। (২) চুটকি।

অষ্টাবক্র।

অষ্টাবক্র নাম মুনি অঙ্গিরার পুত্র।
অষ্ট অঙ্গ বাঁকা তার কাঁধে যজ্ঞসূত্র॥
বাঁকা কাঁকালি গলা বাঁকা হাত পাও।
নাক মুখ চক্ষু বাঁকা বাঁকা কাড়ে রাও॥
খঞ্জিয়া খঞ্জিয়া (১) আসি কার্ত্তিকের আগে।
লড়ি ভরে উভা (২) হৈয়া কহিবারে লাগে॥
কি চাস্ পার্ব্বতীপুত্র ক আমার ঠাঁই।
মো সবার আগে তোর এতেক বড়াই॥
বাপ তোর ভাঙ্গড় সে স্বভাবে ভিকারী।
মাথায় বহিয়া ফিরে আপনার নারী॥ (৩)
কপালী কারণে দক্ষ যজ্ঞে কৈল হেলা। (৪)
দক্ষ-শাপে শ্মশানেত প্রেত লৈয়া খেলা॥
কালির পোলা (৫) তুঞি জন্ম শরবনে।
মো সবার বলাবল তোর বাপে জানে॥
কার্ত্তিকের পাছে দেখি জয়ন্ত কুমার।
কোপ করি মহামুনি লাগে বলিবার॥
তোর বাপে হরেছিল বশিষ্ঠের নারী।
মুনি-শাপে কুষ্ঠ হৈল সর্ব্ব অঙ্গ ভরি॥
আরবার দুর্ব্বাসা করিল লক্ষ্মী নাশ।
হেন মুনি আগে আইস মরিবার আশ।
হাত পাও বাঁকা দেখি অপজ্ঞান (৬) মনে।
সর্ব্ব দেব বিনাশিব ইন্দ্র আদি সনে॥
এত শুনি জয়ন্ত উঠিয়া দিল লড়।
কার্ত্তিক হইলা সব দেবের আওড়॥ (৭)

(১) খোঁড়াইয়া খোঁড়াইয়া।

(২) উপুড় হইয়া।

(৩) গঙ্গাদেবী শিবের জটায় অবস্থান করেন।

(৪) নরকপাল তাঁহার আদরের বস্তু, এই জন্য দক্ষ-যজ্ঞে তাঁহার নিমন্ত্রণ হয় নাই।

(৫) পুত্র। (৬) অবজ্ঞা।

(৭) আওড় = আঁড়। কার্ত্তিক দেবতাদিগের আঁড়ালে লুকাইলেন।

চাঁদ সদাগরের গুয়াবাড়ী নির্ম্মাণ।

কত দিনে সদাগর মনেত ভাবিয়া।
সভা করি বসিলেক পাত্র মিত্র লৈয়া॥
সকলেরে সম্বোধিয়া বলে অধিকারী।
সবে যদি বলহ বাগান তবে করি॥
ভাল ভাল করি বলে গুভাই পণ্ডিত।
রাজা তুমি বাগানত কবণ উচিত॥
শুভক্ষণে লগ্ন কৈল আনি বিপ্রগণ।
বাড়ীর উত্তর অংশে কৈল ভদ্রাসন॥

বাগানের আয়তন।

দীঘে পাশে আরোপিয়া যোজনেক যুড়ি।
পুরীর উত্তরেত কৈল বাগান বাড়ী॥
গড়খাই করিলেক দুলঙ্ঘ (১) রোপিয়া।
ঝোপে ঝোপে বাঁশ রোয়ে পাগার ভরিয়া॥
বাহিরেত লাগায় কদম্ব সারি সারি।
তেঁতুল চালিতা রোয়ে ভরিয়া উয়ারি (২)॥
বাড়ীর ভিতরে পুনঃ দিয়া গড়খাই।

বৃক্ষসমূহের নাম।

কলা লাগাইল যত লেখা যোখা নাই॥
চারিদিগে গড় করি সিজে মান্দারে।
দুর্গম করিল কেহ লঙ্ঘিতে না পারে॥
তার মধ্যে লাগাইল নানা মিষ্ট ফল।
রোপিল তমাল তাল শাল সরল॥
লাগাইল দাড়িম্ব কাঁঠাল আম বেল।
জামীর লেবু লাগায় গুয়া নারিকেল॥
লাগায় ডেফল (৩) গাছ তার অবশেষে।
রোপিল খাজুর বৃক্ষ তার চারি পাশে॥
তার পাছে খরমুজ বদরী শ্রীফল।
ডুবী গৈয়র আদি লাগায় সকল॥
নারাঙ্গ কমলা রোয়ে গোলঙ্গ শাকর।
মিঠা জাতী নানা কলা লাগায় বিস্তর॥

---

(১) দুলঙ্ঘ = দুর্লঙ্ঘ্য; এস্থলে অলঙ্ঘনীয় বৃক্ষ-বিশেষ।
(২) বৃক্ষাদি রোপণের আইল।
(৩) অম্ল ফল-বিশেষ।

নানাবিধ আনারস লাগাইল শেষে।
রোপিল চালিতা জাম তার এক পাশে॥
জামীর কাগজী মুগ লাগায় প্রচুর।
আদালেম্বু কাঁটালেম্বু লাগায় কর্পূর (১)॥
লাগাইল মৌকরা আদি আমলকী।
ধৃতরসা থৈকর (২) বয়েড়া হরীতকী॥
হরিদ্রা আদা লাগায় আইল করিয়া।
স্থানে স্থানে বসুগন্ধা লাগায় ছান্দিয়া॥
বাড়ীর মধ্যেত দিল দীঘি পুকুরী।
তার পাশে লাগাইল নারিকেল সারি॥
তাহার অন্তরে পুষ্প চাঁপা নাগেশ্বর।
রোপিল জবা ধুতুরা পূজিতে শঙ্কর॥
সারি সারি রোপিল বকুল সেফালিকা।
রোপিল বিবিধ শ্বেত রক্ত মল্লিকা॥
জাতী যূথী মালতী লাগায় সারি সারি।
লাগাইল নানাবিধ লবঙ্গ কস্তুরী॥
শ্বেত কৃষ্ণ করবী সে দেখিতে সুন্দর।
আর যত গন্ধ ফুল লাগায় বিস্তর॥
চান্দড় ঈশ্বর মূল আর নাগদনা।
ঔষধ লাগায় যত নাহিক গণনা॥
যত কিছু ফল মূল আছে ত্রিভুবনে।
সকল দেখিতে পাবা চাঁদর বাগানে॥
দ্বিজ বংশী দাসে গায় মধুর পয়ার।
হরি পরে গতি নাই ভব তরিবার॥

মনসাদেবীর পূজোপলক্ষে কাজির সঙ্গে গোপগণের ঝগড়া।

ইহা দেখি ভক্তিভাবে যত গোপগণ।
দীপ ধূপে বলিদানে করয়ে পূজন॥
নানামতে করে তথা বাদ্য নাট গীত।
হেনকালে এক কাজি আসি উপস্থিত॥

---

(১) পাণ-কর্পূরের বৃক্ষ। (২) থৈকর = থৈকল। অম্লফল। ইহা জ্বরাদি রোগেও ব্যবহার করা যায়। এই ফল শ্রীহট্টে প্রচুর আছে।

আপনিই কাজি সেই গোষ্ঠী তার জোলা। (১)
কিতাব কোরাণ পড়ি করে কাজিয়ালা॥
নগরে ফিরে হিন্দুর পূজা করি মানা।
ভূত-পূজা বলি তারে করে বিড়ম্বনা॥
তার যত গোষ্ঠী জোলা কলিমা জানিয়া।
কাজির ভাই কাজির শালা সব হৈল মিঞা॥
তাঁতের সাজ ঘরে থুয়া যত তানা বানা।
কাজি নামে যেখানে সেখানে খায় খানা॥
ভিঠী হেন পাগ মাথে মুখে লম্বা দাড়ি।
সহজে কমিন আরো খল হৈছে পড়ি॥
হিন্দুয়ানী মানা করে গাঞে গাঞে যাইতে।
গোরক্ষকে (২) পদ্মা পূজে দেখিল তা পথে॥
পূজা ভাঙ্গি বাড়িয়ে ভাঙ্গিল ঘট বারি।
আসন করণ্ডী (৩) ভাঙ্গি কৈল খান চারি॥

কাজির মনসাদেবীর ঘট ভাঙ্গা।

তার মধ্যে একজন জাতি মুসলমান।
সে বলে উচিত নহে বাপ হিন্দুয়ান॥
একই ঈশ্বর দেখ হিন্দু মুসলমানে।
যার তার কর্ম্ম সেই করে ধর্ম্মজ্ঞানে॥
সকলের কুলাচার সৃজিলা গোঁসাই।
পাষণ্ড হইয়া তাতে কোন কার্য্য নাই॥
ইহা শুনি কেহ না রাখিল তার কথা।
ভূত-পূজা বলি কৈল পঙ্ক অবস্থা (৪)॥
কালু মিঞা নাম টকিয়া জোলার পুত্র।
সে বলে মারি ফেলাও গোয়ালের গোত্র॥
তাহান্ শালাত ভাই নাম হাজি মিঞা।
পা পোছার বেটা টুনিয়া জোলার ভায়া॥
তাঞি বলে হিন্দু মারিয়া কার্য্য নাই।
আগুন লাগাইয়া ঘর পুড়ি কর ছাই॥
এই সব যুক্তি তারা করই বসিয়া।
হেন কালে গোপ সব আইল সাজিয়া॥

(১) ইনি স্বয়ং কাজি (magistrate), কিন্তু ইহার জাতি গোষ্ঠী সকলেই জোলা।
(২) রাখালগণ।
(৩) মনসার চিত্রপট।
(৪) দুরবস্থার একশেষ।

ধর ধর মার মার বলে গোপগণে।
মিঞা সব পালাইল ভয় পায়্যা মনে॥
বনে ঝোপে গেল তারা লড়ালড়ি পাড়ি।
মিনা কাজি পলাইতে ধরিলেক বেড়ি (১)॥
ধরিয়া বান্ধিল তারে ছান্দা দড়ি (২) দিয়া।
মুষ্টি প্রহার করে বুকেত বসিয়া॥
কাটা ছাগলের চর্ম্ম গলে দিয়া মালা।
হাততালী দিয়া তারে মারে ঘন ঠেলা॥
কিতাব কোরাণ যত পুড়িল সকল।
দাড়ি উপাড়িয়া প্রাণে রাখিল কেবল॥
তার পরে ছাড়ি দিল দুর্ব্বল দেখিয়া।
স্নান করি পদ্মা পূজে হরষিত হৈয়া॥
মিনা কাজি পলাইল গণিয়া প্রমাদ।
হাসনের কাছে গিয়া করিল ফৈরাদ॥

সৈয়দ হাসনের নিকট কাজির নালিশ।

সৈয়দ হাসন কাজি বসি বিছানাত।
লাড়্কা করিয়া সনে সুখে খায় ভাত॥
হুসেন কনিষ্ঠ ভাই মজুঙ্গার সনে।
খোদা দিল রুসমং বসি এক খানে॥
এহি সবে লইয়া হাসনে খানা খায়।
হেন কালে মিনা কাজি আসিল তথায়॥
কান্দিয়া কান্দিয়া কহে দুঃখ আপনার।
দ্বিজ বংশী দাসে রচে মধুর পয়ার॥

শুন সাহেব আমার উত্তর।
তোমার হুকুমে আমি সকল বিলাতে (৩) ভ্রমি
তাতে হৈল এত দুঃখ মোর॥
জঙ্গলে নদীর কূলে মিলিয়া সব রাখালে
নাট গীত মহোচ্ছব করি।
শঙ্খ ঘণ্টা বাজাইয়া পঞ্চ উপচার দিয়া
ভূত পূজে বলে বিষহরী॥

---

(১) বেষ্টন পূর্ব্বক। (২) পূর্ব্ববঙ্গে এখনও "ছান্দন দড়ি, বাধন দড়ি" কথার ব্যবহার আছে। "ছান্দা দড়ি" "ছান্দন দড়ি" শব্দেরই অপভ্রংশ। "ছান্দন দড়ি" অর্থ যে প্রকার দড়ি দিয়া নানা ছাদে (নানা প্রকারে) বাধা যায়। (৩) শাসনাধীন স্থানে।

বিলাতে আমি যাইতে তাহারে দেখিলুঁ পথে
মনে মোর হইলেক গোসা।
ভাঙ্গিবারে ঘট বারি দিলে বড় পাঞ্জা করি
হাতেত তুলিয়া লৈলুঁ আসা (১)॥
সে আসার বাড়ি দিয়া সকল ঘট ভাঙ্গিয়া
মুল্লাগিরি করিলুঁ জাহির।
আসিয়া গোয়াল যত আমারে চোরের মত
মারিয়াছে না করি খাতির॥
যত সব ভাই ছিল তারা পলাইয়া গেল
আমারে পাইল্লা করে ধুম।
খাওন্দ তোমারে মানি খোদার সমান জানি
কদমেত করিলুঁ মালুম
শুন শুন হজরত মোর দুঃখ কত মত
হৈল সব নসিবের দোষে।
কিতাব কোরাণ পড়ি পাঠার খালের দড়ি
গলায়ে বান্ধিল অবশেষে।
হাসনে শুনিয়া কথা মনেত লাগিল ব্যথা
সাজ সাজ বলে ডাক ছাড়ি।
দ্বিজ বংশী দাসে কয় ই তব উচিত নয়
শেষে পাইবা অপমান ভারি।

হাসনের যুদ্ধ-সজ্জা।

সাজ সাজ বলিয়া হাসন পাড়ে ডাক।
এক ডাকে বাহির হইল খোজা তিন লাখ॥
খলিপা দেওয়ান কাজি খোজার প্রধান।
তার সনে সাজি আইল হাজার পাঠান॥
বড় বড় তাজী ঘোড়া করি নানা সাজ।
সেখজাদা সব চলে যেন গজরাজ॥
খনকার রফিক্ সাজে মিনা কাজির ভাই।
তার সনে লাটাকবা লেখা জোখা নাই॥
পাওজামা নিমা টুপী পরি কটীবন্ধ।
হাসন সৈদের সাজে সাত ফরজন্দ॥

---

(১) আসানড়ি = যষ্টি-বিশেষ।

আকন্দ হাসন কাজি হৈল আগুয়ান।
তালিপ মুরসিদে তার ধরিছে যোগান॥
ঘন ঘন সাড়া কাটি পড়িল নগরে।
একজন মুসলমান না রৈল সহরে॥
আসিয়া মিলিল সবে পদ্মা-পূজা-স্থান।
ই দেখি হিন্দুয়ানের উড়িল পরাণ॥
কেহ পলাইয়া গেল কেহ দিল লড়।
কেহকে মারিল বাড়ি করে ধড়ফড়॥
পূজা ভাঙ্গি ঘটবারি ভাঙ্গিয়া ফেলায়।
যতেক মঙ্গল-দ্রব্য পাড়ে দুই পায়॥
ব্রাহ্মণের জাতিনাশ করিবার ছলে।
কর্ণেত কলিমা পড়ে যবন সকলে॥
আসিছিল যত লোক দেখিবারে ব্রত।
কলুষ করিয়া সবে কবিল সুন্নত॥
গোহত্যা করিল তথা করিয়া জবর (১)।
তদন্তরে সবগুলা চলি গেল ঘর॥

ধন্বন্তুরি ওঝা।

ধন্বন্তরির শিক্ষা।

এই মতে ধন্বন্তরি জন্মিল সংসারে।
লক্ষ্মী অধিষ্ঠান হৈল সে রাজার ঘরে॥
দিনে দিনে বাড়ে যেন চন্দ্রের সমান।
কাশীরাজা মহোৎসবে কৈল নানা দান॥
শাস্ত্র অনুসারে সব কৈল সংস্কার।
গুরুর নিকটে দিল শাস্ত্র জানিবার॥
আগম নিগম পঠে ভাগবত পুতা (২)।
নানান পুরাণ পঠে ভগবদ্গীতা॥
সকল সংহিতা পঠে কাব্য-পরকাশ।
জানিল সকল শাস্ত্র যত ইতিহাস॥
বেদান্ত পঠিয়া পঠে যোগান্ত বিচার।
কালিকা সাধন কৈল অনেক প্রকার॥

অসামান্য-শক্তি-লাভ।

তুষ্ট হৈয়া মহাদেব বর অধিষ্ঠাতা।
মহাজ্ঞান দিলা আর গায়ত্রী সংহিতা॥

(১) বল। (২) পুত্র।

বিবাহ।

বিদর্ভ রাজার কন্যা নামেত কমলা।
শুভক্ষণে বিয়া কৈল যেন চন্দ্রকলা॥
ধনে জনে সম্পদ হইল অতিশয়।
নানা দেশ ভ্রমিয়া করিল দিগ্বিজয়॥
গো-মুণ্ডের ঠাটা (১) তারে সিংহছালে ছায়া।
ব্যাঘ্র-পৃষ্ঠে চড়ি ফিরে জয়ঢাক বায়া॥
হুঙ্কারে সাগর চালে পৃথিবী কাঁপায়।
নাগে বাঘে নাম শুনি মস্তক নোয়ায়॥
ভূত প্রেত পিশাচ পলায় দেখি ডরে।
বৃক্ষেও নামায় মাথা দেখিয়া ওঝারে॥
হুঙ্কারে পাড়িয়া সে বৃক্ষের ফল খায়।
পুনরপি পাড়া ফল বৃক্ষেত লাগায়॥
ভূচরী খেচরী যত ডাকিনী যোগিনী।
রোগ পীড়া ব্যাধি খণ্ডে তার নাম শুনি॥
বড় সর্প ধরিয়া গারুড়ী মন্ত্র বলে।
নিরবধি খেলায় লইয়া নানা ছলে॥
বিষ কাড়ি লয় যত বড় বড় সাপ।
বান্ধে হাতে গলায় নাহি থাকে দাপ॥
উদয়কাল ভুজঙ্গ শিবের জটায়।
তারে আনি মন্ত্রবলে ধরিয়া খেলায়॥
একদিন বিপাকে ঠেকিল দৈবযোগে।
পাইল মুনির শাপ দংশিবারে নাগে॥
দ্বিজ বংশী দাসেরে প্রসন্ন সরস্বতী।
পদবন্ধে গাইল ধন্বন্তরি-উৎপত্তি॥

কলির ব্রাহ্মণ।

কলির ব্রাহ্মণ আর কলির ছাগল।
ভাল মন্দ জ্ঞান নাই প্রত্যয় পাগল॥
পতিতের দান লৈতে না কর বিচার।
হাড়ি ডোম চণ্ডাল যজাও কদাচার॥
কাকড়ার মাটি দিয়া কর দীর্ঘ ফোঁটা।
কাকালির মধ্যে রাখ ভাঙ্গা লাউ গোটা॥

(১) মস্ত ; এখানে দণ্ড-বিশেষ।

মাথায় বেড়িয়া বান্ধ রাত্রি-বাস ধড়ি (১)।
মুষ্টি ভিক্ষা মাগিয়া বেড়াও বাড়ী বাড়ী ॥
মুষ্টি এক উনা হৈলে না কর ভোজন।
তিন হাঁড়ী অন্নে হয় উদর পূরণ ॥
ধুঁয়া দেখি ফিরহ নদীর পারে পারে।
মড়া মৈল বলি যাও দক্ষিণার তরে ॥
শুনিলে শ্রাদ্ধের নাম যজমানের পাড়া।
বান্ধা দিয়া খায়্যা যাও স্ত্রীর চবুড়া (২) ॥
সূত্র (৩) পুঁথি হাতে লৈয়া চণ্ডীপাঠ গাও।
সত্য মিথ্যা বাক্য বলি যজমান ভাঁড়াও ॥
শূদ্র সেবক লইয়া কর চড়াচড়ি।
পঞ্চ উপচারে খায়া যাও গালি পাড়ি ॥
বাক্য চাতুরী করি দিবাতে মাগিয়া।
সন্ধ্যাকালে যাও ভাল গৃহস্থ দেখিয়া ॥
ঠাই টিউরি করি থাক অপেক্ষায়।
ভাল বাকি হয় যদি বন্ধন করায় ॥
পর দ্রব্য পাইয়া ডাগর পেট ভর।
রাত্রিতে না আসে নিদ্রা উহ্ বৈস্ কর ॥
আচার বিচার নাই অহিত ব্রাহ্মণ।
গায়ত্রীর লেশ নাই সন্ধ্যা দেবার্চ্চন ॥
আমি ওঝা ধন্বন্তরি অন্ত জন নষ্ট।
গলায় আছয়ে সূতা তেকারণ সই ॥
আর জন হৈলে তার মুড়িতাম মাথা।
গরু আর ব্রাহ্মণ যে শূদ্রের দেবতা ॥
আমার যে গুণ সব জানে হর-গৌরী।
তুমি ছারে কি জানিবা কড়ার ভিকারী ॥

ডিঙ্গা-নির্ম্মাণ।

ডিঙ্গা বান্ধে চম্পকের নাথে।
সোণার জল লয়্যা মাহেন্দ্র সুক্ষণ পায়্যা
দাঁড়া বিন্ধে আপনার হাতে ॥

---

(১) ধড়ি=ধুতি। রাত্রিতে পরিহিত বস্ত্র।
(২) মোটা সূতার সাড়ী। (৩) ব্যাকরণের প্রথম পাঠ্য।

দীর্ঘে সহস্র গজ সূতা মাপি কৈল ধ্বজ
মধ্যে দিল তের অল উভে।
যথা তথা ভরা লৈলে মনসা চক্রান্ত কৈলে
সাগরে যে কাঁড়ার না ডুবে॥
ডিঙ্গা পত্তন করি কাবাই (১) পাইল গিরি (২)
তার খাডু (৩) পাইল জনে জনে।
বিশ্বকর্ম্মা অধিষ্ঠান ডিঙ্গা করে নির্ম্মাণ
আনন্দে গঠয়ে রাত্রি দিনে॥
মন-পবন কাষ্ঠে সন্ধিতে লাগায় পৃষ্ঠে
লোহার গজাল হানি তারে।
দঢ় করি গড়ে তলা বাইনে বাইনে রাং ঝালা
লোণা পানী ছুঁইতে না পারে॥
তলী গড়ি কৈল সারা লাগায় হাটুয়া গোড়া
পীঠপাত লাগায় ঝাপ দিয়া।
মাথা (৪) কাষ্ঠ দিল তাত সোণা-রূপার পারিজাত
লাগাইল সন্ধি চাহিয়া॥
মধ্যে করি রাজাসন চেরয়াট (৫) বিলক্ষণ
ঝলম (৬) গড়িল সারি সারি।
মালুম কাষ্ঠ (৭) দিল গাড়ি পাতয়াল (৮) ঝোকা বাড়ি (৯)
চারা পল্লব কত করি॥
সুবিচিত্র ছই ঘর সারি সারি চামর
নেতের লোলনী নানা ছন্দ।
ডিঙ্গার দিলেক ঝাঁপি সোণা-রূপার চুমকী
কপালে বিরাজ করে চান্দ॥
নানা রঙ্গ-কুতূহলে ডিঙ্গা নামাইল জলে
দেখে সাধু হরষিত মনে।
গিরিবর পাইল ঘোড়া আর সবে নেত ধড়া
বংশীবদন দ্বিজে ভণে॥

(১) বুককাটা জামা। (২) শিল্পীর নাম।

(৩) পূর্ব্বে মজুর ও শিল্পীদিগকে রূপা বা অন্য কোন ধাতু নির্ম্মিত খাড়ু (হস্ত ও পদের অলঙ্কার-বিশেষ) দিয়া পুরস্কার করিবার প্রথা ছিল।

(৪) নৌকার গলুই। (৫) নৌকার গলুই-সংযুক্ত কাঠ-বিশেষ। চলিত ভাষায় "চরাট" বা "পাটাতন"। (৬) ঝুলান কৃত্রিম পুষ্পমালা।

(৭) নৌকার তক্তা আবদ্ধ রাখিবার জন্য কাঠ।

(৮) হাইল। (৯) নৌকার হাইল-রক্ষক কাঠ-বিশেষ।

রন্ধন।

চান্দর আদেশ জানি চলিল সোণাই রাণী
করিবারে রন্ধন সত্বর।
যাব অতি দূর দেশে কত দিনে ফিরি আসে
না জানি ঘরেত সদাগর॥
ঝাঁটঝিলা (১) দিয়া স্নান করি বস্ত্র পরিধান
রাঁধিবারে যায় সুবদনী।
বণিক্য ছকুড়ি ঘর জ্ঞাতি গোত্র সহোদর
ভোজন করিব হেন জানি॥
কালী কাজলী বালী তেড়ার ভগ্নী মেখলী
দুর্ব্বলী যে লেঙ্গার ভগিনী।
পঞ্চজন দাসী ধায় কেহ সজ্জ যোগায়
কেহ হস্তে চালায় বিজনী॥
কেহ মৎস্য মাংস কাটে কেহবা হরিদ্রা বাটে
কেহ ব্যঞ্জনের সজ্জ করে।
দুগ্ধ আবর্ত্তন করি কেহ রাখে সারি সারি
গুড় চিনি নানা উপহারে॥
এক মুখে দেয় জ্বাল নব মুখে জ্বলে ভাল
বসাইল নগোটা পাতিলী। (২)
নব ব্যঞ্জনের তরে বসাইলা একেবারে
সম্ভারিল তৈল ঘৃত ঢালি॥
প্রথমে নালিতা শাকে রান্ধিলেক তৈল-পাকে
কচু শাকে নারিকেল কাটি।
সাঞ্চা শাক ঘৃতে ভাজে আদা দিয়া তার মাঝে
মাটা শাক (৩) জিরা লঙ্গ বাটি॥
পালই (৪) শাক বসায়্যা ভাজে তারে ঘৃত দিয়া
পরে দিল মরিচ লবঙ্গ।
নাড়িতে বিজল ছুটে খর জ্বালে ধুঁয়া উঠে
ঘামে সোণার বিরস বদন॥

---

(১) স্ত্রীলোকদের গাত্র-পরিষ্কারক এক প্রকার দ্রব্য।
(২) নয়টা পাতিলী (হাঁড়ী) বসাইল। (৩) মেথি শাক।
(৪) পালই=চেঁকুর শাক।

ভাজি।

ঘৃতে ভাজে নিমপাত উড়িসা (১) উরসী তাত
বেত আগে থউরের (২) ছই।
বাগুণ তরই (৩) ঝিঙ্গা ভাজে ডুম্বরাজডাঙ্গা (৪)
কাঁচা কলা ভাজে দুধকঁই (৫)॥
লাউ কুমড়া চাকি হরিদ্রা পিঠালী মাখি
বসবাস জিরা লঙ্গ বাটি।
কাঁঠালের বীজগুলি ভাজিলেক ঘৃতে তুলি
শিম্ব উড়শা (৬) দাল বাটি॥
একে একে নিরামিষ রান্ধিল ব্যঞ্জন ত্রিশ
শুক্ত রান্ধে আর ডালি নানা।
অম্ল রান্ধে পাকা কলা আদা লেম্বু পৈরা (৭) মূলা
দ্বিজ বংশী দাসের রচনা॥

নিরামিষ রান্ধে সব ঘৃতে সম্ভারিয়া।
মৎস্যের ব্যঞ্জন রান্ধে তৈল-পাক দিয়া॥
বড় বড় কই মৎস্য ঘন ঘন আঞ্জি (৮)।
জিরা লঙ্গ মাখিয়া তুলিল তৈলে ভাজি॥
কাতলের কোল ভাজে মাগুরের চাকি।
চিতলের কোল ভাজে বসবাস (৯) মাখি॥
ইলিশ তলিত (১০) করে বাচাও ভাঙ্গনা।
শউলের খণ্ড ভাজে আর শউল পোনা॥
বড় বড় ইচা (১১) মৎস্য করিল তলিত।
রিঠা পুঠা ভাজিলেক তৈলের সহিত॥
বেত আগ পলিয়া চুঁচুরা মৎস্য দিয়া।
শুকত ব্যঞ্জন রান্ধে আদা বাটিয়া॥
পাবতা মৎস্য দিয়া রান্ধে নালিতার (১২) ঝোল।
পুরাণ কুমড়া দিয়া বোহিতের কোল॥

(১) উচ্ছে। (২) খোয়েরর। (৩) ঢেঁড়স।
(৪) ক্ষীরনটে = সাদা ডাঁটা-বিশেষ। (৫) ঝিঙ্গা বা অন্ত কোন তরকারী দুগ্ধ ও চিনির সহিত। চলিত ভাষায় "দুগ্ধ কদুই"।
(৬) কাল কড়াই দাল। (৭) পয়রা গুড়।
(৮) কাটার দাগ দিয়া। (৯) ব্যাসন।
(১০) তৈলে ভাজা। (১১) চিংড়ী।
(১২) শুষ্ক তিক্ত পাটপাতার।

কিঞ্চিৎ নালিতা পত্র তার মধ্যে আদা।
লাউ দিয়া ঘণ্ট রান্ধে রোহিতের গাদা॥
বাগুণ দ্বিখণ্ড করি তাত লাউ যোগ।
মাগুর মৎস্য সহ রান্ধে কোঞর ভোগ (১)॥
নবীন কুমড়া দিয়া কই মৎস্য সনে।
পিপুল বাটিয়া ঝোল রান্ধিল বন্ধানে॥
লাফা (২) বাগুণ দীর্ঘে করি চারি খণ্ড।
চৈ (৩) বাটিয়া রান্ধে রোহিতের অণ্ড॥
মাষ দাল দিয়া রান্ধে রোহিতের মাথা।
হিঙ্গের সম্ভারে তাতে দিল তেজপাতা॥
জিরা লঙ্গ বাটি দিল মরিচের রসে।
ভুবন মোহিত কৈল ব্যঞ্জনের বাসে॥
আদা জামিরের রসে কই মৎস্য ভাল।
অম্ল ব্যঞ্জন রান্ধে থৈকর (৪) মিশাল॥
পোনা মৎস্য দিয়া রান্ধে করঞ্জ (৫) অম্বল।
তিল চালিতা রান্ধে সুখাদ্য কেবল॥
পাকা তেঁতুলে রান্ধে রোহিতের পেটি।
বদরীর অম্ল রান্ধে শোল মৎস্য কাটি॥
সকল ব্যঞ্জন রান্ধে আপনার মনে।
বদরীর অম্ল রান্ধে ঠেকাইল ফেণে (৬)॥
হেটে তার ব্যঞ্জন উপরে ভাসে ফেণা।
নাড়িতে নাড়িতে নড়ে দুকাণের সোণা॥ (৭)
পাকা মৌআলু (৮) দিয়া ঘৃত পাক করি।
তাতে কৈল দধিখণ্ড চিনিয়ে সম্ভারি॥
দারচিনি বাটি দিল আর তেজছাল (৯)।
পিঠালী বাটিয়া তাত মরিচ মিশাল॥
আদা জামিরের রস সৈন্ধব লবণে।
রান্ধিলেক "মনোহর" নাম ব্যঞ্জনে॥

---

(১) এই ভাবে প্রস্তুত ব্যঞ্জনকে "কুমার-ভোগ" বলিত। (২) বড় ও গোল। (৩) মসলার উপযোগী গুল্ম-বিশেষ। (৪) "অম্ল বেতস"=এক রকম টক ফল। শ্রীহট্টে বিস্তর হয়। (৫) করমচা। (৬) আবর্ত্তন-পূর্ব্বক ফেণ সংবরণ করিল। (৭) অনবরত আবর্ত্তন-জন্য কর্ণের কুণ্ডল দুলিতে লাগিল। (৮) এক প্রকার মিষ্ট আলু। লাল "সকরকন্দ আলু"। (৯) তেজপত্র-বৃক্ষের চর্ম্ম।

প্রবন্ধে রান্ধে ব্যঞ্জন নাম মনোহর।
খাইতে সুস্বাদ অতি দেখিতে সুন্দর॥
মৎস্যের ব্যঞ্জন রান্ধি করি অবশেষ।
মাংসের ব্যঞ্জন তবে রান্ধয়ে বিশেষ॥
কাউঠার (১) রান্ধে মাংস তৈল ডিম্ব দিয়া।
তলিত করিয়া তুলে ঘৃতেত ছাকিয়া॥
কৈতরের (২) বাচ্ছা ভাজে কাউঠার হাতা।
ভাজিছে খাসীর তৈল দিয়া তেজপাতা॥
ধনিয়া সলুপা (৩) বাটি দারচিনি যত।
মৃগ মাংস ঘৃত দিয়া ভাজিলেক কত॥
রান্ধিছে পাঠার মাংস দিয়া খর ঝাল।
পিঠালী বাটিয়া দিল মরিচ মিশাল॥
কত মত ব্যঞ্জন সে নাহি লেখা যোখা।
পরমান্ন পিষ্টক যে রান্ধিছে সপকা॥
ঘৃতপোয়া চন্দ্রকাইট (৪) আর চুষপুলী।
আইলবড়া ভাজিলেক ঘৃতেত মিশালি॥
জাতিপুলী ক্ষীরপুলী চিতলোটা আর।
মনোহরা রান্ধিলেক অনেক প্রকার॥
অন্ন ব্যঞ্জন রান্ধি করিল প্রচুর।
কলায়ের দ্রব্য কৈল মুগের অঙ্কুর॥
আদা চাকী চাকী আর ভুনা কলাই।
ঘৃতেত চুভাজা চিড়া শর্করা মিশাই॥
সুগন্ধী শালির চিড়া গন্ধে আমোদিত।
খণ্ড খণ্ড নারিকেল তাহাতে মিশ্রিত॥
উত্তম ক্ষীরসা দিয়া গঙ্গাজলী লাড়ু।
ইক্ষু রস রাখিলেক ভরি লোটা গাড়ু॥
এই মত ভক্ষ্য দ্রব্য করিল বিস্তর।
চেড়া আসি জানাইল চান্দর গোচর॥
হইলেক রন্ধন বিলম্ব নাহি আর।
স্নান করিবার সাধু হৈল আগুসার॥

---

(১) কচ্ছপ-বিশেষের। (২) পায়রার।
(৩) মৌরী। (৪) পিষ্টক-বিশেষ।

দেব-সভায় অপ্সরাগণের নৃত্য।

উষা ও অনিরুদ্ধের প্রতি অভিশাপ।

অগ্রে উষা তার পাছে যতেক নর্ত্তকী।
মৃদঙ্গ মন্দিরা আর করতাল ঝিকিমিকি॥
কটিতে কিঙ্কিণী শব্দ নূপুর রুণুঝুনি।
ক্ষুদ্র ঘণ্টিকা বাজে কটিতে কিঙ্কিণী॥
মৃদঙ্গ পাখোয়াজ ডম্বুরু বাজয়ে বিশেষ।
প্রথমে উর্ব্বশী করে নৃত্যেতে প্রবেশ॥ উর্ব্বশী।
অঙ্গ ভঙ্গী করি নৃত্য করয়ে সুন্দরী।
সমুখ বিমুখে যায় তালে ভর করি॥
উর্ব্বশীর নৃত্যে মোহিল দেব-সভা।
উর্ব্বশীর অবশেষে আগু হৈল রম্ভা॥ রম্ভা।
তাল ঘাতে নাচে ভাল কুবেরের নারী।
মোহিল ইন্দ্রের সভা শুদ্ধ নৃত্য করি॥
দেব-সভা মোহিত করিল সুরগণ।
সেই ছিদ্রে মেনকা নৃত্যেতে আগুয়ান॥ মেনকা।
হাড়িয়া চামর (১) হাতে সুবর্ণের ঝালী।
ঘন ঘন পাকায় যেন ঝলকে বিজুলী॥
শৃঙ্গের সঞ্চার তালে করি ভর।
মেনকার নৃত্য দেখি হাসে মহেশ্বর॥
হেন কালে গন্ধকালী আসি উপস্থিত। গন্ধকালী।
সভা মোহিত কৈল শরীরের গন্ধে।
বদনে ঈষৎ হাসি নাচয়ে নানা ছন্দে॥
কাঁচলি ঢাকিয়া সুদীর্ঘ কুন্তুম।
ময়ূরে নাচয়ে যেন ধরিয়া পেখম॥
গন্ধকালী নাচে যেন খঞ্জনিয়া পাখী।
গন্ধকালীর নৃত্যে হৈল সব দেব সুখী॥
সুর-পুরী সকল মোহিল গন্ধকালী।
শশিপ্রভা আগু হৈল অন্তপট (২) তুলি॥ শশি-প্রভা।

---

(১) পূর্ব্বকালে হাড়িগণ সম্ভবতঃ চামর ব্যজন করিত, অথবা সেই চামর হাড়িগণ নির্ম্মাণ করিত। (২) অন্তঃপুরের পর্দা।

চন্দ্র উদয় যেন করিল প্রকাশ।
শশিপ্রভার নৃত্য দেখি দেব-সভার হাস॥
সুতার সঞ্চারে নাচে বায়ু ভর করি।
একে একে সকল মোহিল সুরপুরী॥
অধরে মধুর হাসি ত্রিভঙ্গ ভঙ্গিমা।

তিলোত্তমা।

শশিপ্রভার অবসরে আইল তিলোত্তমা॥
মাথায় ঢালুয়া খোপা ধরিছে পেথম।
তিলোত্তমার নৃত্য দেখি হাসে দেবগণ॥

তারাবতী, যোজনগন্ধা।

তার পাছে তারাবতী বত্রিশ তালে পুরি।
বাহির হৈল যোজনগন্ধা নামে বিদ্যাধরী॥
গায়ের মদগন্ধ যায় যোজনেক পথ।
পড়নী উড়নী অঙ্গে ঘুঙ্ঘুট সাত শত॥
গঙ্গাজলী সাড়ীতে শরীর আচ্ছাদিয়া।
কৌতুকে করয়ে নৃত্য তালেতে ভাসিয়া॥
গমন গজেন্দ্র-গতি মদন অলসে।
মোহিত করিল সভা নানা বাক্যরসে॥
প্রেমের লোচন-তারা সুরেখা সুন্দরী।
তার পাছে নৃত্য করে বপু বিদ্যাধরী॥

অপরাপর বিদ্যাধরী।

চন্দ্রমুখী চন্দ্রকলা নাচে দুই সখী।
রত্নমালা নাচে যেন পঙ্খিনিয়া পাখী॥
রোহিণী মোহিনী সত্যবতী মনোরমা।
সর্ব্বজয়া সত্যভামা নাচিছে সুরমা॥
রেবতী কাঞ্চনমালা নাচে মনোহর।
পৃষ্ঠভরে লম্বিত কাঞ্চলি পয়োধর॥
এহি মতে যতেক প্রধান বিদ্যাধরী।
একে একে নৃত্য করে দেখে বিষহরী॥

উষা।

হাসিয়া ইন্দ্রের ঠাঁই বলিলা বচন।
এখনে দেখিতে নৃত্য উষার নাচন॥
অনিরুদ্ধ উষা ভাল নাচে হেন শুনি।
দেখিতে উষার নৃত্য আজ্ঞা দেহ জানি॥
এত শুনি পুরন্দরে বলিল হাসিয়া।
সত্বরে আনহ উষা নৃত্য করুক আসিয়া॥
চিত্ররেখা বলে উষা বিলম্বে নাহি কায।
অবশ্য যাইবা দেখি শীঘ্র কর সাজ॥

অনেক যত্ন করি উষা রহিবারে চাহে।
বিধাতা লিখেছে দুঃখ খণ্ডান না যাহে॥
সাত পাঁচ ভাবি উষা দিল আগুসার।
পেটারা খসায়ে পরে রত্ন অলঙ্কার॥ উষার বেশ।
রত্নসম্পট ধরিয়া সখী চারিভিতে।
রত্নের প্রতিমা যেন সাজে মনোরথে॥
সুবেশ করিয়া খোপা বান্ধিলেক ভালা।
সুমেরু জিনিয়া যেন সাজে মেঘমালা॥
তাহার উপরে দিল পারিজাত-মালা।
নবীন মেঘেতে যেন শোভিছে চপলা॥
মধ্যে মধ্যে পুষ্প তাতে চাপা নাগেশ্বর।
মধুলোভে উড়ি পড়ে উন্মত্ত ভ্রমর॥
কাম-সিন্দুরের রেখা কপালে উজ্জ্বল।
পুষ্পেতে লম্বিত জাত শোভয়ে কেবল॥
কপালে উজ্জ্বল শোভে ঝুরি মুক্তাবলী।
মাণিক্যের কর্ণফুল শোভে গণ্ডস্থলী॥
তার উপর চন্দ্রাবলী ঝলকে উজ্জ্বল।
নাসিকা অগ্রেতে পরে মুকুতা কেবল॥
কুঙ্কুমে লেপিয়া স্তন ঢাকিছে কাচলি।
গলে পরে গ্রীবাপত্র মুকুতার বলী॥
বিনা মরকতে গাথি মধ্যেতে সোণার।
হাতে পরে বাজুবন্ধ মুকুতার তার॥
হস্তে পরে অলঙ্কার কেয়ুর কঙ্কণ।
রত্ন অঙ্গুরী পরে অতি বিলক্ষণ॥
নেতের উড়নী পরে উপরে পাটসাড়ী।
তাহার উপরে ঘাগর পরে কটি বেড়ি॥
ক্ষুদ্র ঘণ্টিকা তাতে ঘাগর কিঙ্কিণী।
নাভির উপরে পরে নীবিবন্ধ খানি (১)॥
চরণে ঘুঘুরা পরে নূপুর পঞ্চম।
উরুটা পরিল তবে দেখিতে উত্তম॥
হাতে পায় পরিলেক অলক্তার ফুল।
চন্দনে লেপিয়া অঙ্গ সর্ব্ব সমতুল॥

(১) কোমর-বন্ধ।

উত্তম উড়নী দিয়া সর্ব্বাঙ্গ ঢাকিয়া।
তাতে যত লিখিয়াছে শুন মন দিয়া॥
কামিনী ভূষণ এ যে জানি পুরন্দরে।
কৌতুকে দিলেন তারে শচী পরিবারে॥
শচীর ঠাঁই নৃত্য করি পাইয়াছে উষা।
সেই বস্ত্র গায়ে দিলে নাহি ক্ষুধা তৃষা (১)॥
বিশ্বকর্ম্মা নির্ম্মায়েছে আপনার হাতে।
ব্রহ্মাণ্ডেতে যত আছে লিখেছে তাহাতে॥
স্বর্গ মর্ত্ত্য পাতাল লিখেছে ত্রিভুবন।
দেব দৈত্য নাগ পক্ষী গন্ধর্ব্ব সুলক্ষণ॥
দেবের প্রধান ব্রহ্মা লিখিয়াছে তাতে।
হংসবাহন রথে ব্রহ্মাণী সহিতে॥
চতুর্ভুজ রূপ লিখেছে নারায়ণ।
লক্ষ্মী সরস্বতী সঙ্গে গরুড়-বাহন॥
বৃষের উপরে হর লিখিয়াছে তথি।
শিরে গঙ্গা উপরে দুর্গা কার্ত্তিক গণপতি॥
শঙ্করের কোলেতে লিখেছে বিষহরী।
চতুর্ভুজা মহামায়া রক্তবস্ত্রধারী॥
আর আর যত ইতি ব্রহ্মাণ্ডেতে আছে।
স্থাবর জঙ্গম আদি সব লিখিয়াছে॥
হেন বস্ত্র গায়ে দিয়া আসিল সুন্দরী।
সভা মধ্যে দাঁড়াইল অঙ্গ ভঙ্গী করি॥
একে একে সভায় দৃষ্টি হৈল উষা দিগে।
মোহিত করিল সভা অনুরাগে॥
দ্বিজ বংশী দাসে গায় পদ্মার চরণ।
ভবসিন্ধু তরিবারে বল নারায়ণ॥

উষার নৃত্য।

নৃত্য করে উষা সুন্দরী।
চরণে নূপুর-ধ্বনি তালেতে টঙ্কার হানি
দাঁড়াইল অঙ্গ ভঙ্গী করি॥
উষার মন্দিরা হাতে অনিরুদ্ধ তাল খাতে
পাখোয়াজ করে ঢোলঢোলী।

(১) এই বস্ত্রের গুণেই ক্ষুধা তৃষ্ণা হয় না।

তাতা তিতি থৈয়া থৈ হাতে মুখে তাল কৈ (১)
মোহিত করিল সুরপুরী ॥
খঞ্জন-গমন হাটে হাতে লয়ে তাল বাটে
চামর তুলিছে ঘন পাকে।
আর সব দেবলোকে রঙ্গ দেখে কৌতুকে
মনসা রহিছে ছিদ্র তাকে (২) ॥
মাথায় জলের ঘটী দুই হাতে তাল বাটি
নাচে কাচা শরার উপরে।
এক পায়ে করি ভর যেমন ফিরে ভ্রমর
মনসা তখনে মন হরে ॥
পদ্মা হরিল মন তাল হৈল বিস্মরণ — তালভঙ্গ।
শরা ভাঙ্গি পড়িল ভূমিতে।
তাল ভঙ্গ হৈল কাযে শাপ দিল দেবরাজে
ভয়ে উষা পরম চিন্তিতে ॥
তালে নাহি অবধান আমা করে অবজ্ঞান — শাপ।
অনিরুদ্ধ উষা দুইজনে।
শাপ দিল এই দোষে তোমরা দ্বাদশ বর্ষে
থাক গিয়া এ মর্ত্ত্য ভুবনে ॥
উষা যদি পাইল শাপ দেবগণে মনস্তাপ
দেব-সভা করে হাহাকার।
দ্বিজ বংশী দাসে গায় দেবগণ ঘরে যায়
কার্য্যসিদ্ধি হৈল মনসার ॥

চাঁদ সদাগরের দক্ষিণ পাটন যাত্রা।

চলে সাধু দক্ষিণ পাটন।
চম্পক নগরে মিলি কৌতুকে হুলাহুলি
জয় ধ্বনি উঠিল গগন ॥
বসিয়া কাঞ্চন খাটে যাত্রা মঙ্গল পাটে
ইষ্টদেব করিল স্মরণ।
হস্তে ধান্য দূর্ব্বা নারী পূর্ণ কুম্ভ সারি সারি
বেদ পঠে শুনই ব্রাহ্মণ ॥

---

(১) কহিয়া। (২) ছিদ্র অনুসন্ধান করিয়া।

যাত্রা করি অধিকারী পূজিলেক হর-গৌরী
প্রণাম করিয়া সপ্তবার।
(সূত) মগধ ভাটে বন্দী শালে স্তুতি পঠে
নারী লোকে দেয়ন্তী জোকার॥
বিনয় করিয়া স্তুতি হৃদয়ে ভাবিয়া অতি
শুভ পাত্র করিয়া সঞ্চার।
যোগান ধরিয়া ঠাটে আসিয়া মিলিল ঘাটে
বাদ্য ভাণ্ড বাজায় অপার॥
সাধু উঠে মধুকর যে নায়ে শিবের ঘর
পাইক সবে পাইল ঘোড়া।
ডুলাই পাইল ঘোড়া নিব বছর আবে তেড়া
প্রতি নায়ে ঘন বাজে কাড়া॥
দুন্দুভি মৃদঙ্গ কাড়া ঝাঁঝর বাজয়ে সারা
শবদ উঠয়ে ঘোরতর।
গোঙ্গরী যুড়িয়া যায় চন্দ্রধরে রঙ্গ চায়
রবির কিরণ হৈল ঘোর॥
ডুলাই বলে বাও বাও বন্দিয়া চণ্ডিকার পাও
প্রথমে মিলিল শঙ্খচূড় (১)।
ছোটিমোটি (২) তার পাছে যে নায়ে ভরিয়া আছে
চাড়ী পাগ ধুতুরা বিস্তর।
তবে সে কাজলরেখি (৩) দেখিতে যুড়ায় আঁখি
চতুর্থে মিলিলা দুর্গাবর (৪)॥
মাণিকা-মেরুয়া (৫) নায়ে ষোল শত দাঁড় বায়ে
তার শেষে আগলপাগল (৬)।
তবেত রাজবল্লভ (৭) রাজহংস ভরা সব
অষ্টমে মিলিল হংসবর (৮)॥
নবমে সাগর-ফেনা (৯) যে নায়ে কলিঙ্গ-সেনা
তার শেষে মিলে উদয়-গিরি (১০)।
একাদশে লক্ষীপাশা (১১) যে নায়ে গুসাঞির * বাসা
নিত্য যাতে পূজে হরগৌরী॥
উদয়তারা (১২) দ্বাদশে গঙ্গাপ্রসাদ (১৩) তার শেষে
চতুর্দ্দশে মিলে মধুকর (১৪)।

(১—১৪) ডিঙ্গার নাম। * গোসাই ওঝা (পুরোহিত)।

পঞ্চপাত্র সঙ্গে করি বসিয়াছে অধিকারী
যে নায়ে আপনি চন্দ্রধর ॥
চৌদ্দ ডিঙ্গা বাইয়া যায় পাইক সবে সাইর গায় (১)
তোলপাড় গোঙ্গরী (২) সাগর।
ডিঙ্গা সব চুলে ঝাটে দুই কূলে প্রজার ঠাটে
দ্বিজ বংশী মনসা-কিঙ্কর ॥

হরষিতে চন্দ্রধর যায় ডিঙ্গা বাইয়া।
পাইকে ধামালী করে রঙ্গে সাইর গাইয়া ॥
জয়ঢাক বীরঢাক আর জয়ঢোল।
শঙ্খনাদে সিংহনাদে নাহি শুনি বোল ॥
শিলই হাউই ছোটে আকাশ পরশে।
চমকিত পরদল পলায় তরাসে ॥
গোপাল মীর বহর চলে ঠাটের আগুয়ান।
তার সনে নেহাৎ নাও বিয়াল্লিশ খান ॥
জল ছড়িয়া যেন যায় বিয়াল্লিশ নাও।
ঠাটের কাছে থাকি চাঁদ বলে বাও বাও ॥
নিজ রাজ্য ছাড়াইল হাস্ত পরিহাসে।
কামার-হাটী ছাড়াইল আঁখির নিমেষে ॥
মধ্যাপুর কুলাচল দক্ষিণে থুইয়া।
দুর্জ্জয় প্রতাপগড়া ছাড়াল বাহিয়া ॥
গোপালপুর ছাড়াইল রামের নগর।
কৃষ্ণ তীর্থ বাহিয়া পরে কালিদয় সাগর ॥
দক্ষিণে গন্ধর্ব্বপুর বামে বীরকুনা।
মঞ্চসরা বাহিয়া ধরে মন্দারের থানা ॥
পেছলদা বামেতে যায় তাড়াতাড়ি।

* * * *

দ্বিজ বংশী দাসে গায় পদ্মার চরণ।
ভবসিন্ধু তরিবারে বল নারায়ণ ॥

(১) "সারি" গান করে।
(২) গুঞ্জরী।

সিংহলের রাজার সহিত চাঁদ সদাগরের সাক্ষাৎ।

রাজা ভেটিতে সাধু যায়।
পালঙ্গে চড়িয়া যায় পাটের পাছরা (১) গায়
পট্টাম্বরের বন্দিস মাথায় ॥
মাথায় বেরাজ পত্র উপরে ধবল ছত্র
হীরাধরে চামর দোলায়।
পাত্র মিত্র আগে পাছে যোগান ধরিয়া আছে
জয়ধরে তাম্বুল যোগায় ॥
রাজা ভেটি মিষ্ট ফল ঝাকা ভরি নারিকেল
সমতাবা নারেঙ্গ (২) কমলা।
বাটা ভরি গুয়া পাণ কুশিয়ারি (৩) খান খান
মিঠা জাম্বি ব্রতামৃত (৪) কলা ॥
করমজা বদরী শশা ক্ষীরা বাঙি (৫) ধৃতরসা
মিঠা তাল মিঠা শ্রীফল।
গাড়ল (৬) ছাগল খাসী শুরিমৎস্য (৭) রাশি রাশি
যার গন্ধে রাক্ষস পাগল ॥
আগে চলে শুভঙ্কর তার পাছে চক্রধর
তেড়া লেঙ্গা ডুলাই কাঁড়ারী।
দেখিতে সকল লোক চাইতে আইল কৌতুক
মিলে সাধু রাজার দুয়ারী ॥
দ্বারী গিয়া দিল জান রাজা বলে সাধু আন
পায়েতে নামিয়া অধিকারী।
সুরঙ্গ ফেলাইয়া পায় গজেন্দ্র-গমনে যায়
আগে চলে চতুরঙ্গ দ্বারী ॥
সিংহাসনে নৃপবর আগে বাড়ি (৮) সদাগর
প্রণাম করিল করযোড়ে।
যত বস্ত্র পরিপাটী তেড়া লেঙ্গা তোলে ঝাটি
ভেটাইল রাজার গোচরে ॥

---

(১) রেসমের চাদর। (২) কমলা অপেক্ষা বড় অম্ল-রসযুক্ত এক রকম লেবু। (৩) আক্। (৪) মর্ত্তমান। (৫) ফুটি। (৬) গাড়র = ভেড়া। (৭) শুটিমৎস্য = শুক্না মাছ। (৮) অগ্রসর হইয়া।

রাজা কৈল অঙ্গীকার ভিন্ন সাধু বসিবার
চুলিচা ফেলাইয়া দিল আগে।
দ্বিজ বংশী দাসে ভণে রাজার কৌতুক মনে
সম ভাষিল পাত্র মিত্র ভাগে॥

রাজা ভেটি হরিষে বসিলা সদাগর।
রাজা ভেটি যত বস্তু দিলেক গোচর॥
দেখিয়া রাজার সভা চাঁদ ভাবে মনে।
সকল নির্বোধ হেন বুঝি অনুমানে॥
এক এক জন দেখি দীঘল ডাগর।
রাঙ্গা রাঙ্গা চক্ষু কর্ণ রাঙ্গা ওষ্ঠাধর॥
কেশ লোম দাড়িগুলি সকল পিঙ্গলা।
পুরাণ গোহাড় হেন সাদা দন্তগুলা॥
দীঘল হাত পাও বেটার কাল শরীর।
পাগী দাউদ ক্ষুদ্র ছদম সকাঙ্গ ভূষিত॥
কপালে তিলক দিছে হিঙ্গুল হরিতালে।
মণি মাণিক্য মালা দোলে সমাইর (১) গলে॥
সুবর্ণের পট্টাতে সমাই ভাল বসে।
মাণিক্যের ঝলমলে অন্ধকার প্রকাশে॥
সুবর্ণের ভৃঙ্গারে সমাইর আচমন।
ঘর দ্বার পুরী খণ্ড সকল সুবর্ণ॥
সুবর্ণের পুরী খান সুবর্ণের চুনি (২)।
রক্তচন্দনে স্তম্ভ লাগাইছে মণি॥
সুবর্ণের ঘর গুলি প্রবেশ নির্গম।
সুবর্ণের পুরী খান দেখিতে উত্তম॥
তৈল তাম্বুল গুয়া নাহি তার দেশে।
মরিচের (৩) অণ্ড গুলি ভক্ষণ বিশেষে॥
কোন পুরুষে তারা গুয়া নাহি খায়।
মুখের দুর্গন্ধ তার সহনে না যায়॥
জাতিতে রাক্ষস তারা মনুষ্য আচার।
কিছু কহি শুন তার দেশের বাভার॥

তদ্দেশীয় আচার ব্যবহার।

(১) সকলের। (২) থাম।
(৩) শুক্না লঙ্কার।

মা বাপ মৈলে তারা রাখে শুকাইয়া। (১)
বেয়াইর বাপের শ্রাদ্ধ করে কায় ক্লেশ পাইয়া॥
মৈলে পুত্র কিছু নহে ভাগিনেয় অধিকারী। (২)
সর্ব্বস্ব বাটিয়া নেয় বেয়াইর বরগিরী॥
সহোদর অংশ না পায় ভগিনীপতির ভাই। (৩)
মৈলে মুখানল করে শালার বেয়াই॥
ভাগিনা ভাগিনী আর ভাগিনা বৌয়ারী (৪)।
এ সকলে মিলিয়া করয়ে চড়াচড়ি॥
ভাগিনাবধূ গীত গায় মামাশ্বশুর নাচে।
জামাইয়ে পাখোয়াজ বাজায় শাশুড়ীর কাছে॥
গুরু গর্ব্বিত পাইলে মারে ঘনঠেলা।
কোন আঙ্গুলে মারিলাম কহ দেখি শালা॥
খুড়তশ্বশুর পাইলে কাণ মুচড়িয়া।
হাততালি দিয়া বলে আইলা রে ভাড়ুয়া॥
শালার বধূ দেখি তারা অধিক লজ্জিত।
স্বামীর পদে দণ্ডবৎ পড়িয়া ভূমিত॥
এই মত দেখি তার দেশের আচার।
মনে মনে চন্দ্রধর কৌতুক অপার॥
ইহা দেখি বলে চাদ মা ভগবতি।
এমত অভাগারে ও দিছ এতেক সম্পত্তি॥
যদি কৃপা করে মোরে দেবী মহামায়া।
কটাক্ষে নিবারিতে পারি অবোধ ভাড়িয়া॥
যদি দয়া করে মোরে ভোলা মহেশ্বর।
অবশ্য ভাণ্ডিয়া (৬) নিব রাক্ষস বর্ব্বর॥
এত বলি চন্দ্রধর ভাবে মনে মনে।
চাদরে দেখিয়া রাজার স্বপ্ন হৈল মনে॥
দেখিয়া চাদের তাম্বুল ভক্ষণ।
দিয়া বস্ত্র পরিধান মাল্য চন্দন॥

---

(১) বৌদ্ধগণের প্রচলিত নিয়মানুসারে অন্ত্যেষ্টি ক্রিয়ার জন্য বহু পূর্ব্ব হইতে শব রক্ষিত হয়।

(২) নায়রদের মধ্যে এই প্রথা প্রচলিত।

(৩) সম্পত্তির ভাগ সহোদর পায় না, কিন্তু ভগিনীপতির ভাই পায়।

(৪) বউ। (৫) অসভ্যকে। (৬) প্রতারণা করিয়া।

দুই পাশে শ্বেত চামরে বাও করে।
নানা রত্নে ঝলমল ধবল ছত্র শিরে॥
গন্ধে আঁমোদিত মন হইল সবার।
দেবতা গন্ধর্ব্ব হেন লাগে চমৎকার॥
ইহা দেখি মনে মনে চিন্তে নরপতি।
ফলিল স্বপ্নের কথা যা দেখিনু রাতি॥
রাজা বলে আপনার কোন্ রাজ্যে ঘর।
কোন্ কার্য্যে আসিয়াছ আমার সহর॥ পরিচয়।
কতটী সৈন্য তোমার কত খানি নাও।
হেন জানি আমি সবের বার্ত্তা নাহি পাও॥
আমার দেশেতে আসি কেহ না যায় সারি (১)।
বড় বড় ক্ষত্রিয় পাইলে ধনে প্রাণে মারি॥ রাজার স্ববিক্রম প্রকাশ।
বিপক্ষ পাইলে মোর কভু নাহি ক্ষমা।
কালীর বিক্রম আমি কি কহিম তোমা॥
বড় ক্ষত্রী আসি মোর রাজ্য লৈল বেড়ি।
দেখ গিয়া তা সবার হাতে পায়ে দড়ি॥
বড় বড় বীর ধরিয়া পালিবিপালি।
শিরশ্ছেদ করি দেই দেবী দুর্গার বলি॥
মুণ্ডমালা গাথিয়া দক্ষিণে দেই শাণে (২)।
তার যত রক্ত দেই ভৈরবীর স্থানে॥
যত কথা তোমাতে কহিয়া কার্য্য নাই।
কালীর বিক্রম মোর শুন রে গোসাঞি॥
মহাদেবী আদি করি যত পুরজনা।
তারাও দেখিছে কালী আমার বন্দনা॥
চাঁদ বলে রাজা তোমা জানে সর্ব্বজনে।
আমি তোমা কি জানিব শুনহ আপনে॥
তুমি মহারাজা তোমা জানে সর্ব্বদেশে। চাঁদের বিনয়।
এই মত বলি চাঁদ মনে মনে হাসে॥
কর যোড়ে নমস্কার করিয়া বিনয়।
চন্দ্রধরে সোত্তুরা (৩) কহে শুন মহাশয়॥
চন্দ্রধর বলে আমি হই শূদ্রজাতি।
ভরদ্বাজ গোত্র গন্ধবণিক্য পদ্ধতি॥

---

(১) নির্ব্বিঘ্নে রক্ষা পাইয়া। (২) শ্মশানে। (৩) প্রাচুর্য্য=প্রচুর।

ডিঙ্গয়ান দেখ আমি সফরিয়া সদাগর।
বাণিজ্য করিতে আইনু তোমার সহর ॥
রাজা বলে তুমি যদি হও সদাগর।
নব দণ্ড ছত্র কেন শিরের উপর ॥
চাঁদ বলে আমার রাজ্যের ব্যবহার।
সদাগরের পুত্রের নব দণ্ডের অধিকার ॥
আমার অধিক আর নাহি সদাগর।
এতেক নব দণ্ড ধরি শিরের উপর ॥
চন্দ্রকেতু বলে যে বস্তু আনিয়াছ তুমি।
একে একে নাম কহ শুনি চাই আমি ॥

বণিকের উপঢৌকন।

এত শুনি বাটা ভরি লৈয়া গুয়া পাণ।
চাঁদ উঠিয়া গেল রাজার বিদ্যমান ॥
নারিকেল আনি পুনঃ গোটা পাঁচ সাত।
পুনর্ব্বপি দিল চাঁদ রাজার সাক্ষাৎ ॥
চাঁদ বলে ইহার নাম নারিকেল।
দেবের উত্তম ভোগ অমৃতসম জল।
গুয়া পাণ বস্তু এই সামান্যে না পায়।
মহামহা নৃপতি যে ভাগ্যে পুণ্যে পায় ॥
রাজা বলে ইহা বড় কহিয়া নাহি কাম।
এ সকল যত বস্তু আমি জানিলাম ॥

রাজার আতঙ্ক।

নারিকেল বল যারে বড় বড় মোটা।
স্বচক্ষে দেখেছি আমি বিষ গাছে গোটা (১) ॥
গুয়া পাণ বল যারে তার জানি তত্ত্ব।
বিষ-ফল বিষ-পাত বিষ-গাছে সত্ত্ব ॥
ইহাকে যে জন খায় সেই জন মরে।
প্রকারে আনিয়াছ আমা বধিবারে ॥
চাঁদ বলে বিষ-ফল বলহ ইহারে।
নিরবধি খাই আমি তোমার গোচরে ॥
রাজা বলে তুমি জান বিষ-ভারণ (২)।
তোমার দেশের বিষ প্রকারে ভক্ষণ ॥
চাঁদ বলে একজন বধাস্থ আন ডাকি।
সাক্ষাতে খাইয়া দেখ জীয়ে মরে বা কি ॥

(১) ফল। (২) প্রক্রিয়া দ্বারা বিষের দোষ নষ্ট করা।

গিরিবরের নারিকেল ভক্ষণে ভয়।

রাজা বলে এ কার্য্য আমি একদা করিব।
একজন আনি আমি খাওয়াইয়া বুঝিব॥
এত বলি নরপতি চাহে চারি পাশে।
যার দিকে চায় সেই মরে হেন ভাষে॥
হেন কালে দেখিলেক দারুণ গিরিবর।
রাজা বলে প্রাণে ভাই না হইও কাতর॥
জন্মিলে অবশ্য মৃত্যু আছে একবার।
নারিকেল খাইয়া কেন না বুঝ বিচার॥
রাজার মুখের কথা শুনি অকস্মাৎ।
গিরিবরের মুণ্ডে যেন হৈল বজ্রাঘাত॥
কিবা শূন্যেতে আছে কিবা পৃথিবীত।
আছাড় খাইয়া পুনঃ হইল মূর্চ্ছিত॥
কুক্ষণে পোহাইল রাত্রি বিধি হৈল বৈরী।
আজি সে লুকাইবে নাম গিরিবর দ্বারী॥
কভু নাহি শুনিয়াছি নারিকেলের কথা।
আমারে বধিতে বিধি আনিয়াছে এথা॥
রাজা হৈয়া অবিচার কোন দোষ পাইয়া।
হাতে তুলি বধ করে নারিকেল দিয়া॥
নিশ্চয় মরণ মোর নারিকেল খাইলে।
চাহিতে চক্ষুর নীর আপনি নিকালে॥
না দেখিল ইষ্ট মিত্র বন্ধু বান্ধব।
দ্বিজ বংশী দাসে বলে মনসা অনুভব॥

নারিকেল-ফল-পরীক্ষার আদেশে গিরিবরের শোক।

কান্দিয়া কান্দিয়া বলে দ্বারী গিরিবর।
তোমার চরণে গোসাঞি (১) নিবেদন মোর॥
বিষফল হয় যদি জানহ আপনে।
তবে কেন সাধু মোরে মার প্রাণসনে॥
কি ফল হইবে তোমার আমারে মারিলে।
আমার দ্বিতীয় (২) নাঞি কান্দে হেন মৈলে॥
রাজ-রাজেশ্বর তুমি রাজ্যের অধিকারী।
আপনি খাইয়া কেন না বুঝ বিচারি॥

---

(১) রাজাকে সম্বোধন করিয়া বলিতেছে।
(২) দ্বিতীয় ব্যক্তি নাই যে আমি মরিলে কাঁদিবে।

তুমি মৈলে সঙ্গে যাবে দশ পাঁচ নারী। (১)
রাজ্যের লোক কান্দিবে তোমার গুণ স্মরি॥
তোমার চাকর আমি তোমার লুণ খাই।
এই ভাল যুক্তি মোর শুনহ গোসাঞি॥
রাজা বলে তুমি মোর অধিক প্রতীত।
তোমা হৈতে কেবা আছে আমার বাঞ্ছিত॥
তুমি খাইলে যেন আমি খাইয়াছি।
এতেক উচিত কার্য্য বুঝিয়া বলেছি॥
এত শুনি গিরিধর ছাড়িল নিশ্বাস।
এতক্ষণে ছাড়িলাম জীবনের আশ॥
ধর্ম্মের দিগে চাহিয়া বলে সভার ভিতর।
আমার বধের ভাগী এই সদাগর॥
কোথা হৈতে আইল বেটা বিষফল লৈয়া।
আপনি মরিবে বেটা আমারে মারিয়া॥
এত শুনি সভামধ্যে লইল বিদায়।
নারিকেল খাইব বলি চতুর্দ্দিকে চায়॥
ঝুনা নারিকেল গোটা দুই হাতে ধরি।
ত্রাসিত হইয়া প্রাণে কাঁপে থরথরি॥
দ্বিজবংশী দাসের কবিত্ব সুসার।
সত্য এক নারায়ণ মিথ্যা সব আর॥

গিরিধরের নারিকেল ভক্ষণ ও বিপদ।

নারিকেল হাতে করি গিরিধর ছয়ারী
প্রাণপণে শক্তি দিলেক কামড়ি।
ছোবায় ভরিল গ্রাস মুখে বন্দী হৈল শ্বাস
বাক্য না আইসে যায় গড়াগড়ি॥
চাড়াতে কামড় ফুটে দন্ত পড়ে গোটে গোটে
রক্ত বহে দেখি বিপরীত।
যেমত ছিল মনে বিষফল হেন জানে
হেট মুণ্ডে পড়িল ভূমিত॥
কাটা ছাগল প্রায় হাত পাও আছড়ায়
বাক্য না আইসে হইল মূর্চ্ছিত॥
মুখে দিয়া হস্ত রয় আকার ইঙ্গিতে কয়
আমি মরি বল হরি হরি।

(১) রাজার সঙ্গে মন্ত্রীবর্গের সহমরণ বাঙ্গালায় প্রথা ছিল।

কত ক্ষণে বলে গিরি গেছিলাম যমের পুরী
হেন বিষ কভু নহে দেখি ॥
মুখে দিতে দন্ত ঝরে রক্ত পড়ে ওষ্ঠাধরে
খাইলে ত কি হয় না জানি।
রাজা বলে সত্য কথা বিষফল নহে অন্যথা
ভাগ্যে আমি করি নাই ভক্ষণ।
দ্বিজ বংশী দাসে কয় বড় ভাগ্য মহাশয়
এড়াইলা নিকটে মরণ ॥

সাধু-দত্ত গুয়া পাণের পরীক্ষা।

রাজা বলে আগে খাইস কোতোয়াল ভায়া।
আপনি বুঝহ তুমি গুয়া পাণ খাইয়া ॥
রাজার মুখের কথা শুনি আচম্বিত।
বজ্র ভাঙ্গিয়া যেন পড়িল ভূমিত ॥
কাতর হইয়া বলে শুন মহাশয়।
এক নিবেদন করি নিদান সময় ॥
গিরিবরের দুর্গতি দেখিয়া বিস্ময়মানে।
পূর্ব্বেই আমার মনে ডাকিছে (১) তখনে ॥
আজি আমি আসিয়াছি অমঙ্গল দেখি।
গুয়া খাইলে মরিব মনে দিচ্ছে সাক্ষী ॥
গোবধ ব্রহ্মবধ করে পর-অত্যাচার।
তারে সে উচিত শাস্তি গুয়া পাণ দিবার ॥
রাজকন্যা হরে যে ভাণ্ডার করে চুরি।
তারে সে উচিত শাস্তি গুয়া পাণ দিয়া মারি ॥
অপরাধ না করেছি পাপের লেশ নাই।
কোন্ অপরাধে বল গুয়া পাণ খাই ॥
তোমার আগে আজি মোর পূরিলেক কালে।
নিশ্চয় মরিব আমি গুয়া পাণ খাইলে ॥
নিশ্চয় মরিব আমি কৈনু প্রাণপণ।
স্ত্রী পুত্র রাজা তুমি করিবা পালন ॥
আমার ঘরের স্ত্রী অতি পতিব্রতা।
তার গুণ স্মরিয়া মনেতে লাগে ব্যথা ॥

(১) আশঙ্কা হইয়াছে।

আর নারী সভার দশ পাঁচ স্বামী। (১)
তার আর কেহ নাই সবে মাত্র আমি॥
রাজা বলে তাকে আমি পালিব যতনে।
ঝিয়ের জামাইর ঠাঁই সাঙ্গা (২) দিব তানে॥
এত বলি কোঁতোয়াল রাজা বিদ্যমান।
নিকটে আসিয়া তবে নেহালে গুয়া পাণ॥
পাণ চূণ একত্র করি দুই হাতে লৈয়া।
পুড়ে কি গায়েতে পুনঃ চাহে ছোয়াইয়া॥ (৩)
খাইবারে গুয়া পাণ মনে কৈল সার।
রাজার হুকুমে আমি মরি একবার॥
প্রথমে হস্তেতে লৈয়া মুখে দিল চূণ।
তার পাছে গুয়া পাণ দিলেক দ্বিগুণ॥
দড় করি ধরিয়া চাবায় দুই গালে।
মুখে চূণ লাগি রক্ত (৪) উঠয়ে বিশালে॥
গুয়া লাগিয়া (৫) তবে হইল বিহ্বল।
মুখেতে সিক্কাষ (৬) নাহি দানে টলমল॥
উল্টাইয়া দুই আখি পাড়ে গড়াগড়ি।
নাকে মুখে রক্ত উঠে হাত পা আছড়ি॥

গুয়াপাণে বিপদ।

রাজা বলে মৈল মৈল কি আছ চাহিয়া।
তোমরা মরিবা পাছে ধর রে আসিয়া॥
তবে শুনি ধাইয়া ধরে দশে বিশে সাতে।
আপনি উঠিয়া রাজা জল ঢালে মাথে॥
মৈল হেন পড়িয়া রহিল নিঃশঙ্কে।
অগ্নি জ্বালিয়া তার কাণ মুণ্ড সেকে॥
কত ক্ষণে স্থির হৈয়া স্মরে হরি হরি।
মরিবার পথ নাহি গুয়া খাইয়া মরি॥
দ্বিজ বংশী দাসে গায় পদ্মার চরণ।
ভবসিন্ধু তরিবারে বল নারায়ণ॥

(১) স্ত্রীলোকের বহু স্বামীর সঙ্গে বিবাহ-প্রথা সূচিত হইতেছে।

(২) পুনরায় বিবাহ।

(৩) গাত্রে স্পর্শ করাইয়া পরীক্ষা করিল যে গাত্র দগ্ধ হয় কি না।

(৪) রক্তবর্ণ পাণের রস। (৫) গুয়া লাগিয়া = সুপারী চর্ব্বনজনিত নেশা হওয়াতে। (৬) কথা।

খাইয়া গুয়া পাণ সভায় বিদ্যমান
বলে দুর্জ্জন কোতোয়াল।
এ সব কারণ আমার যে মরণ
গুয়া নহে এহি বিষের হাল॥
এ যে বড় বড় মোটা নিশ্চয় বিষের গোটা
ভাল সে কান্দিছে গিরিবর।
বিষ লইয়া সদাগর আসিয়াছে সহর
প্রাণ হারাইনু মোর॥
যে পুরুষ হয় কহি শুন মহাশয়
মোর বাক্য না করিও আন।
তেজিয়া পুত্র নারী হইও দেশান্তরী
তবু না খাইও গুয়া পাণ॥
রাজা বলে সত্য কথা বিষ নহে অন্যথা
গুয়া নহে এ যে নেহালি।
কার্য্যের আছয় সন্ধি সাধু নিয়া কর বন্দী
কালীরে কাটিয়া দিব ডালি (১)॥
বেটা বড় ডাকাইত বুঝিলাম ইহার চিত
ইহারে রাখিতে যুক্তি নহি।
আমার প্রাণের বৈরী রাখ নিয়া বন্দী করি
কালিই কাটিয়া দিব বলি॥
রাজার হুকুম পায়া দশে বিশে ধরে ধায়া
চাঁদের মনে লাগিল তরাস।
পদ্মার কপটে চাঁদের বুদ্ধি ঘাটে (২)
বলে দ্বিজ বংশী দাস॥

চাঁদ-সদাগর বন্দী।

রাজার বচনে তারে সভা হৈতে তুলি।
চড় চাপড় কেহ দেয় ঘাড়ে শিলি॥
পাছে গিয়া ধাক্কা মারে কেহ ধরে চুলে।
নানা মত অবস্থা করি নেয় বন্দী-শালে॥
হাত পায় বান্ধি নিয়া থুইল কারা ঘরে।
পাথর তুলিয়া দিল বুকের উপরে॥

(১) উপহার। (২) লোপ পায়।

তেড়া লেঙ্গা দুই জনা যত সব ঠাটে।
বস্ত্র সব ফেলাইয়া গেল নাও ঘাটে॥
একত্রে বসিয়া সবাই করয়ে যুকতি।
কিমতে মোচন হয় চম্পকের পতি॥
সীলই হায়ই লইয়া হাতে পলিতায়। (১)
জাঠি শেল লইয়া কেহ খাণ্ডা পাকায় (২)॥
রাউত সভে অস্ত্র লইয়া নেহায়।
অস্ত্র হাতে চতুর্ভিতে বীর সভে চায়।
মারিয়া লইব রাজা না করিও মানা।
চাঁদের নৃপ শুধিতে আজি গলে দিব হানা॥

বেসাতি।

সিংহলের রাজাকে চাঁদ সদাগরের আনীত দ্রব্যাদির বিনিময়ে যে সকল দ্রব্যাদি দিতে হইবে, মধ্যস্থ হইয়া দুলাই কাড়ারী তাহা মীমাংসা করিয়া দিতেছে।

দুলাই কাড়ারী বলে রাজা বিদ্যমান।
বস্তু রাহা (৩) করি রাজা কর অবধান॥
এই যে বার কোষ যোড় দেখ ছিকুলাল।
ইহার বদলে দিবা সুবর্ণের থাল॥
কাষ্ঠের এই কৌটা যোড় রঙ্গে টল মল।
সুবর্ণের বাটী দিবা ইহার বদল॥
তাম্বূলের বাটা যোড় নানা রঙ্গের।
রজতের বাটা দিবা বদলেত এর॥
বড় বড় চাটীগুলা (৪) দেখিতে সুন্দর।
ইহার বদলে দিবা সোণার ডাবর॥
কাষ্ঠের ভাগাড়ী নেও এক এক গোটী।
ইহার বদলে দিবা সুবর্ণের ঘটী॥
সুন্দর এ পিঁড়িগুলা মাঙ্গারের সায়।
সুবর্ণ আসন দিবা বদলে ইহায়॥

(১) নানা প্রকার বারুদ নির্ম্মিত অস্ত্র লইয়া কেহ কেহ পলিতা সংযুক্ত করিতে লাগিল। (২) ঘূর্ণন করে।
(৩) মূল্য নির্ণয় করিতে আরম্ভ।
(৪) কাষ্ঠের পাত্রগুলা।

চৌধুরী কুরসী খাট যত হিঙ্গুলালী।
সুবর্ণের সিংহাসন ইহার বদলি॥
নেয়ারের (১) ছানী খাট ধরে নানা রঙ্গ।
দীঘে পাশে মাপি দিবা সোণার পালঙ্গ॥
চাঁপা নাগেশ্বর পাটী কাষ্ঠের চৌদল।
নানা চিত্রাবলী তাতে আঁকিছে সকল॥
ইহার বদলে দিবা সোণার ভেটাই (২)।
তথাপিও আমি রাজা মূলে ঘাটি যাই॥
যত সব হাঁড়ী পাগ (৩) নেহ ই সকল।
বদলে আপনি দিবা কাংস্য পিত্তল॥
সানক (৪) পিয়ালা নেও লেখা যোখা করি।
ইহার বদলে দিবা লোটা গাড়ু ঝারী॥
ডালা কাটা আড়ি খুচি বড় বড় কুলা।
ইহার বদলে দিবা সিসা রাঙ্গ তোলা॥
তৈল ঘৃত বদলে দিবা যত সিসারস।
কুঙ্কুম বদলে মধু ভরিয়া কলস॥
পোস্তের বদলে দিবা সোণার ঘুঘুর।
পোস্তের যতেক গুণ কহিতে প্রচুর॥
বৃদ্ধে খাইলে হয় যুবা হনে (৫) ভাল।
যুবায় খাইলে পোস্ত বাড়ে গাবুরাল (৬)॥
এমন পোস্তের গুণ কহন না যায়।
হংস হেন চায় (৭) করে বক হেন চায় (৮)॥
চাম্প বলে আর ই বদলে কার্য্য নাই।
কাপড় বদল কিছু করিবারে চাই॥
আনিয়াছি বসন বদল করিবারে।
ঘাটী টুটী আগে কিছু দিবাম তোমারে (৯)॥

---

(১) মোটা ফিতার।

(২) ভেটাই = বল (ball)। (৩) পাত্তিল = হাঁড়ীবিশেষ।

(৪) দগ্ধ মৃত্তিকা পাত্র বিশেষ। "সানকী।"

(৫) হইতে। (৬) যৌবনের শক্তি, যথা, মাণিকচাঁদ রাজার গানে অদুনার বিলাপে = "মোক ছাড়ি যাও আমার বৃথা গাবুরাল।"

(৭) বল। (৮) বৃষ্টি করে।

(৯) আমি অল্প লাভবান্ হই বা ক্ষতিগ্রস্ত হই তথাপি কিছু দিব।

চুলাই কাঁড়ারী জানে বাণিজ্যের ভাও।
বস্তা হনে খসাইল ভুটী (১) ভরা তাও (২)॥
দীঘে পাশে যত যত বড় বড় বারা।
চিত্র বিচিত্র সব রাঙ্গা পাটের ডোরা॥
রাঙ্গা পাটের খোপে ফুল সারি সারি।
চটের (৩) চান্দুয়া (৪) খোলে চটের মশারি॥
চটের তুলিচা আর চটের বিছানা।
তাম্বু গ্রিদা (৫) চটের চটের সামিয়ানা॥
চটের পালঙ্গপোষ চটের বাক্কিস (৬)।
চটের ইজারবন্ধ চটের বালিস॥
চট পিন্ধিয়া রাজা বসিল সভাত।
কাজিরে বেড়িয়া যেন সেখের জমাত (৭)॥
চটের কামড়ে রাজার গাত্র চুলকায়।
চান্দ বলে পুণ্য বস্ত্রে অধর্ম্ম খেদায়॥
ইকামড় খায়্যা যদি অষ্ট চারি থাক।
রোগ পীড়া ব্যাধি যত না রহিব এক॥
মহাপাত্রে বলয়ে জানিলাম উদ্দেশে।
খাসি (৮) রাউর পড়িবেক ই বস্ত্রের ঘসে॥
নিধিপুত্রে (৯) বলে আমি অনুমানে জানি।
চুষিয়া খাইবেক গায়ের লোণা পানী॥
দীপুত্রে বলয়ে শুন আমি কহি সাচা।
এর তুলনায় আমরার বস্ত্র পঁচা॥
ইহার বদল করি পাট পাটাম্বর।
নেতের পতাকা সনে ইহা সমসর॥
দ্বিজ বংশী দাসে গায় মধুর পয়ার।
সত্য এক নারায়ণ মিথ্যা সব আর॥

(১) ভুটী = ভোট = কম্বল। (২) খণ্ড। (৩) শণের কাপড়ের। (৪) চন্দ্রাতপ। (৫) পাশবালিস, তাকিয়া। (৬) পাগড়ি। (৭) সভা। (৮) খোস। (৯) নিধিপুত্র, দীপুত্র প্রভৃতি পাত্রের নাম।

ডিঙ্গা বোঝাই করা।

চান্দ বলে শুভঙ্কর কুল পুরোহিত।
নায়ে ভরাভরি দেশে চলহ ত্বরিত॥
আসিয়া রাক্ষস দেশে করিলু পাটন (১)।
রাক্ষস ভাঁড়িয়া নেই বহু মূল্য ধন॥
চট ভুটি (২) দিয়া যত বস্ত্র লৈয়া যাই।
জানাজানি হৈলে পাছে সকল হারাই॥
এতেকে সত্বরে তুমি নায়ে দেও ভরা।
গাব কস দিয়া নাও করহ সুসারা (৩)॥
মণি ও মাণিক্য আর প্রবাল পাথরে।
বহুমূল্য যত ধন তোল মধুকরে॥
গঙ্গা প্রসাদেত তোল মুকুতা হীরা।
সূর্য্যমণি চন্দ্রমণি শোভে উদয় তারা॥
কাঞ্চন ভরায় ভর নাও লক্ষ্মী-পাশা।
উদয় গিরিতে ভর রূপা সীসা কাঁসা॥
পিত্তল তামার যত বড় বড় থাল।
বড় বড় পাথর হিঙ্গুল হরিতাল॥
কাংস্য শিলা তুল নিয়া যত রঙ্গ রস।
কস্তূরী কুঙ্কুম তোল ভরিয়া কলস॥
মরিচ জায়ত্রী তোল জীরা জাতিফল।
ইসব বেসাত ভরা ভরহ সকল॥
রাজবল্লভেত ভর হস্তীর দশন।
ফটিক অগুরী আর যতেক চন্দন॥
মাণিক্য মেড়ুয়া ডিঙ্গা ভর নানা ধনে।
আর দুর্গাবরে ভর অতি সাবধানে॥
সবার প্রধান ডিঙ্গা নামে চুয়াঠুটী।
পূর্ব্বে যাতে ভরিছিলা খেঁস খুঞি ভুটী॥
নেত কণিবায় ভর সিতি মকমল।
শুদ্ধ যে সকল বস্ত্র রক্তকম্বল॥

(১) বানিজ্য। (২) ভোটবস্ত্র = মোটা কাপড় বিশেষ।
(৩) সুদৃঢ়

মাটী ভরা ভরিয়া সে ডিঙ্গা শঙ্খচূড়।
যতেক শঙ্খের ভরা ভর ভরপূর॥
উপরে চামর ডোল মুখে ডোল পাটে।
সফরিয়া (১) যত বস্ত্র আর যত ঠাটে॥

ডিঙ্গা-ডুবি।

চাঁদ সদাগরের নৌকা ডুবাইবার জন্য, বায়ু, জল, নদী ও মেঘগণের সজ্জা।

সংসারের নদনদী আইল শীঘ্রগতি।
দেখি হরষিত অতি হৈল পদ্মাবতী॥
নানা রঙ্গে নদী আসে কালিদহে মিলে।
একত্র হইল যেন প্রলয়ের কালে॥
কোনও নদীর জল স্ফটিকের জ্যোতি।
কালা রাঙ্গা নীল কত মেঘের আকৃতি॥
তোল পাড় করিছে কোনও নদীর পাকে।
মেঘের গর্জ্জন হেন কোন নদী ডাকে॥
কেহর ঘুরণা-পাকে পাথর ভাসায়।
সমুদ্র মন্থনে যেন পর্ব্বত ফিরায়॥
যতেক আছিল জল হৈল দশগুণ।
ভাসায় গাছ পাথর ঢেউয়ে নিদারুণ॥
অদ্ভুত জলের ঠাট দেখি আচম্বিত।
জীবনে নিরাশ লোক হৈল চমকিত॥
উনপঞ্চাশ বায়ু সঙ্গে বায়ু রাজে।
চৌষট্টি মেঘ লৈয়া চারি মেঘ সাজে॥
দশ মেঘ সনে পূর্ব্বে সাজিল আবর্ত্ত।
ষোল মেঘ সনে সাজে পশ্চিমে সম্বর্ত্ত॥
সাজে দ্রোণ উত্তরে আঠার মেঘ সনে।
কুড়ি মেঘ সনে সাজে পুষ্কর দক্ষিণে॥
আবর্ত্ত সম্বর্ত্ত আর দ্রোণ পুষ্কর।
চারি দিকে চারি মেঘ সাজিল দুষ্কর॥
চৌদিগে মেঘের সাজ ঘোর অন্ধকার।
ঘন ঘন বজ্রাঘাত বিজলী সঞ্চার॥
মুসল প্রমাণ কোটা ঘন বরিষণ।
শিলা বৃষ্টি ঝাঁকে ঝাঁকে হয় ঝনঝন॥

(১) বাণিজ্য-সংক্রান্ত।

একার্ণবে দারুণ সে অন্ধকারময়।
ভাবিতে লাগিল লোক পায়্যা মহাভয়॥
শিমুল তুলার হেন ডিঙ্গা তোলে পাড়ে।
ঘূর্ণাবায়ে পাক দেয় ঢেউয়ে আছাড়ে॥
ক্ষণেকে একত্র করে ক্ষণে নেয় দূরে।
ক্ষণেকে ঘুরে যেন কুলুর গাছ ফিরে॥
দেখিয়া চান্দর মনে লাগিল তরাস।
ধন প্রাণ হারাইনু জীবন নিরাশ॥
দ্বিজ বংশী দাসের মধুর পদবন্ধ।
সত্য এক নারায়ণ আর সব ধন্দ (১)॥

কালিদ সাগর রীত দেখি চান্দ চমকিত
মনে বড় পাইল তরাস।
আকাশ পাতালে ডাক বিষম জলের পাক
দেখি হৈল জীবনে নিরাশ॥
নির্ঘাত বিজলী ঠাটা মুসল প্রমাণ ফোটা
শিলা বৃষ্টি ঝড় বরিষণ।
ছই ঘর খান খান নঙ্গরে না ধরে টান
ঢেউয়ে আছাড়ে ঘন ঘন॥
নায়ে খাইল মুখসাট ভাঙ্গিল মাল্লুম কাঠ
নঙ্গর ছিঁড়িল আউলা বায় (২)।
ভয়ঙ্কর অন্ধকারে চাক ভাউরি ফিরে
কাড়ার (৩) রাখন নাহি যায়॥
যক্ষ দানবগণে নায়ে উঠে জনে জনে
খায়্যা আসে ডুবান কারণ।
ভয় পায়্যা সদাগর হইল অতি কাতর
চণ্ডিকারে করিল স্মরণ॥
চান্দ বলে ভগবতী তোমা পরে নাহি গতি
সেবকেরে না হৈও নিদয়া।
দ্বিজ বংশী দাসে ভণে সমর্পিনু ধনে প্রাণে
পদতলে রাখ মহামায়া॥

(১) ধাঁধা=মিথ্যা। (২) এলোমেলো বাতাসে।
(৩) কাণ্ডার=হাইল।

কন্যা-বিচার।

ভাট করিছে পরে কন্যার বিচার।
যে যে কন্যা জানি আমি শুন বার্ত্তা তার॥
মেহার পাটনে রাজা প্রচণ্ডের পুত্র।
জয় সেন নাম তার ভরদ্বাজ গোত্র॥
তার কন্যা চন্দ্রকলা রূপ অতিশয়।
চান্দ বলে সগোত্রে এ কার্য্য নাহি হয়॥
ভগবান্ সদাগর মথুরা নগরে।
পদ্মাবতী নাম কন্যা আছে তার ঘরে॥
চান্দ বলে শ্রীবিষ্ণু ইহার নাহি কাম।
শুনিতে উচিত নহে কাণীর সনাম (১)॥
ভানুপুরা নগরে আছয়ে আর কন্যা।
ভানু রাজার ঘরে রূপে গুণে ধন্যা॥
সর্ব্ব সুলক্ষণ কন্যা কেশ অল্প গাছি।
চান্দ বলে না কহিও পূর্ব্বে শুনিয়াছি॥
প্রতাপ রুদ্রের কন্যা নামেত সোণাই।
তার সম রূপে গুণে ত্রিভুবনে নাই॥
চান্দ বলে ইসম্বন্ধ করিবারে নহি।
লক্ষীন্দরের মাতৃ নাম মোর হয় সহি॥
সিন্ধুপ দ্বীপেতে বৈসে অনন্ত-মাণিক্য।
অলম্যান গোত্র সেহি গন্ধ-বণিক্য॥
চান্দ বলে তার নহে সমানে গমন।
ঘাটিয়া (২) সম্বন্ধ করাইব কি কারণ॥
লক্ষীধর সদাগর বৈসে লক্ষীপুরা।
তার ঘরে আছে কন্যা নাম উদয়-তারা॥
পদ্মিনী জাতীয় কন্যা অধিক সুন্দরী।
চান্দ বলে অনুচিত লখাইর ঝীয়ারী॥
উড়িষ্যা দেশেতে বৈসে শ্রীবৎস ধর।
শশীপ্রভা নাম কন্যা আছে তার ঘর॥
চান্দ বলে ই সম্বন্ধ মনে নাহি সাধ।
চণ্ডীর সহিত বেটা করিছে বিবাদ॥

(১) তুল্য নাম। (২) নীচ।

এহি মত যত কন্যা দোষে গুণে আছে।
ভাবিয়া মাধব ভাট কহিলেক পাছে॥
ভাটে বলে শুন সাধু বচন আমার।
শাস্ত্রে যা বিহিত আছে কন্যার বিচার॥
কপালেতে কালপৃত (১) জিহ্বা নীলরেখ।
সেই কন্যা পুরুষের যম পরতেখ (২)॥

কন্যা-লক্ষণ-বিচার।

সর্প লেজ কেশ যার শকুনের আঁখি।
আছুক বিয়ার কথা প্রভাতে না দেখি॥
কর্কট সমান নাসা মর্কট বদনী।
কুঞ্জর সমান মাঝা মহিষ-গামিনী॥
দন্ত উখর (৩) আর উর্দ্ধ মুখে চায়।
সেহি কন্যা পুরুষের প্রাণ লৈয়া যায়॥
অতি কালা অতি গোরা অতি দীর্ঘ কেশ।
অধিক পাণ্ডুরা (৪) যে বা অত্যাম্ব বয়েস॥
বুক উচা নাগফট (৫) চিরণ (৬) দাঁত যার।
সেহি কন্যা বিয়া কৈলে পুরুষ সংহার॥
খট্টা পদ জ্যোতি হীন মুখ যদি হয়।
প্রভাতে দেখন তারে উপযুক্ত নয়॥
অঙ্গুলী যাহার ছোট চঞ্চল কমর।
ছয় মাসে পতি যায় যমের নগর॥
মাতৃ নামে কন্যা আর পিতৃ নামে বর।
সেহি বিয়া অশুচিত শুন সদাগর॥
মাতৃ পক্ষে পঞ্চ গোত্র (৭) ত্যজিবেক নারী।
পিতৃ পক্ষে সপ্ত গোত্র ত্যজিবে বিচারি॥
তবে বিয়া করিবেক শুন সদাগর।
নিকটে করিব বিয়া ত্রিগোত্র অন্তর॥
এহি মতে কন্যার যে দোষ গুণ আছে।
ভাবিয়া মাধব ভাট সকল কহিছে॥
দ্বিজ বংশী দাসে বলে হইল স্মরণ।
সা রাজার কন্যা আছে সর্ব্ব সুলক্ষণ॥

(১) জটুল = আঁচিল। (২) প্রত্যক্ষ = সাক্ষাৎ। (৩) উচ্চ।
(৪) পাণ্ডুবর্ণ। (৫) নাগ ফণার ন্যায় নাসিকা।
(৬) চিরুণীর মত। (৭) গোত্র = পুরুষ।

কবি ষষ্ঠীবর।

ষষ্ঠীবর সেন ও তৎপুত্র গঙ্গাদাস সেন ৩৫০ বৎসর পূর্ব্বে জীবিত ছিলেন। ইঁহারা উভয়েই প্রাচীন বঙ্গের বিখ্যাত কবি। পূর্ব্ববঙ্গের ৩০০ বৎসরের প্রাচীন পুঁথিগুলিতে ইঁহাদের বহুসংখ্যক কবিতা পাওয়া গিয়াছে। ইঁহারা রামায়ণ, মনসা-মঙ্গল, মহাভারত প্রভৃতি বহুবিধ গ্রন্থ রচনা করিয়াছেন। (বিশেষ বিবরণ বঙ্গভাষা ও সাহিত্য, 'তৃতীয় সংস্করণ' ৫০৪ পৃষ্ঠা দ্রষ্টব্য)। ইঁহাদের জন্মভূমি বিক্রমপুর দীনারদি গ্রাম। এখন এই গ্রামের নাম ঝিনারদি। আমার পূর্ব্বে সংস্কার ছিল ইঁহারা বৈদ্যজাতীয়, কিন্তু সম্প্রতি একখানি প্রাচীন পুঁথিতে গঙ্গাদাসের এই রূপ ভণিতা পাইয়াছি। "বিরচিল গঙ্গাদাস বণিক্য তনয়" সুতরাং ইঁহারা বণিক্ জাতীয়, খুব সম্ভব সুবর্ণ বণিক্ জাতীয় ছিলেন বলিয়া অনুমিত হয়। এখনও ঝিনারদি গ্রামে বহু সংখ্যক সুবর্ণ বণিক্ বাস করিতেছেন। ষষ্ঠীবরের উপাধি ছিল 'গুণরাজ খাঁ'।

চাঁদ-সদাগরের পুত্র-বিবাহের চেষ্টা।

সোণকাতে (১) জিজ্ঞাসা করিল সদাগর।
বিবাহ নি (২) করিয়াছে পুত্র লক্ষীন্দর॥ (৩)
সোণকাএ বোলে পুত্র বিবাহ নাহি করে।
কেমতে হইব বিহা তুমি নাই ঘরে॥
সদাগরে বোলে শুভে গো পোহাক রজনী।
কালিকা করিব পুত্র-বধূর কারণী॥
সূর্য্যের উদয় হৈল হইল বেহান।
বাহির মণ্ডপে সাধু করিলেক দেয়ান (৪)॥
কোতোয়ালে নগরে নগরে করে সাত।
সকল চারাহ্না আইল চম্পকের নাথ॥
চরিব বিবাদ হৈল শুনিঞা কত লোক।
সর্ব্বজন চলি আইল দেখিতে কৌতুক॥
শ্রীধর পণ্ডিত আইল সুবুদ্ধি মনোহর।
দলে বলে চতুরঙ্গে মিলিল সকল॥

(১) সনকারে। (২) কি না।

(৩) চাঁদ সদাগর বানিজ্যের পথ হইতে গৃহে ফিরিয়া আসিয়া স্ত্রী সনকাকে লক্ষীন্দরের (পুত্রের) বিবাহ হইয়াছে কিনা জিজ্ঞাসা করিতেছেন।

(৪) দেয়ান = দরবার = সভা।

মেঘডম্বুর ছত্র (১) ধরিলেক তুলি।
দুই পাশে শ্বেত চামরে ঢুলাঢুলি॥
পণ্ডিতেরে নমস্কার করিলেক নৃপতি।
চিরজীবী করি দ্বিজে করিলেক স্থিতি॥
হস্ত যোড় করিয়া কহত সদাগর।
শুন শুন পুরোহিত পণ্ডিত শ্রীধর॥

পুরোহিত শ্রীধরের প্রস্তাব।

ধন জন হারাইলু পাইলু বড় দুঃখ।
সকল পাসরি মুঞি দেখিয়া পুত্র মুখ॥
যৌবন পূর্ণিত পুত্র বিবাহ নাঞি করে।
সোণকার দোষ নাই আমি নাঞি ঘরে॥
এই হেতু জিজ্ঞাসা করিএ তোমা ঠাঁঞি।
লক্ষীন্দরের যোগ্য কন্যা কথা গেলে পাই॥
শ্রীধর পণ্ডিতে তবে দিলেক উত্তর।
শুন কহি কন্যা আছে যার যার ঘর॥
ভট্টাচার্য্য কহে তবে জানিয়া বিশেষ।
সকবাক্য আমি যে ভ্রমিল নানা দেশ॥
মাণিকা পাটনে আছে সাধু ধন দত্ত।
অষ্ট বৎসরের কন্যা তাহার ঘরেত॥
সদাগরে বোলে মোর তার দাএ নাই। (২)
আর কার কন্যা আছে কহ মোর ঠাঁঞি॥
কনক পাটনে আছে সাধু হরেশ্বর।
দশবৎসরের কন্যা আছে তার ঘর॥
সদাগরে বোলে মোর তার দাএ নাই।
আর কার কন্যা আছে কহ মোর ঠাঁঞি॥
সাহ নামে বেণে আছে নগরে উজানী।
যার ঘরে দ্বাদশ বৎসরের কন্যা খানি॥
সুন্দর শ্যামল (৩) বর্ণ সুরুচি যে কাম।
ভুবনে নাহিক হেন গুণ অনুপাম॥

(১) মেঘডুম্বর একরূপ উৎকৃষ্ট বস্ত্র বিশেষ, তাহার নির্ম্মিত ছত্র। আমরা কবি কঙ্কণ চণ্ডীতে লহনাকে স্বামীর প্রত্যাগমন উপলক্ষে নানাবিধ বেশ শজ্জার মধ্যে "মেঘডুম্বর" শাড়ী পরিধান করিতে দেখিতে পাই।

(২) সে কন্যা দিয়া কায নাই।

(৩) গৌর।

সর্ব্বগুণে বিশারদ সেই কন্যা খানি।
জানিঞা আদেশ কর পাঠাও কোরণী (১)॥
যশাই দৈবজ্ঞে যদি কহিল উত্তর।
কহিতে লাগিল তবে চাঁদ সদাগর॥
রাজাএ রাজাএ কর্ম্ম করিবারে চাই।
সাহের কুমারী বিহা করিব লখাই॥
কেমতে যে কন্যা গিয়া চাহিয় (২) আপনে
তবেসে (৩) করিব বিহা আমার নন্দনে॥
ব্রাহ্মণ দৈবজ্ঞ ভাট নট যে বা ছিল।
* * * * ॥
বামাই সেবক বলি কহিল হাকার। (৪)
সঙ্গে করি লও সৈন্য পঞ্চাশ হাজার॥

কন্যাদর্শনে যাত্রা।

সঙ্কবিয়া (৫) পঞ্চ মাণিক্য লৈল তুলি।
হস্তী ঘোড়া সৈন্য সেনা চতুরঙ্গ বলী॥
রাজার আদেশ বামাই মাথে করি লৈল।
বাজার ভিতরে সব সৈন্য সাজাইল॥
দৈবজ্ঞ গণিয়া দিল শুভ ক্ষণ করি।
বিজয় মঙ্গল ঘট বসায় সারি সারি॥
ঘটের উপরে আনি দিল আম্র ডাল।
সুবাসিত জল ভরিয়া দিল পুষ্পমাল॥
রজত কাঞ্চন আর আনেন দক্ষিণে।
হাতে দক্ষা দাম্ভ দেন পত্র এ ব্রাহ্মণে॥
ঘৃতের প্রদীপ হাতে লয়ে নারীগণ।
মঙ্গল করয়ে সবে জোকার (৬) গগন॥
সর্ব্ব সৈন্য লইয়া সাধু করিল পয়ান (৭)।
দাসুকীর ঠাট (৮) সব হইল আগুয়ান॥
তেলেঙ্গার ঠাট (৯) লড়ে (১০) বত্রিশ হাজার।
নট নর্ত্তকী চলে নাহি ওর পার (১১)॥

---

(১) করণী = ঘটকী (২) ভাল করিয়া দেখিব।
(৩) তাহা হইলে। (৪) হুঙ্কারের অপভ্রংশ।
(৫) বাণিজ্যে প্রাপ্ত। (৬) জয়কার, হুলুধ্বনি।
(৭) প্রস্থান। (৮) সৈন্য। (৯) তৈলঙ্গীয় সৈন্য।
(১০) যাত্রা করে। (১১) ওর পার = সীমা-সংখ্যা।

বেয়াল্লিশ বাদ্য বাজে কাংস্য করতাল।
পঞ্চস্বরী বাদ্য বাজে ঢাককে বিশাল॥
গজ কান্ধে সোয়ার চলিল লক্ষ্মীন্ধর।
কনক চৌদলে (১) চড়ি চলে সদাগর॥
কহে কবি ষষ্ঠীবর মনসার বর।
বেলাবেলি এড়াইল চম্পক নগর॥
নদ নদী এড়াইল পর্ব্বত কানন।
খাল বিল এড়াইল পর্ব্বত বিস্তর॥
তিন রাত্রি পরবাস পথেত করিঞা।
বেহার-পাটনে চাঁদ মিলিলেক গিয়া॥
দশ দণ্ড বেলা আছে হৈতে অবশেষ।
হেন কালে কৈল চাঁদ নগরে প্রবেশ॥
দেখিল উজানী লোক বয়ান (২) আনন্দ।
সুবর্ণের ঘর দ্বার সুবর্ণ নিবন্ধ (৩)॥
সুবর্ণের চিত্র ঘর সুবর্ণের চাল।
চতুর্দ্দিকে শোভা করে মণি মুক্তা মাল॥
ঘরের উপরে শোভে সোণার কলসী।
নেতের পতাকা উড়ে গগন পরশী॥
সুন্দর রমণী সব দেখি নানা বেশ।
স্থানে স্থানে ক্রীড়া করে সুন্দর পুরুষ॥
ব্রাহ্মণে পঠএ বেদ ক্ষেত্রী অস্ত্র ধরে।
বিদ্যাধরী নাচয়ে গন্ধর্ব্বে নৃত্য করে॥
দেখি হরষিত হৈল সদাগর মনে।
ধন্য ধন্য করি চন্দ্র তখন বাখানে (৪)॥

লক্ষ্মীন্ধরের বিবাহ যাত্রা।

চোরের নগর এড়িয় সদাগর।
কাজির নগরে গিয়া মিলিল সত্বর॥
প্রথম চলিল কাজি মীর বহরবাণি।
গাএ আঙ্গি মাথে টুপি কুল হিন্দুলানি॥

কাজির নগর

(১) স্বর্ণ চতুর্দ্দোলে। (২) বদন।
(৩) বাধা, নির্ম্মিত। (৪) প্রশংসা করে।

দোলাএ চড়ি কাজি খসাইল মজা।
সেই দিন যুমা বার (১) পেগম্বরি রোজা॥
ভণে গুণরাজ খাঁনে (২) কাজির বড়াই (৩)।
হিন্দুয়ান খণ্ডাইয়া খাওয়াইব গাই॥

আইল ছষণ কাজি গুয়ার অন্তর (৪)।
হরষিত হৈল তাহা দেখি লক্ষীন্ধর॥
চাঁদে বোলে শুন অএ লেভাই নফর।
তাম্বুল আনিয়া দেয় ছষণ-গোচর॥
সাধুর বচন লেভা না করিল আন।
পাণ গুয়া আনি দিল কাজি বিদ্যমান॥
হরিষ হরিষ কাজি গুয়া পাণ দেখি।
গুয়ার লাগি না চাহি দেশের মাঝ রাখি॥

এতেক বলিয়া কাজি করিল বিদায়।
বিজয়া নগরে দিয়া সদাগর যাএ॥
ধানুকী ছিপাহি (৫) সব (৬) আগুসারে ধাএ।
পরদল (৭) আইসে দেখি রাজা পলাএ॥
কি হৈল কি হৈল করি বোলে সর্ব্ব নর।
কোথা হৈতে পরদল আইল বহুতর॥
স্বদেশী বিদেশী পলাএ আর তীর্থবাসী।
নিকারী ভিখারী পলাএ আর যে সন্ন্যাসী॥
ব্রাহ্মণ শিষ্যগণ পলাএ পুথির পাটা (৮) মাথে।
ক্ষেত্রী বৈশ্য শূদ্র পলাএ চারি ভিতে॥
কান্দে ভাব করি পলাএ তেলী গোয়াল।
চণ্ডাল কৈবর্ত্ত পলাএ এড়ি (৯) নৌকা জাল॥

বিজয়ানগরে গমন।

---

(১) ঈশ্বরের দিন।
(২) কোন কোন স্থনে "গুণানন্দ খাঁ" এইরূপ পাঠান্তর দৃষ্ট হয়।
(৩) গর্ব্ব।
(৪) মন। গুয়ার (পাণের) কথা মনে করিয়া।
(৫) সিপাহী। (৬) সব।
(৭) শত্রু আসিয়াছে মনে করিয়া রাজ্যের লোক পলাইতে লাগিল।
(৮) কাষ্ঠাবরণ। (৯) ত্যাগ করিয়া।

চুওয়াল (১) সকল পলাএ করি লড়া লড়ি (২)।
বৃদ্ধ সকল পলাএ হাতে লৈয়া লড়ি ॥
প্রাণ ভয়ে বুড়া সব ধাইয়া লড়ে (৩)।
উচ্চ নীচ ভূমিতে পাছাড় খাইয়া পড়ে ॥
ত্রাস পাইয়া উঠিয়া দিবারে চাহে লড়।
উপুড় হইয়া পড়িয়া আঁঠুর (৪) গেল ছড় (৫) ॥
নবীন যুবতী ধাএ ত্রাস পাইয়া মনে।
বেত্তাগ কাটায় (৬) লাগ পাইয়া আছড়িল ভূমে ॥
কি বলিব সাহে বাজা শুনিয়া বচন।
নটেরে বোলহ বাজাউক মঙ্গল বাজন ॥
সদাগরের বচন শুনিয়া কুতূহল।
নানা মত বাদ্য বাজে বিবিধ মঙ্গল ॥
বহ বহ বলিয়া ঢোলেত মারে বাড়ি।
ঢাক মৃদঙ্গ শানাই পঞ্চ শব্দ জুড়ি ॥
কেহ ধাএ কেহ বহে নাগরী সকল।
যুক্তি ভাবি আইলেক সুবুদ্ধি মণ্ডল ॥
মণ্ডলে বোলে স্থির হও না হও বিকল।
বৃথা কারে লড় পাড় সকল কুশল ॥
চম্পক নগরে ঘর চান্দ সদাগর।
তান পুত্র লক্ষীন্দর পরম সুন্দর ॥
বিবাহ করিতে যাএ সাহের কুমারী।
যার যেই ঘরে বহ মন স্থির করি ॥
রহিল মণ্ডলের বাক্যে পাইয়া প্রবোধ।
দেখিয়া সকল সৈন্য মণ্ডল হৈল ক্রোধ ॥
আশু বাড়ী চল যাই বাখিতে বেকব।
বহ বহ বলিয়া বাখিল লক্ষীন্দর ॥
অশ্ব পৃষ্ঠে থাকি বসিল সদাগর।
দুই চক্ষু পাকাইয়া বোলে ধর ধর ॥
পাত্র মিত্র কোতোয়ালে দিল দোড়া এড়ি।
মার মার করিয়া তোলে চাবুকের (৭) বাড়ী ॥

---

(১) যাহারা মদ চুয়ায় = শুঁড়ী। (২) দৌড় দিয়া।
(৩) ধাবমান হইয়া দৌড় দেয়। (৪) হাঁটুর।
(৫) ছিঁড়িয়া যাওয়া। (৬) বেত কাঁটায়। (৭) চাবুকের

মণ্ডলে বোলে তোর ভাব্ কি এ নড়ে রাই।
দেশের মান্য রাখিয়া বেকইর গুয়া চাই॥
বিনি গুয়া না দিলে যাইতে না পারিবা।
গুই ছাএ না দিলেই যে অপমান পাইবা॥

যাত্রাকালে কুলক্ষণ।

সোণকাবে বিদায় দিয়া চলিল তৎকাল।
ঘর হতে বাহিরিতে মাথে লাগে চাল॥
বসন পরিতে চাঁদ আঁঠুতে ঠেকে কোচা।
আচম্বিত চোখে লাগে আম্বুলেব খোঁচা॥
শঙ্কর পুজি চলে সাধু ললাটেত ফোটা।
নগরের মধ্যে দেখে হস্ত পদ কাটা॥
আলুদল (১) চুলি দেখে বিকৃতি শরীরে।
কান্দয়ে বার্দ্ধক (২) ভিক্ষা মাঁগি ঘরে ঘরে॥
মুক্তকেশী দিগম্বরী মাঁগএ যোগিনী।
আকাশে ভ্রমন্ত দেখে সাচান (৩) গৃধিনী॥
তাহা না গণিয়া চাঁদ চলিল সকাল।
বাম হতে দক্ষিণ দিগে যাওন্তি শৃগাল॥
যত যত বাধা পড়ে তাহা নাহি গণে।
নৌকার নিকটে গেল প্রসন্ন বদনে॥
নাসিকার স্বর বুঝি (৪) নাএ তোলে পাও। (৫)
ত্বরমাণে মেলি দিল চৌদ্দখান নাও॥
এক দুই তিন চারি মাস পঞ্চ ছয়।
মিলিলেক সদাগর নদী কালিদয়॥
কালিদহের তীরে চাঁদ ছয় মাসে যায়।
তবেত বাহন্ত নৌকা উত্তরের বাএ (৬)॥

(১) আউদর বা আলুদল = এলায়িত। (২) বৃদ্ধ।
(৩) বাজ পাখী। (৪) বুঝিয়া।
(৫) নাকের শ্বাস কোন দিকে বেশী বহিতেছে তাহা পরীক্ষা করিয়া সেই দিকের পদ অগ্রে নৌকায় তুলিয়া দিল।
(৬) বাতাসে।

গঙ্গাদাস সেন—খৃঃ ১৬শ শতাব্দীর শেষার্দ্ধ।

পদ্মার বেশ-পরিধান।

পদ্মা আনি সখীগণ বেশ করে সুশোভন
শিবের নন্দিনী অভিরামা।
কপালে তিলক শোভা ময়ূর-পুচ্ছের আভা
যেন দেখি পূর্ণ চন্দ্রিমা॥
কর্ণেতে কুণ্ডল-মণি অরুণ-বরণ জিনি
গণ্ডকোণে করে বিরাজিত।
চিকুর বান্ধিয়া ভালে বেড়িয়া বকুল-মালে
যেন তারা মেঘেত বেষ্টিত॥
কপালে সিন্দুর-শোভা অরুণ-কিরণ আভা
নাসামূলে বেসর-মণ্ডন।
বক-হংস জিনি গলা দুলিছে চম্পক-মালা
কোন্ বিধি করিল ঘটন॥
রূপ দেখি ব্রহ্মাণি কুরঙ্গ-নয়ন জিনি
অঞ্জনে রঞ্জিত তিন আঁখি।
চরণে নূপুর বাজে কটিতে কিঙ্কিণী সাজে
রূপ দেখি না পিছলে (১) আঁখি॥
কনক চম্পকপাঁতি অপূর্ব্ব অঙ্গের ভাতি
হেম জিনি মুক্তাহার সাজে।
বহু অলঙ্কার অঙ্গে কে চেন পতঙ্গ অঙ্গে
হেমাঙ্গুরী অঙ্গুলি বিরাজে॥
ভুরুর ভঙ্গিমা দেখি কামের কামান লুকি (২)
মদনে ত্যজিল ধনুর্ব্বাণ।
গজেন্দ্র-গমনে জিনি চলিতে কিঙ্কিণীধ্বনি
মুনিগণে ছাড়িল ধেয়ান॥
বিচিত্র গৌরিন শাড়ী অঙ্গ দেখী বিবহরি
সাজাইয়া নিল সখীগণ।

---

(১) ফিরে।
(২) কামের কামান আত্ম-গোপন করে।

রাজকৃষ্ণ দ্বিজে (১) কয় নারীগণে জয় জয়
গঙ্গাদাস সেনে সুরচন॥

কেতকাদাস ক্ষেমানন্দ।

কেতকাদাস ক্ষেমানন্দ অনুমান ১৬৫০ খৃষ্টাব্দে মনসামঙ্গল রচনা করেন। ইনি কায়স্থ-বংশোদ্ভব ছিলেন। কেতকাদাস উপাধি, ক্ষেমানন্দই প্রকৃত নাম। ইঁহার বিশেষ বিবরণ বঙ্গভাষা ও সাহিত্যের (তৃতীয় সংস্করণ) ৪৭০ পৃষ্ঠায় দ্রষ্টব্য। বঙ্গদেশে এই মনসার ভাসান বটতলার কৃপায় এবং অসামান্য কবিত্বগুণে সর্ব্বত্র প্রচারিত।

লক্ষ্মীন্দরের বিবাহ।

যতেক বরযাত্রীগণ (২) হরিষ অন্তর।
নিশিযোগে পাইল গিয়ে নিছনি নগর॥
মধুর মাদল বাজে কাড়া পড়া মানি।
কাঁসর সুন্দর বাজে হরি হরি ধ্বনি॥
দণ্ডী মুহুরি বাজে রসাল মৃদঙ্গ।
ঝাঁঝরি ডিণ্ডিম বাজে পিনাক সুরঙ্গ॥
কন্যাতী বরযাত্রী পথে হৈল হুড়াহুড়ি।
কন্দল করিয়া পথে নিভাইল দেউটী॥ (৩)
অমলা (৪) ফেলাইয়া দিল এ গুড় চাউলি (৫)।
জামাতা দেখিয়া সায় বাণ্যা উভরোলি॥ (৬)
যতেক বণিকের নারী বএস (৭) কিশোরী।
দেখিয়া সন্তোষ বড় অমলা সুন্দরী॥

---

(১) সম্ভবতঃ ইনি গঙ্গাদাসের রচনার মধ্যে নিজের নামটি যোজনা করিয়া গৌরবান্বিত হইতে চাহিয়াছেন। বিদ্যাপতির পদ লইয়া গোবিন্দদাস যে ভাবে নিজের নামের ভণিতা দিয়াছেন, তাহাতে গোবিন্দদাসের কৌশল ও কবিত্বের পরিচয় আছে। কিন্তু অনেক সময় পুঁথি-নকলকারগণ ও কবির ভণিতার সঙ্গে এই ভাবে নিজের নাম যুড়িয়া দিয়া কৃতার্থ হইয়াছেন। এখানে তাহাই হইয়াছে বলিয়া মনে হয়।

(২) বরযাত্রিগণ।

(৩) দেউটী=দীপ। বরপক্ষ ও কন্যাপক্ষীয় লোকগণের কৃত্রিম কলহ ও দীপ-নির্ব্বাণ-প্রথা এখনও অনেক সমাজে প্রচলিত আছে।

(৪) বেহুলার মাতা। কোন কোন মনসামঙ্গল কাব্যে ইঁহার নাম 'সুমিত্রা' ও কোন কোন কাব্যে ইনি 'কমলা' নামে অভিহিত।

(৫) লাজ ও পুষ্প-বর্ষণের ন্যায় বোধ করি গুড় ও চাউল বর্ষণের রীতি ছিল। (৬) জামাতা দেখিয়া সায় বেণে (বেহুলার পিতা) উপস্থিত হইলেন। (৭) বয়স।

সুনালা সুভদ্রা নীলা বাণের তনয়া।
চিত্রাবতী কৌশল্যা আইল বিজয়া ॥
রুক্মিণী রোহিণী রতি সতী সত্যভামা।
পার্ব্বতী তুলসী নারী আর তিলোত্তমা ॥
তারা হীরা আইল আর যশোদা যমুনা।
হীরা নীলা হরিপ্রিয়া সকরুণা মদনা ॥
আইল ইন্দ্রাণী নারী শচী রূপকলা।
প্রসন্ন বদন সভে সোহাগ কমলা ॥
দৈবকী দ্রৌপদী কুন্তী আইল রমণী।
সীতা গঙ্গা সুলোচনা ভবত জননী ॥
যতেক রমণী সঙ্গে চপল গমন।
এক চক্ষে কোন জন দিয়েছে অঞ্জন ॥
অপর অঞ্জন দিয়ে ত্বরা করি সাজে।
এক পদে পাসলি কেহ তাড় অঙ্গ ভুজে ॥
• • কেহ নাক্রি হার গলে।
এক কর্ণে কর্ণপূর বিপরীত দোলে ॥ (১)
নগরে নাগরী যত আইল ত্বরাত্বরি।
বেহুলার রূপ (২) তারা সভে মেলি করি ॥
হরিদ্রা বাটিয়া দিল বেহুলার গায়।
নারায়ণ তৈল দিল তাহার সিঁথায় ॥
সোণার চিরণী দিয়া আঁচড়িলা কেশ।
বিবিধ বিধানে তার সভে করে বেশ ॥
কুন্তল বান্ধিল তার মুকুতার ডোরে।
নবীন জলধর যেন জিনি শশধরে ॥
লক্ষ্মীরূপা বেহুলা লক্ষণ আছে ভাল।
পূর্ণিমার চন্দ্র যেন মুখ কৈল আলো ॥
নানা আভরণ পরে যেখানে যে সাজে।
রতন পাসলি দিল চরণ-পঙ্কজে ॥
শুভক্ষণে দুই জনে গন্ধ অধিবাস।
ক্ষেমানন্দ বলে দেবি রিপু কর নাশ ॥

বেহুলার বেশ ও সজ্জা।

---

(১) কৃষ্ণের বাঁশী শুনিলে গোপীগণের এই ভাব হইত, বৈষ্ণব পদে এরূপ অনেক স্থানে বর্ণনা আছে। ভাগবতে এই ভাবের কবিতার প্রথম সূচনা দ্রষ্টব্য। (২) বেশ।

কোলাকুলি আলিঙ্গন বেহাই বেহাই।
চাপিল পাটের দোলা (১) বেহুলা লখাই ॥
বেহুলা লাগিয়া কান্দে অমলা বাণ্যানী।
ছয় ভাএর কোলে (২) তুমি দুলাল বহিনী (৩) ॥
নিকটে তোমার তরে না মিলিল বর।
কেমনে পাঠাব ঝিএ দেশ দেশান্তর ॥
সঙ্গের খেলুয়া সব বেড়িছে কান্দিয়া।
কোথাকারে যাহ আমা সভারে এড়িয়া ॥
কোন্ দেশে যাহগো আসিবে কত দিনে।
কেমনে রহিব মোরা তোমার বিহনে ॥
বেহুলা নাচনী (৪) প্রবোধিয়া সভাকারে।
শুভক্ষণে যায় রামা দোলার উপরে ॥
বর কন্যা যাইতে বাজে বায়ান্ন বাজনা।
দেখিতে ধাইল যত নগরের অঙ্গনা ॥
পুত্রবধূ লৈয়া সাধু নিজ দেশে যায়।
হংসরূপে বিষহরী দেখিবারে পায় ॥
মনসার ভয় সাধু মনে মনে গুণি।
ইথে দুঃখ দেই পাছে চেঙ্গ মুড়ি (৫) কাণী ॥
মুখে হলা হলা (৬) সাধু হৃদয়েতে দুঃখ।
প্রভাতে উঠিএ কালি কুড়াব যৌতুক ॥
পুত্রবধূ সদাগর না লইল ঘরে।
সেই রূপে শোয়াইল লোহার বাসরে ॥

বেহুলা লক্ষ্মীন্দরের লোহার বাসর।

---

(১) যে দোলা পট্টবস্ত্রের আবরণে ঘেরা।

(২) কোলে=কনিষ্ঠ। (৩) ভগিনী।

(৪) বেহুলা নর্ত্তকী-শ্রেষ্ঠা ছিলেন, এবং নৃত্য-প্রভাবেই তিনি দেব-সভায় সফলতা লাভ করিয়াছিলেন। বাল্যকালে বেহুলা যখন নাচিতেন, তখন "তার নৃত্য দেখি অমলা মোহ যায়" প্রভৃতি বর্ণনা আমরা এই কাব্যের পূর্ব্বাধ্যায়ে পড়িয়াছি।

(৫) চেঙ্গ=চিংড়ী মৎস্য। চেঙ্গমুড়ি=চিংড়ী মৎস্যের মস্তকের ন্যায় মস্তক যাহার। চাঁদ সদাগর মনসাদেবীকে এই প্রকার কটূক্তি করিতেন।

(৬) হলহলা শব্দ=কলরব।

কালীনাগ লক্ষ্মীন্দরকে দংশন করিয়াছে। বেহুলা স্বামীর মৃত দেহের পার্শ্বে কাঁদিতেছেন। এই অবস্থায় বেহুলার শাশুড়ী সোণকার বাসর-গৃহে প্রবেশ ও বেহুলাকে গালাগালি।

প্রাণনাথ কোলে কান্দে বেহুলা নাচনী।
ঘরে হৈতে শোনে তাহা সোণকা বাণ্যানী॥
ক্রন্দন শুনিঞা তার শুকাইল হিয়া।
পুত্রবধূ দেখিবারে চলিল ধাইয়া॥
বেহুলা নাচনী কান্দে বড় উচ্চৈঃস্বরে।
দুর্লভ লখাই মৈল খট্টার উপরে॥
দেখিয়া বিদরে প্রাণ চক্ষে পড়ে পানী।
মরা পুত্র কোলে কর্যা কান্দেন বাণ্যানী॥
পুত্রশোক দিতে বেহুলা এতদিন ছিল।
দুর্লভ লখাই মোর না জানি কি কৈল॥
ও পুতির (১) পুত্র মোর বাছা লক্ষীন্দর।
তোমা লাগি গড়াইল লোহার বাসর॥
কার শাপ হৈল মোরে কেবা দিল গালি।
বংশে কেহ না রহিল দিতে জলাঞ্জলি॥
সোণকা কান্দিয়া দেয় বেহুলারে গালি।
সিঁথার সিন্দুরে তোর না পড়িল কালী॥
পরিধান বস্ত্রে তোর না পড়িল মলি।
পাএর আলতায় তোর না পড়িল ধূলি॥
খণ্ড কপালিনী বেহুলা চিরনীঞা রাণ্ডী।
বিভা দিনে মৈল পতি না পোহাইল রাতি॥

মৃত পতি লইয়া বেহুলার কলার মান্দাসে যাত্রা।

সোণকার বিবেদ।

কলার মান্দাস ভাসে গাঙ্গুড়্যার (২) জলে।
বেহুলা ভাসিতে যায় প্রভু লয়্যা কোলে॥
সোণকা কান্দিয়ে বোলে আলো অভাগিনী।
এ তিন ভুবনে হেন কোথাহ না শুনি॥

(১) পুত্রহীনার। (২) গাঙ্গুড় নদীর।

শিশু যুবা অবলা যাহার পতি মরে।
বিধবা হইয়া সে থাকয়ে নিজ ঘরে॥
কিসের কারণে তুমি জলে ভাসে যাবে।
প্রতীত কাহার মনে কান্ত জীয়াইবে॥ (১)
বেহুলা বিনয়ে বলে শাশুড়ীর তরে (২)।
মরা পুত্র জীয়ন্ত পাইবে তুমি ঘরে॥
কড়ার তৈলেতে রামা প্রদীপ জ্বালিয়া।
শাশুড়ীর তরে যান বিশেষ বলিয়া॥
কড়ার তৈলেতে দীপ ছয় মাস জ্বলিবে।
তবে সে জানিবে মোর লক্ষীন্দর জীবে॥
সিজান (৩) ধান্যেতে যদি অঙ্কুর নিঃসরে।
মরা পুত্র জীয়ন্ত পাইবে তুমি ঘরে॥
প্রভুর অন্ন ব্যঞ্জন পূরিয়া হেম থালে।
পুতিয়ে রাখিল লৈয়া দাড়িম্বের তলে॥
বেহুলা ভাসিল জলে কলার মান্দাসে।
মনসা আইলা তথা শ্বেত কাক বেশে॥

শ্বেত কাকের দৌত্য।

শ্বেত কাক ঘন ডাকে বিপরীত বাণী।
তাহাবে আরতি (৪) করে বেহুলা নাচনী॥
বসিয়া চাঁপার ডালে শুন শ্বেত কাক।
লোহার বাসরে হৈল আমার বিপাক॥
মনসা সহিত বাদ করে সদাগর।
কাল সাপে খাইল মোর কান্ত লক্ষীন্দর॥
তখনি মরিল পতি কালিনীর বিষে।
জলেতে ভাসিয়া যাই জীবন উদ্দেশ্যে॥
প্রাণনাথ কোলে লৈয়া জলে ভাসা যাই।
এক নিবেদন আমি কহি তব ঠাঞি॥
জলেতে ভাসিয়া যাই তাহে নাহি তাপ।
অতি দেশ দেশান্তর আমার মা বাপ॥
এমত ব্যথিত এথা নাহি যে আমার।
আমার বাপের বাড়ী কহে সমাচার॥
শ্বেত কাক বলে আমি যাইতে পারিব।
সেখানে মনুষ্য-ভাষা কেমতে কহিব॥

(১) তুমি স্বামীকে পুনর্জীবিত করিবে, ইহা কোন ব্যক্তির বিশ্বাস হইবে? (২) নিকটে। (৩) সিদ্ধ। (৪) প্রার্থনা।

বেহুলাকে ফিরাইয়া লইয়া যাইবার জন্য তাঁহার ভ্রাতৃগণের চেষ্টা ও বেহুলার উত্তর।

সোদর দেখিয়া কান্দে বেহুলা সুন্দরী।
সুবল সুন্দর ভাই শুন প্রাণ হরি ॥ (১)
লোহার বাসর ঘরে হইল বিপরীত।
কালসাপে মোর পতি খাইল আচম্বিত ॥
প্রাণনাথ লয়্যা কোলে জলে ভাস্যা যাই।
কহিয় আমার মায়ে আর দেখা নাই ॥
বিভা দিনে মৈল পতি যত অকুশল।
মনেতে মনসা মাত্র ভরসা কেবল ॥
সায় সদাগর পিতা কহিয় তাহারে।
বেহুলার পতি মৈল লোহার বাসরে ॥
জলে ভাস্যা যাই আমি জীয়াবার আশে।
বান্ধিত শুনিঞা কান্দে রিপুগণ হাসে ॥ (২)
সুবল সুন্দর বলে শুনগো বহিনী।
মড়াটা লইয়া কোলে জলে ভাস কেনি (৩) ॥
ছাড়িয়া আইস ঘরে ফিরাহ মান্দাস।
মাতা পিতা নাহি জীব (৪) শুনিঞা হুতাশ ॥
ঘরের প্রধান তুমি সভাকার ভাল।
কুলে দিব্যাধিক (৫) দেখ্যা তোমা বিভা দিল ॥
বিভা দিনে পতি মৈল তোমার কপালে।
স্বামীর সৌভাগ্য নাহি হৈল চিরকালে ॥
তিন ভাই কান্দি মোরা দণ্ডাইয়া কূলে।
তুমি কেন জলে ভাস মড়া লৈয়া কোলে ॥
শুনিঞা অমলা মাতা মরিব এখনি।
ফিরা্যা আইস ঘরে যাই বেহুলা নাচনী ॥
বেহুলা বলেন আমি হইলাঙ রাড়্যা রাণ্ডী (৬)।
কত আর খেলাইব নিরামিষ হাণ্ডী ॥

(১) সুবল, সুন্দর ও হরি — তিন ভ্রাতার নাম।

(২) যাহারা দুঃখের দুঃখী (বান্ধিত) তাহারা শুনিয়া কাঁদিল, আর শত্রুগণ (রিপুগণ) শুনিয়া হাসিল।

(৩) কেন।

(৪) নাহি জীব = বাঁচিবে না।

(৫) শ্রেষ্ঠ।

(৬) বাল বিধবা।

মা বাপের বাড়ীতে আমার নাহি সাজে।
সকল ভাউজের (১) সঙ্গে মোর দ্বন্দ্ব বাজে॥
সহিতে না পারি আমি ভয়ঙ্কর বাণী।
কূলে দাণ্ডাইয়া ভাই আর কাঁদ কেনি॥
তিন ভাই বলে দিদি (২) তোর অল্প জ্ঞান।
সর্পাঘাতে মৈলে কেবা পায় প্রাণ দান॥
শিশুমতি ভগিনিগো বুঝ বিপরীত।
তোর পতি প্রাণ দান পায় কদাচিত॥
নগরের যত লোক অশেষ বুঝায়।
মড়াটা লইয়া কোলে কোথা ভাস্যা যায়॥
তুমি শিশু সীমন্তিনী নহলী (৩) যৌবনী।
কেমতে যাইবা ভাস্যা বেহুলা নাচনী॥
জলে জলজন্তু আছে হাঙ্গর কুম্ভীর।
দেখিয়া তোমার মন হইব অস্থির॥
অরণ্য অতুল বনে চরে সিংহ বাঘ।
প্রবল মহিষ গণ্ডা চরে লাখে লাখ॥
অবলা অকুলী তুমি বড় অভাজন।
দেখিয়া তোমার রূপ মোহে মুনিগণ॥
যে জন বাখিত হয় প্রবোধিয়া কয়।
কেমনে ভাসিয়া যাবে মনে নাহি ভয়॥
বেহুলার মন তাহে প্রবোধ না মানে।
নিমিথ মিলায় তার প্রভুর বদনে॥ (৪)
চাঁদ বাণ্যা নাহি কান্দে পেয়ে পুত্রশোক।
দাণ্ডাই লাগিয়া কান্দে নগরের লোক॥
কূলে দাণ্ডাইয়া কান্দে বেহুলার ভাই।
বাহুড় বাহুড় (৫) দিদি চল ঘরে যাই॥

(১) ভাজের = ভ্রাতৃ-বধূগণের।

(২) ছোট বোনকে আদর করিয়া 'দিদি' সম্বোধন করা হইয়াছে।

(৩) নহলী = নবীন।

(৪) নিমিথ = নিমিষ = পলক, অর্থাৎ অপরের সহিত কথোপকথন হইলেও বিপুলা লখীন্দরের মুখেই দৃষ্টি রাখেন।

(৫) ফিরিয়া এস, ফিরিয়া এস।

বেহুলা বলিল দাদা না কান্দিহ আর।
চাঁপাতলায় পুত্যা রাখ মেলানির (১) ভার ॥
প্রভু জীয়াইতে পারি তবে সে আসিব।
খাইয়া মেলানি ভার মায়েরে দেখিব ॥
অকারণে কান্দ ভাই দাণ্ডাইয়া কূলে।
পাইবে আমার দেখা প্রাণনাথ জীলে (২) ॥
এত বলি বেহুলা জলেতে ভাস্যা যায়।
দুকূলের যত লোক অশেষ বুঝায় ॥
বনী (৩) নিতে আস্যা ছিল নানা উপহার।
চাঁপাতলায় পুত্যা রাখে মেলানির ভার ॥

তিন ভ্রাতার গৃহে প্রত্যাবর্ত্তন।

হায় হায় করে যত নগরের লোক।
তিন ভাই ঘরে গেল পায়্যা বড় শোক ॥
বেহুলা দেবীর দাসী জানে নানা সন্ধি।
তিন পরে (৪) তিন নাগ কর্য্যাছিল বন্দী ॥
সাপের সাঁপুড়া হাতে সুবর্ণের জাতি।
বেহুলা ভাসিয়া যায় কোলে প্রাণপতি ॥
বান্ধিয়া কালির পুচ্ছ নেতের আঁচলে। (৫)
কলার মান্দাস ভাসে ঢেউর হিল্লোলে ॥
দেবীর কৃপায় তা'র নাহি কোন সন্দে।
চাঁপাতলা এড়াইয়া গেল কোণ্ডরবন্দে ॥
ক্ষেমানন্দ বলে এত মনসার মায়া।
করগো করুণাময়ী নায়েকেরে (৬) দয়া ॥

মান্দাসে জল পতন।

তিন দিনে বেহুলা ভাসিল রাজপুর।
নবখণ্ড এড়াইয়া গেল বহুদূর ॥
প্রাণহীন পতি যার কোলে লক্ষীন্দর।
ভাসিতে ভাসিতে পাইল বাঁকা দামোদর ॥
বুকাটী গোবিন্দপুর বর্দ্ধমান ডাস্তা।
আল্যা গাঙ্গপুরে বেহুলা উত্তরিলা আস্তা ॥

---

(১) তত্ত্বের দ্রব্যাদির। (২) জীবন পাইলে।
(৩) ভগিনী। (৪) প্রহরে।
(৫) বেহুলা কালিনাগের খানিকটা লেজ কাটিয়া বস্ত্রাঞ্চলে বন্ধন করিয়া রাখিয়াছিলেন। (৬) নায়কেরে=গায়কেরে।

বিষহরী বিনোদিনী বিড়ম্বিল তায়।
গাঙ্গপুরে বেহুলার মান্দাস আল্যায় (১) ॥
বাঁশের গঞ্জাল যত সব গেল ছাড়্যা।
খান খান হয়্যা যত ভাসে কলা গাড়্যা (২) ॥
হাঙ্গর কুম্ভীর জোঁক জল-জন্তু যত।
বেহুলার আশে পাশে ভাসে শত শত ॥
ক্ষণে ক্ষণে জলে ডুবে ক্ষণে ভাস্যা উঠে।
লোহার করাত যেন ত্রিশিরার পীঠে ॥
দেখিয়া বেহুলা কান্দে পায়্যা বড় শোক।
ধরিল মড়ার গায় হানে এক জোঁক ॥
